# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় বার্তা

# BANGLADESH AGRICULTURAL UNIVERSITY LETTER

Bangladesh Agricultural University ◆ September 2024 - February 2025






## আন্তর্জাতিক ও খ্যাতিমান শিক্ষাবিদ প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এর ভাইস-চ্যান্সেলর নিযুক্ত

মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন শিক্ষাবিদ পশু পালন বিশেষজ্ঞ প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া-কে ১৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবে আগামী ৪(চার) বছরের জন্য নিয়োগ দান করেছেন । প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট এবং এই বিশ্ববিদ্যালয়ের ২৬তম ভাইস-চ্যান্সেলর। তিনি এই বিশ্ববিদ্যালয়ের পশু পালন অনুষদের পশু প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগে শিক্ষক হিসাবে কর্মরত রয়েছেন।

প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া গাজীপুর জেলার সদর উপজেলার পূবাইলের বড় কয়ের গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তাঁর পিতা বিশিষ্ট সমাজসেবী আলহাজ মোঃ আবদুল গাফ্‌ফার ভূঁইয়া ও মাতা ছোলেমা খাতুন।

শিক্ষা জীবনে কৃতিত্বের অধিকারী প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া ১৯৮১ সনে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের পশু পালন অনুষদ থেকে কৃতিত্বের সাথে বিএসসি এএইচ অনার্সে ফাস্ট ক্লাস ফাস্ট এবং ১৯৮৩ সালে কৃতিত্বের সাথে এমএসসি এইচ ইন এনিম্যাল ব্রিডিং-এ ফাস্ট ক্লাস ফাস্ট ডিগ্রী লাভ করেন। পরবর্তীতে ১৯৮৯ সালে যুক্তরাজ্যের দ্যা ইউনিভার্সিটি অব লন্ডন থেকে সম্মানের সাথে পশু প্রজনন বিষয়ে পিএইচ.ডি ডিগ্রি অর্জন করেন। এছাড়াও তিনি পোস্ট ডক্টরাল ও ভিজিটিং সায়েন্টিস্ট হিসাবে জাপান, জার্মানী ও যুক্তরাষ্ট্রে কৃতিত্বের সাথে গবেষণা কাজ করেছেন। তিনি ২০১৬ এবং ২০১৯ সালে জার্মানীর হোয়েন

হেইম বিশ্ববিদ্যালয়ে এডজাঙ্ক প্রফেসর হিসেবেও সম্মানের সাথে কাজ করেছেন।

প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া ১৯৮৩ সনে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের পশু প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগে লেকচারার হিসেবে যোগদান করেন। পরবর্তীতে ১৯৮৬ সনে সহকারী প্রফেসর, ১৯৯২ সনে সহযোগী প্রফেসর ও ১৯৯৭ সনে প্রফেসর পদে উন্নীত হন।

বর্ণাঢ্য কর্মজীবনের অধিকারী প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া পশু পালন অনুষদের ডিন, পশু প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগের প্রধান, বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের সিলেকশন কমিটির বিশেষজ্ঞ সদস্য ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কাজের পাশাপাশি বিভিন্ন কমিটিতে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন।

এছাড়াও তিনি প্রায় শতাধিক জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ ও কনফারেন্সে যোগদান করে গবেষণালব্ধ প্রবন্ধ উপস্থাপন করেছেন এবং বিভিন্ন টেকনিক্যাল সেশনে চেয়ারপারসনের দায়িত্ব পালন করেছেন। তিনি গবেষণা ও শিক্ষা সংক্রান্ত কাজে পৃথিবীর বহু দেশ ভ্রমণ করেছেন। তাঁর প্রকাশিত বই এর সংখ্যা ৭টি, কীনোট এবং প্রসিডিং পাবলিকেশন্সের সংখ্যা ৬৭টি এবং তাঁর ১৮৬টি গবেষণামূলক প্রবন্ধ জাতীয় ও আন্তর্জাতিক জার্ণালে প্রকাশিত হয়েছে। তিনি বাংলাদেশে রেড চিটাগাং ক্যাটল জাতের উদ্ভাবক এবং বাংলাদেশ রেড চিটাগাং ক্যাটল ব্রিডিং এসোসিয়েশনের সভাপতি।

তিনি ৮ জন পিএইচ.ডি. ছাত্র-ছাত্রীর গবেষণার প্রধান সুপারভাইজার এবং ১২ জন পিএইচ.ডি. ছাত্র-ছাত্রীর গবেষণার কো-সুপারভাইজার হিসাবে নিয়োজিত ছিলেন। এছাড়াও তিনি ৬০ জন এম.এস শিক্ষার্থীর গবেষণা তত্ত্বাবধান করেছেন। তিনি বিভিন্ন দেশী-বিদেশী গবেষণা প্রকল্পের প্রধান গবেষক হিসেবে সফলভাবে দায়িত্ব পালন করেছেন।

একজন নিবেদিতপ্রাণ শিক্ষাবিদ প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির তিন বার নির্বাচিত সদস্য, এছাড়াও তিনি বিশ্ববিদ্যালয় কেন্দ্রিক সংগঠন বিনোদন সংঘ, সাহিত্য সংঘ, পদচিহ্নসহ বিভিন্ন সংগঠনের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। তিনি ইউনিভার্সিটি টিচার্স এসোসিয়েশন অব বাংলাদেশ এর জাতীয় কার্যনির্বাহী কমিটির জ্যেষ্ঠতম সদস্য হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

তিনি হুমবোল্ড এসোসিয়েশন অব বাংলাদেশ, বাংলাদেশ বায়োটেকনোলজিক্যাল সোসাইটি, ব্রিটিশ অ্যালামনাই অ্যাসোসিয়েশনশন অব বাংলাদেশ, বাংলাদেশ এনিম্যাল হাজব্যান্ড্রী এসোসিয়েশন, কমনওয়েলথ অ্যাসোসিয়েশন অব বাংলাদেশসহ বিভিন্ন দেশি-বিদেশি সংগঠনের আজীবন সদস্য হিসাবে বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। এ ছাড়াও তিনি বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক পেশাজীবী এবং সামাজিক সংগঠনের কার্যক্রমের সাথে জড়িত রয়েছেন। প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া ব্যক্তিগত জীবনে বিবাহিত এবং এক কন্যা ও এক পুত্র সন্তানের জনক।

# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নব নিযুক্ত ভাইস-চ্যান্সেলর হিসেবে প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া'র যোগদান



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ২৬তম ভাইস-চ্যান্সেলর হিসেবে যোগদান করেছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের পশু পালন অনুষদের পশুপ্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। এ উপলক্ষ্যে ১৯ সেপ্টেম্বর ২০২৪ বৃহস্পতিবার বিকাল ৫টায় ভাইস-চ্যান্সেলর সচিবালয়ে এ যোগদান অনুষ্ঠিত হয়েছে। নব নিযুক্ত ভাইস-চ্যান্সেলর এর যোগদান অনুষ্ঠানের শুরুতেই বৈষম্য বিরোধী ছাত্র-জনতার আন্দোলনের সকল শহীদদের আত্মার মাগফেরাত এবং চিকিৎসাধীনদের সুস্থতা কামনা করে দোয়া করা হয়। এ সময় শুভেচ্ছা বক্তব্য রাখেন অনুষদীয় ডিনবৃন্দ, ছাত্র বিষয়ক উপদেষ্টা, শিক্ষক সমিতির সভাপতি, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটির কো-অর্ডিনেটর, প্রোক্টর, ট্রেজারার, সিনিয়র শিক্ষকবৃন্দ এবং কর্মকর্তা-কর্মচারি প্রতিনিধিগণ। এছাড়া ছাত্র-ছাত্রীদের পক্ষ থেকে এসময় বক্তব্য রাখেন আতিয়া ও রিজভী। অনুষ্ঠানটি পরিচালনা করেন বাকৃবির ভারপ্রাপ্ত রেজিস্ট্রার কৃষিবিদ ড. মোঃ হেলাল উদ্দীন। নবনিযুক্ত ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভুঁইয়া তাঁর বক্তব্যের শুরুতে মহান আল্লাহর প্রতি শুকরিয়া আদায় করেন এবং বৈষম্য বিরোধী আন্দোলনের সকল শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা ও সমবেদনা এবং আহতদের আরোগ্য কামনা করেন। তিনি বিশ্ববিদ্যালয় পরিচালনায় সকল শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা, কর্মচারী এবং এলাকাবাসীর সহযোগিতা কামনা করেন। সকলের সহযোগিতায় তিনি একটি বৈষম্যহীন বাকৃবি পরিবার এবং শিক্ষা ও গবেষণায় এ বিশ্ববিদ্যালয়কে বিশ্বের অধিকতর মর্যাদাপূর্ণ শিক্ষাঙ্গণ হিসেবে প্রতিষ্ঠিত করার আশাবাদ ব্যক্ত করেন।

# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ১০ জন গবেষক বিশ্বের সেরা ২ শতাংশ বিজ্ঞানীর তালিকায় স্থান পেয়েছেন



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) ১০ জন গবেষক বিশ্বের সেরা ২ শতাংশ বিজ্ঞানীর তালিকায় স্থান পেয়েছেন। সম্প্রতি যুক্তরাষ্ট্রের স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয় ও নেদারল্যান্ডস ভিত্তিক 'এলসেভিয়ার' প্রকাশিত জরিপে এ তালিকা প্রকাশ হয়। তালিকায় থাকা ১০ জনের মধ্যে ৯ জন শিক্ষক ও একজন শিক্ষার্থী রয়েছেন। এই তালিকা বিজ্ঞানীদের প্রকাশনা, এইচ-ইনডেক্স, সাইটেশন এবং অন্যান্য সূচকের ভিত্তিতে তৈরি করা হয়েছে। তালিকায় স্থান পাওয়া বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা হলেন-কৃষি শক্তি ও যন্ত্র বিভাগের অধ্যাপক ড. এহসানুল কবীর, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন, মাইক্রোবায়োলজি অ্যান্ড হাইজিন বিভাগের অধ্যাপক ড. এস এম লুৎফুল কবির, প্রাণরসায়ন ও অনুপ্রাণবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মো আবদুল হান্নান, ফিশারিজ ম্যানেজমেন্ট বিভাগের অধ্যাপক ড. মোঃ শাহজাহান, সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. মো আবদুল মজিদ, প্ল্যান্ট প্যাথলজি বিভাগের ড. কে এম গোলাম দস্তগীর, মাইক্রোবায়োলজি অ্যান্ড হাইজিন বিভাগের অধ্যাপক ড. মোঃ তানভীর রহমান এবং একই বিভাগের অধ্যাপক ড. মোঃ গোলজার হোসেন। এ ছাড়া বাকৃবির বায়োটেকনোলজি বিভাগ থেকে স্নাতকোত্তর সম্পন্ন করা সাবেক শিক্ষার্থী ইউশা আরাফও এ তালিকায় আছেন।

# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) ও ম্যাভেরিক ইনোভেশন এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) এবং ম্যাভেরিক ইনোভেশন এর মধ্যে সমঝোতা স্মারক সোমবার (৭ অক্টোবর ২০২৪ ) দুপুর ১২ টায় পশুপালন অনুষদীয় কনফারেন্স হলে স্বাক্ষরিত হয়েছে।

পোল্ট্রি বিজ্ঞান বিভাগের প্রধান প্রফেসর ড. বাপন দে'র




সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাকৃবির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়ার। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউজিসি প্রফেসর ড. সচ্চিদানন্দ দাশ চৌধুরী, ডীন কাউন্সিল এর আহবায়ক প্রফেসর ড. খন্দকার মোঃ মোস্তাফিজুর রহমান, পশুপালন অনুষদীয় ডীন প্রফেসর ড. মোঃ রুহুল আমীন, ছাত্রবিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক, বাউরেস পরিচালক প্রফেসর ড. মোঃ হাম্মাদুর রহমান, ম্যাভেরিক ইনোভেশন এর প্রতিষ্ঠাতা প্রধান নির্বাহী ড. কবীর চৌধুরী, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) কৃষিবিদ ড. মোঃ হেলাল উদ্দীন, প্রক্টর প্রফেসর ড. মোঃ আবদুল আলীম, ট্রেজারার (ভারপ্রাপ্ত) ড. হুমায়ুন কবির সহ অন্যান্য শিক্ষক, কর্মকর্তা এবং আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর ড. এ.কে. ফজলুল হক ভূঁইয়া ম্যাভেরিক ইনোভেশন এর সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের বিষয়ে গভীর আগ্রহ এবং এটার ভবিষ্যৎ সফলতা কামনা করেন। এসময় তিনি আরও বলেন বেসরকারি পর্যায়ে এ ধরনের প্রয়াস আমাদের লক্ষ্য অর্জনে অনেকদূর এগিয়ে নিয়ে যাবে।

# টিচার্স প্রোফাইল আপডেটিং এন্ড পারসোনাল ওয়েবসাইট ম্যানেজমেন্ট শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট ট্রেনিং ইন্সটিটিউট(জিটিআই) কম্পিউটার ল্যাবে মঙ্গলবার (৮ অক্টোবর ২০২৪ ) সকাল ১০.০০ টায় 'টিচার্স প্রোফাইল আপডেটিং এন্ড পারসোনাল ওয়েবসাইট ম্যানেজমেন্ট' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. মাসুমা হাবীবের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাকৃবির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়ার। এছাড়া বিশেষ অতিথি হিসেবে ছিলেন ডীন কাউন্সিল কনভেনর এবং কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. খন্দকার মোঃ মোস্তাফিজুর রহমান। আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মুরাদ আহমেদ ফারুখ, প্রফেসর ড. মোঃ শাহেদ রেজাসহ অন্যান্য কর্মকর্তা ও আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।




আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মুরাদ আহমেদ ফারুখের সঞ্চালনায় পবিত্র কোরআন পাঠের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। অঝোর ধারায় বৃষ্টির মাঝেও যথাসময়ে অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্যে ভাইস-চ্যান্সেলর মহোদয়ের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন প্রফেসর ড. মাসুমা হাবীব। প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া শুরুতেই ২০২৪ সনের জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে যারা শহীদ হয়েছেন এবং যারা আহত হয়ে পঙ্গুত্ব বরণ করেছেন, তাদের প্রতি গভীর শ্রদ্ধা ও সমবেদনা প্রকাশ করেন। এছাড়াও তিনি গণআন্দোলনে নিহত এবং আহতদের পরিবারের প্রতি গভীর শোক ও সহমর্মিতা জানান। প্রধান অতিথি উক্ত কর্মশালার সাফল্য কামনা করেন এবং বলেন "আমাদের প্রতিদিনই কিছু না কিছু শিখতে হবে এবং যে সমস্ত বিষয়গুলো আমরা অর্জন করি সেগুলোকে পারসোনাল প্রোফাইলে আপডেট করতে হবে"। তিনি সংশ্লিষ্ট পরিচালককে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট আপডেট রাখার নির্দেশনা দেন এবং সর্বোপরি বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে নেয়ার লক্ষ্যে আয়োজিত কর্মশালাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে উল্লেখ করেছেন। উল্লেখ্য, উক্ত কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ২৫ জন শিক্ষক অংশগ্রহণ করেন ।

## 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন' শীর্ষক কর্মশালা




বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এসুরেন্স সেল আয়োজিত 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন' শীর্ষক কর্মশালা ৯ অক্টোবর ২০২৪ বুধবার সকাল ১০টায় আইকিউএসি কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছে। আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. মাছুমা হাবীবের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাকৃবির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। এছাড়া বিশেষ অতিথি হিসেবে ছিলেন ডীন কাউন্সিল কনভেনর এবং কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. খন্দকার মোঃ মোস্তাফিজুর রহমান। কর্মশালার আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মুরাদ আহমেদ ফারুখের সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন প্রফেসর ড. মোঃ শাহেদ রেজা। কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. খন্দকার মোঃ মোস্তাফিজুর রহমান শুদ্ধাচারকে শুধু পেশাগত জীবনেই নয় প্রতিটি ক্ষেত্রেই অনুসরণ করার তাগিদ দেন, এছাড়াও তিনি চারিত্রিক নীতি নৈতিকতার বিষয়ে অধিক গুরুত্বারোপ করেন। আইকিউএসি'র পরিচালক এবং কর্মশালার সভাপতি প্রফেসর ড. মাসুমা হাবীব সকল শিক্ষককে শুদ্ধাচার বাস্তবায়নের ব্যাপ্তিতে পেশাগত এবং সমাজ জীবনে উন্নত থেকে উন্নততর হওয়ার আহবান জানান। প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া শুরুতেই ২০২৪ সনের জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার গণআন্দোলনে যারা শহীদ হয়েছেন এবং যারা আহত হয়ে পঙ্গুত্ব বরণ করেছেন এবং এখনো যারা হাসপাতালে চিকিৎসাধীন আছেন তাদের প্রতি গভীর শ্রদ্ধা ও সমবেদনা প্রকাশ করেন। এছাড়াও তিনি বিগত ১৫ বছরের দু:শাসনে যারা ন্যায়বিচার থেকে বঞ্চিত এবং নির্যাতিত তাদের প্রতি সমবেদনা জানান। তিনি এই কর্মশালার সাফল্য কামনা করেন। এছাড়াও তিনি শিক্ষকদের নলেজ এবং স্কিলের কম্বিনেশন করার উপর জোর দেন। তিনি বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে নেয়ার লক্ষ্যে আইকিউএসি'কে কাজের মাধ্যমে উন্নত থেকে উন্নততর করার আহবান জানান। উল্লেখ্য, কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ২৫ জন শিক্ষক অংশগ্রহণ করেন।

## বিচার প্রার্থী ছাত্র-ছাত্রীদের জন্য অভিযোগ গ্রহণ কার্যক্রম উদ্বোধন



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া ৯ অক্টোবর ২০২৪, বুধবার দুপুর ১২টায় প্রশাসনিক ভবনের নিচতলায় অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নরত এবং গত সাড়ে পনের বছরে স্বৈরাচারী সরকারের শাসনামলে

উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা বিশ্ববিদ্যালয় ও আবাসিক হলসমুহে শারীরিক, মানসিক, আর্থিক ও সামাজিক নির্যাতন, যৌন হয়রানি, র‍্যাগিং, ইভটিজিং, গেস্ট রুমে নির্যাতন, সিট বাণিজ্য এবং চাঁদাবাজির শিকার হয়েছে তাদের ন্যায়বিচার প্রাপ্তির লক্ষ্যে সঠিক তদন্তের মাধ্যমে দায়ী ব্যাক্তি অথবা ব্যাক্তিবর্গদের জবাবদিহিতার আওতায় আনার লক্ষ্যে গঠিত তদন্ত কমিশনের কার্যক্রমের অংশ হিসেবে বিচার প্রার্থী ছাত্র-ছাত্রীদের জন্য অভিযোগনামা বক্সের উদ্বোধন করেন। এসময় তদন্ত কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. জি এম মুজিবর রহমানসহ আরও উপস্থিত ছিলেন ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. শহীদুল হক, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. আসাদুজ্জামান সরকার, প্রফেসর ড. আহমদ খায়রুল হাসান, ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. হুমায়ুন কবির, প্রক্টর প্রফেসর ড. মোঃ আবদুল আলীম। এছাড়াও সিনিয়র শিক্ষকবৃন্দ, সিনিয়র কর্মকর্তাবৃন্দ, সাংবাদিকবৃন্দ এবং আমন্ত্রিত অতিথিবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

## বাউএক এর শীতকালীন সবজি চাষ প্রদর্শনী-২০২৪




বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় সম্প্রসারণ কেন্দ্র (বাউএক) এর উদ্যোগে এর হল রুমে বুধবার (৯ অক্টোবর ২০২৪) বিকাল ৩ টায় শীতকালীন সবজি চাষ প্রদর্শনী-২০২৪ এর উদ্বোধন করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেম (বাউরেস) এর পরিচালক প্রফেসর ড. মোঃ হাম্মাদুর রহমান। বাউএক পরিচালক প্রফেসর ড. মোঃ নাছির উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. মুহাম্মদ জাভিদুল হক ভূঁইয়া, সহযোগী পরিচালক, বাউরেস এবং প্রফেসর ড. বেনতুল মাওয়া, পরিচালক, জিটিআই।

বাউএক এর অতিরিক্ত পরিচালক ড. মোঃ এনামুল হক সরকারের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন মোঃ আব্দুর রহমান, উপ-পরিচালক বাউএক। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. মোঃ হাম্মাদুর রহমান বলেন বাউএক কে ভবিষ্যতে এধরণের কর্মসূচী আরও বিস্তৃত করতে হবে এবং ভবিষ্যতে বাউরেসের মাধ্যমে আরও অর্থায়নের আশ্বাস দেন এবং একই সাথে তিনি আরো অধিক সংখ্যায় কৃষকদের এইধরনের কর্মসূচীতে অন্তর্ভুক্ত করার পরামর্শ দেন। পরিশেষে তিনি নির্বাচিত ১২ জন কৃষক-কৃষাণীর মাঝে বিভিন্ন প্রকার সবজির চারা বিতরণ করেন।

উল্লেখ্য, বাউরেস এর অর্থায়নে 'ময়মনসিংহ জেলার কৃষকদের সক্ষমতা উন্নয়ন' শীর্ষক প্রকল্পের আওতায় বাউএক সরাসরি ময়মনসিংহ জেলার কৃষক-কৃষাণীদের অংশগ্রহণে এ সকল কর্মসূচি পালন করছে। কর্মশালায় অংশগ্রহণকারী ১২ জন কৃষক-কৃষাণীছাড়াও বাকৃবির কর্মকর্তা-কর্মচারি ও আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

## ইউজিসি টীমের বাকৃবি'র চলমান উন্নয়ন প্রকল্পসমূহ পরিদর্শন ও উপাচার্যের সাথে সৌজন্য সাক্ষাৎ



সরকারের কর্মপরিকল্পনার অংশ হিসেবে ইউজিসির উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল শনিবার বেলা ১২ঃ০০ টায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য বুনিয়াদী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বাকৃবিস্থ শিক্ষক প্রশিক্ষণ ভেন্যু ও চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন করেন। এসময় বাকৃবি'র উপাচার্য প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়ার সাথে প্রতিনিধিদল সৌজন্য সাক্ষাৎ করেন।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান (রুটিন দায়িত্ব) প্রফেসর মোহাম্মদ তানজীমউদ্দিন খান, পিএইচডি এর নেতৃত্বে ইউজিসির প্রতিনিধি দলে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ইউজিসি সচিব ড. মোঃ ফখরুল ইসলাম, এসপিকিউএ বিভাগের পরিচালক ড. দূর্গা রানী সরকার, প্রকল্প পরিচালক (হিট প্রকল্প) প্রফেসর ড. আসাদুজ্জামান, উপ-পরিচালক (এসপিকিউএ বিভাগ) প্রকৌশলী মোহাম্মদ মনির উল্লাহ, প্রোগ্রাম অফিসার (হিট প্রকল্প) আবু তালেব মুঃ মুনীর এবং সহকারী পরিচালক (এসপিকিউএ বিভাগ) মোঃ মোস্তাক আহমেদ।

বাকৃবির উপাচার্য প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়াসহ অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ড. মোঃ হেলাল উদ্দিন, পরিকল্পনা ও উন্নয়ন শাখার পরিচালক (ভারপ্রাপ্ত) প্রফেসর এ. এস. এম. গোলাম হাফিজ, জিটিআই পরিচালক প্রফেসর ড. বেনতুল মাওয়া, আইকিউএসি পরিচালক প্রফেসর ড. মাছুমা হাবিব, প্রক্টর প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, কোষাধ্যক্ষ (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ হুমায়ুন কবীর, জনসংযোগ ও প্রকাশনা দফতরের ভারপ্রাপ্ত পরিচালক মোহাম্মদ তৌফিকুল ইসলাম সহ সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

পরে ইউজিসি প্রতিনিধিদল বাকৃবির আইকিউএসি, জিটিআই, পরিকল্পনা ও উন্নয়ন শাখা এবং প্রকৌশল শাখার প্রতিনিধিদের সাথে চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্পের বিষয়ে আলোচনা করেন। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান বলেন নবীন শিক্ষকদের উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে গড়ে তুলতে হবে। বিশ্ববিদ্যালয় শিক্ষকদের প্রশিক্ষণের জন্য স্বতন্ত্র প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তুলতে ইউজিসি কাজ করছে এবং শীঘ্রই এর আওতায় বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বুনিয়াদি প্রশিক্ষণ কার্যক্রম অধিকতর উৎকর্ষতা লাভ করবে।

## বিশ্ব ডিম দিবস পালিত




ডিমের গুণগত মান সম্পর্কে জনসচেতনতা বাড়াতে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে 'বিশ্ব ডিম দিবস ২০২৪' পালিত হয়েছে। এবারের প্রতিপাদ্য- 'ডিমে পুষ্টি ডিমে শক্তি, ডিমে আছে রোগমুক্তি'।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের পোল্ট্রি বিজ্ঞান বিভাগের আয়োজনে দিবসটি পালন উপলক্ষে সোমবার (২১ অক্টোবর ২০২৪) সকাল ৯টা ৩০মিনিটে বাকৃবি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিশুদের ডিম খাওয়ানো হয় এবং একটি বর্নাঢ্য র‍্যালি পশুপালন অনুষদীয় গেইট থেকে শুরু হয়ে ক্যাম্পাস পদক্ষিন শেষে সৈয়দ নজরুল ইসলাম সম্মেলন কেন্দ্রে এসে শেষ হয়। পরে দিবসটি পালনে পোল্ট্রি বিজ্ঞান বিভাগের প্রধান প্রফেসর ড. বাপন দে'র সভাপতিত্বে সৈয়দ নজরুল ইসলাম সম্মেলন কেন্দ্রে সকাল ১১.০০ টায় অনুষ্ঠিত 'বিশ্ব ডিম দিবস ২০২৪ উদযাপন 'অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাকৃবির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। এছাড়া বিশেষ অতিথি ছিলেন ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল হক, পশু পালন অনুষদীয় ডীন প্রফেসর ড. মোঃ রুহুল আমীন, বাউরেস পরিচালক প্রফেসর ড. মোঃ হাম্মাদুর রহমান, ইউজিসি প্রফেসর ড. এস.ডি. চৌধুরী, ডীন ভেটেরিনারি অনুষদ প্রফেসর ড. মোঃ আবদুল আউয়াল, শিক্ষক সমিতির সভাপতি ও ডীন মাৎসবিজ্ঞান অনুষদ প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সরদার। এছাড়াও অনুষ্ঠানে অনলাইনে যুক্ত ছিলেন বাংলাদেশ ব্রিডার্স এসোসিয়েশনের সভাপতি মোঃ মাহাবুবুর রহমান, বাংলাদেশ এনিম্যাল হাজবেন্ড্রি সোসাইটির প্রেসিডেন্ট মোঃ মাহাবুব হাসান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রফেসর ড. সুবাস চন্দ্র দাস, মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রফেসর ড. মোঃ শওকত আলী এবং কি-ডিসকাসেন্ট হিসেবে ইউজিসি প্রফেসর ড. এস.ডি. চৌধুরী বিস্তৃত আলোচনা করেন। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া তার বক্তব্যে ডিমের উৎপাদন ও বিপণনের বিকাশে জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) এর প্রয়োজনীয়তার বিষয়ে গুরুত্ব আরোপ করে বলেন " ডিম হচ্ছে সহজলভ্য প্রকৃতপক্ষে একটি ব্যালেন্সড খাবার"। তিনি এই খাতে সংশ্লিষ্ট সকলকে অভিবাদন জানন। এছাড়া তিনি স্কুলের বাচ্চাদের প্রতিদিনের টিফিনে অবশ্যই অন্ততপক্ষে ১টা ডিম রাখার পরামর্শ দেন। তিনি ডিমের উচ্চ খাদ্যমানকে কাজে লাগাতে সহনীয় মূল্যের মধ্যে ডিম এবং আলু-সবজিসহ একটি সুস্বাদু ডিমের মেন্যু প্যাক সবার জন্যে বাকৃবির টিএসসি কেন্টিনে রাখার ব্যাপারে ছাত্র বিষয়ক উপদেষ্টা এবং পোল্ট্রি বিজ্ঞান বিভাগের প্রতি আহবান জানান। তিনি তাঁর বক্তব্যে আমদানিকৃত ডিম নয় বরং ডিম উৎপাদনে স্বয়ংসম্পুর্নতা অর্জনের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, আমন্ত্রিত অতিথি, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন ।

## গবাদী প্রাণীতে আঠালী বাহিত রক্ত প্রোটোজোয়ার মারাত্মক প্রাদুর্ভাব বিষয়ক গবেষণার ফলাফল সংক্রান্ত মত বিনিময় সভা শাহজাদপুরে অনুষ্ঠিত



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, প্যারাসাইটোলজি বিভাগের তত্ত্বাবধানে এলডিডিপি প্রজেক্টের অর্থায়নে পরিচালিত রিসোর্স এন্ড ইনোভেশন সাব-প্রজেক্টের গবেষণায় প্রাপ্ত ফলাফল নিয়ে খামারীদের সাথে আঁঠালী বাহিত রোগ থেইলেরিয়া, এনাপ্লাজমা ও ব্যাবেসিয়া নিয়ে একটি মতবিনিময় কর্মশালা গত সোমবার (২১ অক্টোবর ২০২৪) শাহজাদপুর উপজেলার প্রাণিসম্পদ ও ভেটেরিনারি হাসপাতালের প্রশিক্ষন কক্ষে অনুষ্ঠিত হয়।

প্রকল্পের প্রিন্সিপাল ইনভেস্টিগেটর প্রফেসর ড. মোঃ হাসানুজ্জামান তালুকদার -এর স্বাগত বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠান শুরু করা হয়। সহযোগী প্রিন্সিপাল ইনভেস্টিগেটর প্রফেসর ড. বাবুল চন্দ্র রায় গবেষণায় প্রাপ্ত ফলাফল সম্পর্কে খামারিদের

অবহিত করেন। তিনি জানান , প্রাপ্ত ফলাফল হতে দেখা যায় যে, এনাপাজমা ৩৪-৫০% এবং থেইলেরিয়া ৫৬% যা শাহজাদপুর উপজেলাসহ বাংলাদেশের সকল বিভাগীয় পর্যায়ে দিন দিন বেড়েই চলেছে যার সৃষ্ট প্রভাবে প্রাণিসম্পদ খাতে উৎপাদনে ব্যাপক ক্ষতি হতে চলেছে। আলোচনা সভায় আগত প্রায় শতাধিক খামারী তাদের মতামত ও উদ্বেগ তুলে ধরেন। আঁঠালী বাহিত রক্ত পরজীবী আক্রান্ত গরুতে উচ্চমাত্রার জ্বর (৩৯-৪১°সে.), জ্বরের ঔষধ প্রয়োগের পরেও জ্বর না কমা, লাল চায়ের মতো প্রসাবের রং, শরীরের বিভিন্ন অংশে ফুলে ওঠা, শ্বাস কষ্টসহ রক্তস্বল্পতার কারনে জীর্নশীর্ন হয়ে যাওয়া, সঠিক সময়ে চিকিৎসা না করার কারনে মারা যাচ্ছে। সুপ্ত অবস্থায় রক্ত পরীক্ষা না করা, সঠিক সময়ে ভেটেরিনারি ডাক্তারের পরামর্শ না নেওয়া এবং সঠিক ঔষুধ প্রয়োগ না করা, আঁঠালী নিয়ন্ত্রণ সম্পর্কে জ্ঞান কম থাকার কারণে এই সমস্ত আঁঠালী বাহিত রক্ত পরজীবীর প্রাদুর্ভাব দিন দিন বেড়েই চলেছে। উপস্থিত সকল খামারী ও অভিজ্ঞ ভেটেরিনারিয়ানগণ অতি সত্তর আঁঠালী বাহিত রক্ত প্রোটোজোয়া ঘটিত রোগসমূহ দমন এবং আক্রান্ত প্রাণীর চিকিৎসার কার্যকর ঔষধ ও প্রতিষেধক উদ্ভাবনের উপর জোর দাবী জানান। উক্ত কর্শালায় রিসোর্স পারসোন ডিএলও, ডিপিডি-এলডিডিপি, ম্যানেজার (মিল্ক ভিটা), ইউএলও, ভিএস ও বৈজ্ঞানিক কর্মকর্তা (বিলআরআই) ও আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত থেকে খামারীদের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করেন।

## ২০২৩-২০২৪ কৃষি গুচ্ছ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের (স্নাতক) কৃষি গুচ্ছ ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। ২৫ অক্টোবর (শুক্রবার) সকাল ১১টা হতে দুপুর ১২টা পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের আওতাধীন বিভিন্ন ভবন, কেন্দ্রীয় লাইব্রেরি, ক্যাম্পাস প্রাঙ্গনে অবস্থিত স্কুল ও কলেজে শান্তিপূর্ণভাবে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এবার পরীক্ষা আয়োজনের সার্বিক তত্ত্বাবধানে ছিল চট্টগ্রাম ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্স ইউনিভার্সিটি । ভর্তি পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রের বিভিন্ন কক্ষ পরিদর্শন করেছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) কৃষিবিদ ড. মোঃ হেলাল উদ্দীন, প্রক্টর প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ ও প্রকাশনা মোহাম্মদ তৌফিকুল ইসলামসহ প্রশাসনিক বিভিন্ন দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তিবর্গ ও গণমাধ্যমের প্রতিনিধিগণ। এবার ভর্তি পরীক্ষায় বাকৃবি কেন্দ্রে ২১টি অঞ্চলে ২৪৩টি কক্ষে ১২৬৩৪ জন পরীক্ষার্থীর মধ্যে ৯৮৭৫ জন পরীক্ষায় অংশ নেয়। পরীক্ষায় মোট উপস্থিতির হার ৭৮.১৬ শতাংশ। পরীক্ষায় প্রশ্ন ফাঁসসহ কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। পরীক্ষার সার্বিক বিষয়ে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া বলেন, অত্যন্ত সুন্দর ও সুষ্ঠু পরিবেশে পরীক্ষা সম্পন্ন হয়েছে। উল্লেখ্য, এবার ০৯টি কৃষি বিশ্ববিদ্যালয়ে মোট আসন সংখ্যা ৩৭১৮টি এবং মোট পরীক্ষার্থী ৭৫ হাজার ১৭ জন। এর মাঝে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে আসন সংখ্যা-১১১৬, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে ৪৩৫, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ৬৯৮, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ে ২৭০, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে ৪৩১, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ে ১৫০, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৪৪৮, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ে ৯০ এবং কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে ৮০ টি আসন রয়েছে। কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় বাদে বাকী ৮ টি বিশ্ববিদ্যালয়ের মোট ৮ টি কেন্দ্র এবং ৩টি উপ-কেন্দ্রসহ সর্বোমোট ১১ টি কেন্দ্রে সারাদেশে একযোগে গুচ্ছ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

## কৃষক প্রশিক্ষণ এবং গাজর ও টমেটো বীজ-চারা বিতরণ সম্পন্ন




বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্যানতত্ত্ব বিভাগের উদ্যোগে গত ২৭ অক্টোবর ২০২৪ রবিবার সকাল ১০.০০ থেকে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত উদ্যানতত্ত্ব খামারে কৃষক প্রশিক্ষণ এবং গাজর ও টমেটো বীজ-চারা বিতরণ করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. মোঃ গোলাম রব্বানী ডীন কৃষি অনুষদ এবং সহযোগী প্রিন্সিপাল ইনভেস্টিগেটর এস.সি.বি প্রজেক্ট। বাউরেস পরিচালক প্রফেসর ড. মোঃ হাম্মাদুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন প্রফেসর ড. মাসুম আহমাদ, প্রফেসর ড. সহিদুজ্জামান, প্রফেসর ড. মোঃ রোস্তম আলী, আমন্ত্রিত অন্যান্য শিক্ষকমন্ডলী, স্ট্যান্ডার্ড চ্যাটার্ড ব্যাংকের সহকারী পরিচালক দেবাশীষ ভট্টাচার্য এবং কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীবৃন্দ। এস.সি.বি প্রজেক্টের প্রিন্সিপাল ইনভেস্টিগেটর প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশীদের সঞ্চালনায় আরো বক্তব্য

রাখেন প্রফেসর ড. মোঃ সহিদুজ্জামান, প্রফেসর ড. মোঃ রোস্তম আলী,সহকারী প্রফেসর মোঃ মেহেদী হাসান হাফিজ সহ আমন্ত্রিত অতিথিবৃন্দ। বিশেষ অতিথির বক্তব্যে প্রফেসর ড. মোঃ গোলাম রাব্বানী গাজর এবং টমেটো চাষের গুরুত্ববিবেচনায় নিয়ে ভবিষ্যতে এধরণের কর্মসূচী আরও বিস্তৃত করার ওপর জোর দেন। প্রধান অতিথির বক্তব্যে ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক বলেন, এই দুটি রঙিন সবজির বাজার মূল্য ও চাহিদা অত্যন্ত বেশি। এছাড়া রয়েছে এর চমৎকার পুস্টিগুন। কৃষকদের এ সবজি থেকে আর্থিক ভাবে লাভবান হওয়ার সম্ভাবনাও বেশি রয়েছে। সভাপতির বক্তব্যে প্রফেসর ড. মোঃ হাম্মাদুর রহমান এই প্রকল্পের সফলতা কামনা করেন এবং গাজর ও টমেটো চাষে অধিকতর লাভের জন্যে কৃষক-কৃষাণীদের বেশি বেশি নতুন রঙের গাজর ও টমেটো চাষের আহবান জানান। প্রধান অতিথি নির্বাচিত কৃষক-কৃষাণীর মাঝে টমেটোর চারা ও গাজরের বীজ বিতরণ করেন এবং প্রকল্পের মাঠে সবজি চারা রোপন করেন। কর্মশালায় অংশগ্রহণকারী ৩৫ জন কৃষক-কৃষাণী ছাড়াও বাকৃবির কর্মকর্তা-কর্মচারি ও আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

## কৃষি অনুষদীয় বিভাগীয় প্রধানদের বিদায়ী সংবর্ধনা



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে গত ২৮ অক্টোবর ২০২৪, সোমবার কৃষি অনুষদের ১২টি শিক্ষা বিভাগের প্রধানবৃন্দের কার্যকাল মেয়াদান্তে বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। কৃষি অনুষদের ডীন প্রফেসর ড. গোলাম রাব্বানী কৃষি অনুষদের কনফারেন্স কক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করেছেন । অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক প্রফেসর ড. জি.এম. মুজিবর রহমান ও প্রফেসর ড. মাসুম আহমাদসহ বিদায়ী বিভাগীয় প্রধান ও আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য উক্ত সময়ে প্রফেসর ড. গোলাম রাব্বানী নিজেও সফলতার সাথে উদ্যানতত্ত্ব বিভাগের প্রধানের দায়িত্ব সম্পন্ন করায় তাকেও এসময় সন্মানিত করা হয়। সংবর্ধনা অনুষ্ঠানে প্রফেসর ড. মাসুম আহমাদ এধরনের অনুষ্ঠানের প্রশংসা করেন এবং ভবিষ্যতে এরকম মহতী উদ্যোগ চলমান থাকা উচিৎ বলে মন্তব্য করেন। প্রফেসর ড. মুজিবর রহমান তার বক্তব্যে সকল বিভাগীয় প্রধান কর্তৃক একাডেমিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার স্বার্থে ডীন মহোদয়কে আরো সহযোগীতার আহবান রাখেন। প্রধান অতিথির বক্তব্যে কৃষি অনুষদীয় ডীন প্রফেসর ড. গোলাম রাব্বানী বিদায়ী বিভাগীয় প্রধানদের অনুষদ পরিচালনায় সার্বিক সহযোগীতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন।

## কৃষি-শিল্প পরামর্শ কর্মশালা এবং সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত




"স্ট্রেংথেনিং এগ্রিকালচারাল টারশিয়ারি এডুকেশন প্রজেক্ট (এসএটিইপি)" এর আওতায় কৃষি-শিল্প পরামর্শ কর্মশালা এবং বাকৃবি ও কৃষি-শিল্প প্রতিষ্ঠানের মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২ নভেম্বর ২০২৪) ঢাকাস্থ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল সম্মেলন কক্ষে অনুষ্ঠিত কর্মশালা এবং সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। দেশের কৃষি ও খাদ্যপ্রযুক্তি খাতের গবেষণা ও মানোন্নয়ন, দক্ষ মানবসম্পদ তৈরি, জলবায়ু ব্যবস্থাপনাসহ কৃষিবিষয়ক উচ্চশিক্ষা শক্তিশালীকরণে প্রকল্পটি নেওয়া হয়েছে। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) এবং কোরিয়ার এক্সপোর্ট-ইমপোর্ট ব্যাংকের অর্থনৈতিক উন্নয়ন সহযোগিতা তহবিল (ইডিসিএফ) এর অর্থায়ন করবে এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) যৌথভাবে এ প্রকল্প বাস্তবায়ন করবে।

ভাইস-চ্যান্সলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া বলেন, গত ৬৩ বছর যাবৎ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রতিথযশা শিক্ষক ও গবেষকবৃন্দ নিরলসভাবে শিক্ষার্থীদের মাঝে জ্ঞান বিতরণ করে চলেছেন এবং ফলশ্রুতিতে বাংলাদেশের কৃষিতে অভূতপূর্ব উন্নয়ন সাধিত হয়েছে। প্রকল্পটি দেশের কৃষি খাতে মানবসম্পদ উন্নয়ন ও আধুনিক কৃষি গবেষণায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এটি বাংলাদেশের খাদ্য নিরাপত্তা এবং উচ্চতর কৃষি গবেষণা পরিচালনায় সহায়ক হবে। তিনি বলেন, এ প্রকল্পের মাধ্যমে আধুনিক ল্যাব প্রতিষ্ঠা করা হবে। এখানে কৃষি ও কৃষি প্রধান ৯ টি পাবলিক বিশ্ববিদ্যালয় এবং এতদসংশ্লিষ্ট প্রাইভেট বিশ্ববিদ্যালয় সমূহ এখানে গবেষণা করার সুবিধা পাবে। তিনি আরো বলেন বহিঃবিশ্বের সঙ্গে তাল রেখেই আমাদের চলতে হবে। আগামীর কৃষি যে যান্ত্রিক ও প্রযুক্তির কৃষি- সে কথা মাথায় রেখেই সরকার কাজ করছে। চতুর্থ শিল্প বিপ্লবের কৃষির সাথে তাল মিলিয়ে আমাদের নিজস্ব অংশগ্রহণের প্রশ্নে প্রকল্পটি ভূমিকা রাখবে।

অন্যদের মধ্যে সভায় উপস্থিত ছিলেন বাকৃবি'র সিনিয়র শিক্ষক প্রফেসর ড. জি.এম. মুজিবর রহমান, এডিবির হিউম্যান অ্যান্ড সোশ্যাল ডেভেলপমেন্ট সেক্টরের সিনিয়র সোশ্যাল সেক্টর ইকোনোমিস্ট রিওতারো হায়াসি, বাকৃবি'র পরিকল্পনা ও উন্নয়ন শাখার পরিচালক অধ্যাপক গোলাম হাফিজ, অধ্যাপক ড. শামসুল আলম ভূঞা, অধ্যাপক ড. হারুনুর রশীদ, মোঃ আবুল হাসেম, সভাপতি, বাংলাদেশ এগ্রো-প্রসেসরস অ্যাসোসিয়েশন, সৈয়দ মাহমুদুল হক, চেয়ারপারসন, বাংলাদেশ চিংড়ি ও মৎস্য ফাউন্ডেশন, মিসেস ফৌজিয়া ইয়াসমিন, ডিরেক্টর, ইস্পাহানি এগ্রো লিমিটেড, জনাব নাসের আহমেদ, নির্বাহী পরিচালক, প্রাণ আরএফএল গ্রুপ, বাকৃবি'র জনসংযোগ ও প্রকাশনা দফতরের পরিচালক মোহাম্মদ তৌফিকুল ইসলাম এবং পরিকল্পনা ও উন্নয়ন শাখার অতিরিক্ত পরিচালক মোহাম্মদ শফিউল্লাহ।

পরে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সাথে আলাদা আলাদাভাবে বাংলাদেশ এগ্রো-প্রসেসরস অ্যাসোসিয়েশন, বাংলাদেশ চিংড়ি ও মৎস্য ফাউন্ডেশন এবং ইস্পাহানি এগ্রো লিমিটেড এর সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

উল্লেখ্য, এসএটিপি প্রকল্পের অধীনে 'বাংলাদেশ ইনস্ট্রুমেন্টেশন সেন্টার ফর ক্লাইমেট চেঞ্জ এন্ড এগ্রিকালচারাল রিসার্চ' নামে একটি উচ্চতর গবেষণা সেন্টার গড়ে তোলা হবে। এই প্রকল্পের আওতায় কৃষি শিক্ষার যুগোপযোগী পাঠ্যক্রম প্রণয়নের পাশাপাশি পেশাগত দক্ষতা উন্নয়নে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া, প্রকল্পের মাধ্যমে শিক্ষক-শিক্ষার্থী, কৃষক ও কৃষি সম্পর্কিত শিল্প প্রতিষ্ঠান সমূহের সাথে যোগসূত্র তৈরি করা হবে।

## শহীদ নাজমুল আহসান মেমোরিয়াল ফুটবল টুর্নামেন্ট-২০২৪ এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শহীদ নাজমুল আহসান মেমোরিয়াল ফুটবল টুর্নামেন্ট-২০২৪ এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান শহীদ নাজমুল আহসান হল মাঠে বুধবার (৬ নভেম্বর ২০২৪) বিকালে অনুষ্ঠিত হয়েছে । বাকৃবির ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেছেন এবং অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাকৃবি শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সরদার, প্রক্টর প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, কোষাধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. হুমায়ুন কবীর এবং কৃষিতত্ত্ব বিভাগের প্রফেসর ড. আহমদ খায়রুল হাসান। পুরস্কার বিতরণ অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেছেন শহীদ নাজমুল আহসান হলের প্রভোস্ট প্রফেসর ড. কাজী কামরুল ইসলাম।

## বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস (বিএএস) স্বর্ণপদক পেলেন বাকৃবির ৫ শিক্ষক




বায়োলজিক্যাল সায়েন্স ক্যাটাগরিতে গবেষণায় অবদানের জন্য বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) ৪ জন শিক্ষক 'বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস (বিএএস) স্বর্ণপদক' এবং ১জন শিক্ষক 'বিএএস-ড. এম ইন্নাস আলী মেমোরিয়াল গোল্ড মেডেল পুরস্কারে ভূষিত হয়েছেন। শনিবার (৯ নভেম্বর ২০২৪) ঢাকায় এক অনুষ্ঠানে তাঁদের হাতে এ পুরস্কার তুলে দেয়া হয়। জীব বিজ্ঞানের বিভিন্ন শাখায় গবেষণায় অসামান্য কৃতিত্ব ও অবদানের জন্য তাঁদের এ পুরস্কার প্রদান করা হয়েছে। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) এর পুরস্কারপ্রাপ্ত গবেষকগণ হচ্ছেন, অধ্যাপক ড. এম. রফিকুল ইসলাম, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ (২০১৮, সিনিয়র ক্যাটেগরি),অধ্যাপক ড. এম.এ. রহিম, উদ্যানতত্ত্ব বিভাগ (২০১২,সিনিয়র ক্যাটেগরি), অধ্যাপক ড. সৈয়দ মোহাম্মদ এহসানুর রহমান, এনিম্যাল সায়েন্স বিভাগ (২০১২, জুনিয়র ক্যাটেগরি) এবং অধ্যাপক ড. ফরিদা ইয়াসমিন বারী, সার্জারি ও অবস্ট্রেট্রিক্স বিভাগ (২০১৭, সিনিয়র ক্যাটেগরি)। এছাড়া ২০১৫ সালের 'বিএএস-ড. এম ইন্নাস আলী মেমোরিয়াল গোল্ড মেডেল পুরস্কার অর্জন করেছেন ফিশারিজ ম্যানেজমেন্ট বিভাগের অধ্যাপক ড. এম. শাহজাহান।

আগারগাঁওস্থ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্সে আয়োজিত স্বর্ণ পদক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্রের প্রিন্সটন বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের ইউজিন হিগিন্স অধ্যাপক ড. এম জাহিদ হাসান। সভাপতি করেন বিএএস এর প্রেসিডেন্ট ইমেরিটাস অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী। এ সময় বিএএস সচিব অধ্যাপক ড. হাসিনা খানসহ অন্যান্য আমন্ত্রিত অতিথিগণ উপস্থিত ছিলেন।

# ময়মনসিংহে সম্মিলিত পেশাজীবি পরিষদের উদ্যোগে জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত



ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান অডিটরিয়ামে রোববার (১০ নভেম্বর ২০২৪) বিকেলে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষ্যে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ডা. এ জেড এম জাহিদ হোসেন বলেন, হিন্দু মুসলিম বৌদ্ধ খ্রিস্টান, পাহাড়ি আর সমতলের সবাইকে নিয়ে বৈষম্যহীন রাষ্ট্র গড়তেই শহীদ জিয়া বাংলাদেশী জাতীয়তাবাদ প্রবর্তন করেছিলেন। তিনি আরো বলেন- শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান স্বাধীন বাংলাদেশে প্রথম বৈষম্যের শিকার হয়েছিলেন। কিন্তু বিএনপি কোনো ধরনের বৈষম্য বা বিভাজনে বিশ্বাস করে না।

বিশেষ অতিথির বক্তব্যে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া বলেন- আমি ৫২ দেখিনি ৬৯ দেখিনি তবে ১৯৭১ থেকে পরবর্তী রাষ্ট্রীয় প্রতিটি লড়াই-সংগ্রামের বাঁকে বাঁকে সরাসরি সম্পৃক্ত ছিলাম। তিনি আরো বলেন ৭ নভেম্বরের চেতনায় আমাদের সবাইকে ঐক্যবদ্ধ থেকে গণতন্ত্রের বিরুদ্ধে যেকোনো ষড়যন্ত্র রুখতে হবে। পতিত স্বৈরাচার পালিয়ে গেলেও তাদের দোসররা রয়ে গেছে। অতন্দ্র প্রহরী হিসেবে দেশের মানুষ সোচ্চার আছে। সম্মিলিত পেশাজীবী পরিষদ ময়মনসিংহ বিভাগীয় কমিটি আয়োজিত এ আলোচনা সভায় সভাপতিত্ব করেন সম্মিলিত পেশাজীবী পরিষদ ময়মনসিংহ বিভাগীয় কমিটির আহ্বায়ক কৃষিবিদ প্রফেসর ড. মোঃ শাহজাহান। এ সময় সংগঠনের সাধারণ সম্পাদক ডা. মোহাম্মদ আলীর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন বাকৃবি'র উপাচার্য প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া, বশেমুরকৃবির উপাচার্য প্রফেসর ড. জিকেএম মুস্তাফিজুর রহমান, বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য ডা. মাহবুবুর রহমান লিটন, সাবেক এমপি শাহ নুরুল কবির শাহীন, মহানগর বিএনপির আহ্বায়ক অধ্যক্ষ শফিকুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক অধ্যাপক শেখ আমজাদ আলী, অ্যাডভোকেট এমএ বারী, ড্যাব নেতা ডা. ওয়ালিউল্লাহ, ডা. একেএম মুসা শাহীন, অ্যাডভোকেট নূরুল হক, বাকৃবির শিক্ষক প্রফেসর ড. রফিকুল ইসলাম সরদার, ড. একেএম আজাদ, অ্যাডভোকেট আনোয়ারুল আজিজ টুটুল, অ্যাডভোকেট মাসুদ তানভীর তান্না, এসএম রফিকুল ইসলাম বাচ্চু, ডা. খায়রুল ইসলাম, অধ্যক্ষ শেখ ইউসুফ লিটন প্রমুখ। অনুষ্ঠানে বিপুল সংখ্যক কৃষিবিদ নেতৃবৃন্দসহ বিভিন্ন সেক্টরের পেশাজীবীগণ উপস্থিত ছিলেন।

# কৃষি বিশ্ববিদ্যালয় কলেজে নবীনবরণ-২০২৪ অনুষ্ঠিত




বাকৃবি ক্যাম্পাসে অবস্থিত কৃষি বিশ্ববিদ্যালয় কলেজে মঙ্গলবার (১২ নভেম্বর ২০২৪) সকাল ১০.০০টায় কলেজের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। কৃষি বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ ড. মোঃ আতাউর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাকৃবির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। বিশেষ অতিথি ছিলেন ছাত্রবিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক, কলেজ গভর্নিং বডির চেয়ারম্যান ও ডীন, মাৎসবিজ্ঞান অনুষদ প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সরদার এবং সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ প্রফেসর মোঃ সফিউদ্দিন সেখ । এছাড়া আরো উপস্থিত ছিলেন প্রফেসর ড. মোঃ হাম্মাদুর রহমান, পরিচালক বাউরেস, প্রফেসর ড. বেনতুল মাওয়া পরিচালক জিটিআই এবং প্রফেসর ড. মোঃ আরিফুল ইসলাম, নিরাপত্তা কাউন্সিল চেয়ারম্যান, মোহাম্মদ তৌফিকুল ইসলাম, পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ ও প্রকাশনা, পরিচালক (ভারপ্রাপ্ত) ক্রীড়া ও প্রশিক্ষন বিভাগসহ অন্যান্য আমন্ত্রিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্র-ছাত্রীবৃন্দ। পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরুর পর স্বাগত বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক ছাত্র প্রতিনিধি। প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া ২০২৪ সনের জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার গণআন্দোলনে যারা শহীদ হয়েছেন এবং যারা আহত হয়ে পঙ্গুত্ব বরণ করেছেন এবং এখনো যারা হাসপাতালে চিকিৎসাধীন আছেন তাদের প্রতি গভীর শ্রদ্ধা ও সমবেদনা প্রকাশ করেন এবং তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন যে ছাত্র-ছাত্রীরা অন্যায়ের বিরুদ্ধে এগিয়ে না আসলে আজ দেশের পরিস্থিতি ভিন্নতর হতো। এসময় তিনি ১৯৭৫ সনের ৭ই নভেম্বর থেকে পরবর্তীতে সকল ন্যায়ভিত্তিক আন্দোলনে তাঁর সম্পৃক্ততার

কথা উল্লেখ করেন। তিনি ছাত্র-ছাত্রীদের সর্বাবস্থায় অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আহবান জানান এবং তাদেরকে মেধা ও পরিশ্রমের মাধ্যমে নিজ দেশের উন্নতি তথা উন্নততর পৃথিবী বিনির্মানের পরামর্শ দেন। তিনি শিক্ষার্থীদের শিক্ষকদের প্রতি সবসময় শ্রদ্ধা এবং মা-বাবার প্রতি সবসময় আন্তরিকতা ও সহানুভূতিশীল আচরণের উপদেশ দেন। তিনি শিক্ষার্থীদের মেধার বিকাশ ঘটিয়ে দেশের জন্যে আকাশ ছোঁয়া উন্নয়ন ও অর্জন ধরে রাখার আহবান জানান।

## কৃষি বিশ্ববিদ্যালয় কলেজে বার্ষিক পুরস্কার বিতরণী-২০২৪ অনুষ্ঠিত



বাকৃবি ক্যাম্পাসে অবস্থিত কৃষি বিশ্ববিদ্যালয় কলেজে বুধবার (১৩/১১/২৪) সকাল ১১.০০টায় কলেজের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের মাঝে বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। কৃষি বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ ড. মোঃ আতাউর রহমানের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাকৃবির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। বিশেষ অতিথি হিসেবে ছিলেন বাকৃবির ছাত্রবিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক, কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি প্রফেসর ড. মোঃ সামসুল আলম, কলেজ গভর্নিং বডি চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সরদার। এছাড়াও উপস্থিত ছিলেন প্রক্টর প্রফেসর ড. মোঃ আব্দুল আলীমসহ আমন্ত্রিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্র-ছাত্রীবৃন্দ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কলেজ শিক্ষক বি.এম. আব্দুল্লাহ। প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া শিক্ষার্থীদের শৃংখলা এবং নেতৃত্বের গুণাবলী অর্জন ও মেনে চলার প্রতি আহবান জানান, তিনি ছাত্র- ছাত্রীদের জীবনের সর্বস্তরে ন্যায়পরায়ণতা ও সুশাসনের জন্য প্রতিজ্ঞাবদ্ধ থাকতে আহবান জানান। তিনি মেধা ও পরিশ্রমের মাধ্যমে সমগ্র পৃথিবীতে ছড়িয়ে পড়ে বাংলাদেশের মুখ উজ্জ্বল করার জন্য শিক্ষার্থীদের আহবান জানান। তিনি কলেজ কর্তৃপক্ষকে সপ্তাহে অন্তত একবার প্যারেড কর্মসূচির আয়োজন করতে পরামর্শ দেন এবং সেখানে জাতীয় সংগীত ও রণ সংগীত চর্চার ব্যাবস্থা করতে বলেন। পরবর্তীতে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া ফুটবল খেলায় চ্যাম্পিয়ন দ্বাদশ শ্রেণির বি সেকশন ও রানার্সআপ এফ সেকশনের খেলোয়াড়দের মাঝে পুরস্কার বিতরণ করেন।

## "এটিক্যাট, ম্যানার, রেসপন্সিবিলিটিস, লিভ রুলস এন্ড টাইম ম্যানেজমেন্ট" শীর্ষক কর্মশালা উদ্বোধন



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এসুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মচারীদের জন্য আয়োজিত "এটিক্যাট, ম্যানার, রেসপন্সিবিলিটিস, লিভ রুলস এন্ড টাইম ম্যানেজমেন্ট" শীর্ষক দুই দিন ব্যাপী কর্মশালার উদ্বোধনী সোমবার (১৮ নভেম্বর ২০২৪) সকাল ১০টায় কৃষি অনুষদের পরিবেশ বিজ্ঞান বিভাগের এম.এস. ক্লাস রুমে অনুষ্ঠিত হয়। আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. মাছুমা হাবিবের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাকৃবির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মুরাদ আহমেদ ফারুখের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অতিরিক্ত পরিচালক-আইকিউএসি প্রফেসর ড. মোঃ শাহেদ রেজা। প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া ২০২৪ সনের জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার গণআন্দোলনে যারা শহীদ হয়েছেন এবং যারা আহত হয়ে পঙ্গুত্ব বরণ করেছেন এবং এখনো যারা হাসপাতালে চিকিৎসাধীন আছেন তাদের প্রতি গভীর শ্রদ্ধা ও সমবেদনা প্রকাশ করে এই আন্দোলনে জড়িতদের পাশে থাকার এবং সুযোগ হলে সাধ্যমতো সবাইকে পাশে দাঁড়াবার আহবান জানান। তিনি এই প্রতিষ্ঠানের ভাবমূর্তি বজায় রাখতে এবং সঠিক সময়ে সবাইকে অফিসে আসতে নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন চকুরীতে প্রত্যেকটা শ্রেণীরই গুরুত্বপূর্ণ এবং প্রত্যেকেরই আত্মমর্যাদা আছে, সেজন্যে সবাইকে চাকুরীবিধি মেনে চলার জন্যে আহবান জানান। তিনি যে সকল কর্মচারীদের জন্যে ড্রেস-কোড বহাল আছে তাদেরকে তা মেনে চলার নির্দেশনা দেন। তিনি কর্মশালার সাফল্য কামনা করেন এবং বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে নেয়ার লক্ষ্যে আইকিউএসি'র ট্রেনিংয়ের মাধ্যমে কর্মচারীদের অফিসের পরিবেশ উন্নত থেকে উন্নততর করার আহবান জানান। আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. মাছুমা হাবিব বলেন সকল কর্মচারীকে এই প্রশিক্ষণের মাধ্যমে সম্পৃক্ত হতে হবে এবং এই বিশ্ববিদ্যালয় তথা সমাজকে বদলে দিতে হবে। উল্লেখ্য, কর্মশালায় ১ম দিনে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ৪০ জন কর্মচারী অংশগ্রহণ করেন।

# আমন বীজ ধান কর্তন-২০২৪ উদ্বোধন




বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় খামার ব্যবস্থাপনা শাখায় সোমবার(১৮ নভেম্বর ২০২৪) সকাল ১১.০০টায় প্রধান অতিথি ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া মিনি ট্রাক্টরের মাধ্যমে ধান কেটে 'আমন বীজ ধান কর্তন-২৪' উদ্বোধন করেন। বাকৃবির প্রধান খামার তত্ত্বাবধায়ক(ভারপ্রাপ্ত) মোঃ জিয়াউর রহমানের সার্বিক সহযোগীতায় অন্যান্যের মাঝে আরও উপস্থিত ছিলেন প্রফেসর ড. মোঃ গোলাম রাব্বানী,ডীন কৃষি অনুষদ, ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সরদার, পরিচালক পরিকল্পনা ও উন্নয়ন প্রফেসর ড. মোঃ মোশাররফ উদ্দীন ভুইয়া, প্রক্টর প্রফেসর ড. মোঃ আবদুল আলীম, শিক্ষক সমিতির সেক্রেটারি প্রফেসর ড. মোঃ আসাদুজ্জামান সরকার, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ড. মোঃ হেলাল উদ্দীন, ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. হুমায়ুন কবির, সোনালী দলের সাধারণ সম্পাদক প্রফেসর ড.আহমদ খায়রুল হাসান, পরিচালক (ভারপ্রাপ্ত) কৃষি মিউজিয়াম মনির উদ্দীন আহাম্মেদ, পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ ও প্রকাশনা দফতর মোহাম্মদ তৌফিকুল ইসলাম, পরিচালক (ভারপ্রাপ্ত) ক্রীড়া ও প্রশিক্ষণ বিভাগসহ আমন্ত্রিত শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। প্রধান খামার তত্ত্বাবধায়ক (ভারপ্রাপ্ত) কৃষিবিদ জিয়াউর রহমানের সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন কৃষি অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ গোলাম রাব্বানী। প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া বলেন, অগ্রহায়ণ মাসে ধান কাটা আবহমান কাল ধরে গ্রাম বাংলার এক ঐতিহ্য। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের খামার ব্যবস্থাপনা শাখার এ কর্মসূচীকে তিনি সাধুবাদ জানান। তিনি আমাদের দেশের খাদ্য নিরাপত্তায় বাকৃবির গবেষকদের নিরলস প্রচেষ্টার কথা শ্রদ্ধাভরে স্মরণ করেন এবং বাকৃবি গবেষকদের ভবিষ্যত খাদ্যনিরাপত্তা তথা স্বনির্ভর বাংলাদেশ গড়ার আহবান জানান। এসময় তিনি অগ্রহায়ণ মাসের যে কোন একটি দিনকে 'কৃষক ও কৃষি ' দিবস হিসাবে পালনের অভিপ্রায় ব্যক্ত করেন।

# ৩য় শ্রেণীর কর্মচারীদের কর্মশালা অনুষ্ঠিত। সবাইকে অফিস সময় মেনে চলার নির্দেশনা দিলেন বাকৃবি ভিসি



সবাইকে অফিস সময় মেনে চলার নির্দেশনা দিলেন ভাইস-চ্যান্সেলর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া । তিনি নিজ প্রতিষ্ঠানের ভাবমূর্তি বজায় রাখতে উপস্থিত প্রশিক্ষনার্থীদের এ নির্দেশনা প্রদান করেন। মঙ্গলবার (১৯ নভেম্বর ২০২৪) সকাল ১০টায় কৃষি অনুষদের পরিবেশ বিজ্ঞান বিভাগের এমএস ক্লাস রুমে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এসুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক বিশ্ববিদ্যালয়ে কর্মরত ৩য় শ্রেণীর কর্মচারীদের জন্য আয়োজিত "এটিক্যাট, ম্যানার, রেসপন্সিবিলিটিস, লিভ রুলস এন্ড টাইম ম্যানেজমেন্ট" শীর্ষক কর্মশালার ২য় দিনের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া তাঁর বক্তব্যে ২০২৪ সনের জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার গণআন্দোলনে যারা শহীদ হয়েছেন এবং যারা আহত হয়ে পঙ্গুত্ব বরণ করেছেন এবং এখনো যারা হাসপাতালে চিকিৎসাধীন আছেন তাদের প্রতি গভীর শ্রদ্ধা ও সমবেদনা ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন যে শেখার কোন বয়স নেই তাই জীবনের প্রতিটি ক্ষেত্রেই যেগুলো সুপরিবর্তন ঘটায় তা শিখতে হবে এবং যেহেতু চাকুরীতে প্রত্যেকটা শ্রেণীই গুরুত্বপূর্ণ এবং প্রত্যেকেরই আত্মমর্যাদা আছে সেহেতু সকল কর্মচারীকে তাদের প্রাপ্য সন্মান দিতে হবে। সেজন্যে তিনি সবাইকে চাকুরীবিধি মেনে চলার জন্যে আহবান জানান। তিনি বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে নেয়ার লক্ষ্যে এবং বিশ্ববিদ্যালয়ের সুনাম অক্ষুন্ন রাখার স্বার্থে অত্র প্রতিষ্ঠানকে নিজের বাড়ি মনে করে কাজ করে যাওয়ার জন্য সবাইকে আহবান জানান। এছাড়াও তিনি অফিসের কর্মপরিবেশ উন্নত থেকে উন্নততর করার জন্যে ভবিষ্যতে আরো প্রশিক্ষণ ব্যবস্থার আশ্বাস প্রদান করেন। আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. মাছুমা হাবিবের সভাপতিত্বে অনুষ্ঠানে আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মুরাদ আহমেদ ফারুখ এবং আইকিউএসির অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ শাহেদ রেজা বক্তব্য রাখেন। উল্লেখ্য, কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ৪০ জন কর্মচারী অংশগ্রহণ করেন ।

# বাউএক এর উদ্যোগে 'শীতকালীন সবজি চাষ কর্মসূচি ২০২৪-২৫'




বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় সম্প্রসারণ কেন্দ্র (বাউএক) এর উদ্যোগে চাষি মিলনায়তনে গত ১৯ নভেম্বর ২০২৪ মঙ্গলবার সকাল ১১.০০ টায় প্রধান অতিথি ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া "শীতকালীন সবজি চাষ কর্মসূচি ২০২৪-২৫" এর উদ্বোধন করেন। বাউএক এর পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ নাছির উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. মোঃ গোলাম রাব্বানী, ডীন, কৃষি অনুষদ, প্রফেসর ড. মোঃ শহীদুল হক, ছাত্র বিষয়ক উপদেষ্টা বাকৃবি, কৃষিবিদ ড. সালমা লাইজু, অতিরিক্ত পরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল। এছাড়াও বাকৃবি শিক্ষক সমিতির সেক্রেটারি প্রফেসর ড. মোঃ আসাদুজ্জামান সরকার, সহযোগী প্রফেসর ড. মোছাঃ জান্নাতুন নাহার মুক্তা, আঞ্চলিক পরিচালক বেতারসহ অন্যান্য আমন্ত্রিত ব্যাক্তবর্গ উপস্থিত ছিলেন।

বাউএক এর অতিরিক্ত পরিচালক ড. মোঃ এনামুল হক সরকারের সঞ্চালনায় অনুষ্ঠানে সূচনা বক্তব্য রাখেন কৃষিবিদ আফরোজা বেগম অতিরিক্ত পরিচালক বাউএক। প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া ভবিষ্যতে শাক সবজির পাশাপাশি পোল্ট্রি খাতকেও এধরণের কর্মসূচীতে অনাতর্ভূক্ত করতে বাউএক পরিচালকের দৃষ্টি আকর্ষণ করেন । তিনি পরবর্তীতে অন্ততপক্ষে ৫০ জন কৃষকের মাঝে কমপক্ষে দুইটি করে দেশি মুরগী এবং ১টি বড় জাতের দেশি মোরগ বিতরণের পরামর্শ দেন। তিনি নির্বাচিত কৃযক-কৃযাণীর মাঝে বিভিন্ন প্রকার সবজির চারা বিতরণ করেন। পরিশেষে সভাপতি প্রফেসর ড. মোহাম্মদ নাছির উদ্দীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে আরো অধিক পরিসরে সহযোগীতামূলক কর্মসূচীর প্রত্যাশা করেন। কর্মশালায় অংশগ্রহণকারী ৭২ জন কৃষক-কৃষাণীছাড়াও ঝাউগাই আলিম উদ্দিন উচ্চ বিদ্যালয় কর্তৃপক্ষ অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে বাকৃবির কর্মকর্তা-কর্মচারি ও আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

# 'সর্বপদে সর্বক্ষেত্রে সততা এবং ন্যায়পরায়ণতার ভিত্তিতে কাজ করতে হবে'-কর্মকর্তাদের উদ্দেশ্যে বাকৃবি ভিসি



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের 'আইকিউএসি'র উদ্যোগে ২১ নভেম্বর ২০২৪ সকাল ১০.০০ টায় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া প্রধান অতিথি হিসেবে কর্মকর্তাদের জন্যে "ওয়ার্কশপ অন এটিক্যাট ম্যানার, রেসপন্সিবিলিটিস, লিভ রুলস এন্ড টাইম ম্যানেজমেন্ট" শীর্ষক কর্মশালার উদ্বোধন করেন। আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. মাছুমা হাবিবের সভাপতিত্বে এবং আইকিউএসি এর অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মুরাদ আহমেদ ফারুখের সঞ্চালনায় এনভায়রনমেন্টাল সায়েন্স বিভাগে অনুষ্ঠিত ওয়ার্কশপে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ড. মোঃ হেলাল উদ্দীন এবং ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. হুমায়ুন কবির কর্মকর্তাদের উদ্দেশ্য দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন। আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. মাছুমা হাবিব কর্মকর্তাদের এই প্রশিক্ষণের মাধ্যমে নিজেকে বদলে যেতে এবং এই বিশ্ববিদ্যালয় তথা সমাজকে বদলে দেয়ার আহবান জানান। প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া ২০২৪ সনের জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার গণআন্দোলনে যাঁরা শহীদ হয়েছেন, যারা আহত হয়ে পঙ্গুত্ব বরণ করেছেন এবং এখনো যারা হাসপাতালে চিকিৎসাধীন আছেন তাদের প্রতি গভীর শ্রদ্ধা, সমবেদনা ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। ভবিষ্যতে আর যাতে এধরণের জালিম সরকার রাষ্ট্র ক্ষমতায় না আসতে পারে, দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে সকলকে সেলক্ষ্যে কাজ করার আহবান জানান। তিনি এই প্রতিষ্ঠানের ভাবমূর্তি বজায় রাখাসহ বিশ্ববিদ্যালয়ের প্রধান লক্ষ্য- দক্ষ কৃষিবিদ তৈরী করার বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি বলেন চাকুরীতে প্রত্যেকটা শ্রেণীই গুরুত্বপূর্ণ এবং প্রত্যেকেরই আত্মমর্যাদা আছে সেজন্যে সবাইকে চাকুরীবিধি মেনে চলতে হবে। তিনি সকল সামাজিক অনাচারের বিরুদ্ধে সকল কর্মকর্তাদের সচেতন থাকার আহবান জানান এবং তিনি এই কর্মশালার সাফল্য কামনা করেন। উল্লেখ্য, কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ৪০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন ।

## মাদক বিরোধী সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদীন মিলনায়তনে বাংলাদেশ পুলিশ, ময়মনসিংহ রেঞ্জের আয়োজনে এবং বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল বডির সহায়তায় বৃহস্পতিবার (২১ নভেম্বর ২০২৪) সকাল ১১.০০০ টায় মাদক বিরোধী সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাকৃবির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া এবং মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পুলিশ, ময়মনসিংহ রেঞ্জ এর ডিআইজি ড. মোঃ আশরাফুর রহমান এবং বিশেষ আলোচক ছিলেন ময়মনসিংহের পুলিশ সুপার জনাব মোঃ আজিজুল ইসলাম। বাকৃবির প্রক্টর প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম এর সভাপতিত্বে উক্ত আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন প্রফেসর ড. মোঃ গোলাম রাব্বানী, ডীন কাউন্সিল কনভেনর, প্রফেসর ড. মোঃ শহীদুল হক, ছাত্রবিষয়ক উপদেষ্টা, কো-অর্ডিনেটর প্রফেসর ড. মোঃ সামছুল আলম, প্রফেসর ড. মোঃ রুহুল আমীন কনভেনর প্রভোস্ট কাউন্সিলসহ অন্যান্য আমন্ত্রিত শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী এবং অত্র বিশ্ববিদ্যালয়ের প্রাণ ছাত্র-ছাত্রীবৃন্দ। বিশেষ আলোচক হিসেবে পুলিশ সুপার মাদকের ভয়াবহতার বিষয়ে শিক্ষার্থীদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। মুখ্য আলোচক ময়মনসিংহের রেঞ্জ ডিআইজি ড. মোঃ আশরাফুর রহমান আলোচনা সভায় তার প্রেজেন্টেশন এর অংশ হিসেবে তিনটি ভিডিও ক্লিপ প্রদর্শন করেন এবং মাদকের ভয়াবহতা সবিস্তারিত তুলে ধরেন। মাদকের ভয়াবহতা বিষয়ে নিয়মিত বিরতিতে শিক্ষার্থীদের কাউন্সিলিং করানোর উপর তিনি জোর দেন এবং উপস্থিত সবাইকে মাদকের বিরুদ্ধে শপথ বাক্য পাঠ করান। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া অত্র বিশ্ববিদ্যালয়ে মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণা করেন এবং ভবিষ্যতে শিক্ষার্থীদের ভর্তি এবং চাকুরী প্রত্যাশিদের জন্যে বাধ্যতামূলকভাবে ডোপ টেস্টের ব্যবস্থা গ্রহণের প্রতিশ্রুতি দেন। এসময় তিনি আশা প্রকাশ করেন- মাদকমুক্ত বাকৃবি গঠনের মাধ্যমে ভবিষ্যতে আমাদের এই সমাজ তথা সমগ্র দেশ মাদক মুক্ত উন্নত মানব সভ্যতার উদাহরণ হয়ে ওঠবে।

## রোভার স্কাউট এর বার্ষিক কর্মপরিকল্পনা ও প্রেসিডেন্ট'স রোভার স্কাউট সংর্বধনা অনুষ্ঠিত



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের রোভার স্কাউট গ্রুপের বার্ষিক প্রতিবেদন ও কর্ম পরিকল্পনা এবং প্রেসিডেন্ট রোভার স্কাউট সংর্বধনা অত্র বিশ্ববিদ্যালয়ে ২১ নভেম্বর ২০২৪ সন্ধ্যা ০৭.০০ টায় টিএসসি কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাকৃবি'র ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। ছাত্রবিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হকের সভাপতিত্বে আরও উপস্থিত ছিলেন প্রক্টর প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, স্কাউট কাউন্সিলের সভাপতি প্রফেসর ড. ছাদেকা হক, ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. হুমায়ুন কবির, জনসংযোগ ও প্রকাশনা দফতর পরিচালক (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তৌফিকুল ইসলাম, এডিশনাল ডাইরেক্টর ড. মোঃ নাজমুল হক, স্কাউট গ্রুপ লিডার ড. মোঃ জহিরুল আলম, বিশ্ববিদ্যালয় শাখার স্কাউটসবৃন্দসহ অন্যান্য আমন্ত্রিত অতিথিবৃন্দ। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া বলেন স্কাউটস অত্যন্ত সুশৃঙ্খল একটি সংগঠন এবং সমাজে এর ভূমিকা অপরিসীম। তিনি এই সংগঠনের সফলতা কামনা করেন এবং ভবিষ্যতে বাকৃবিতে এর কর্মব্যাপ্তি বাড়ানোর আহবান জানান।

## শিক্ষকদের 'চেঞ্জ মেকার' হিসেবে দায়িত্ব পালনের আহবান বাকৃবি ভিসির

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের 'আইকিউএসি'র উদ্যোগে সোমবার (২৫ নভেম্বর ২০২৪) সকাল ১০.০০ টায় পরিবেশ বিজ্ঞান বিভাগে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া প্রধান অতিথি হিসেবে শিক্ষকদের জন্যে "ওয়ার্কশপ অন এটিক্যাট, ম্যানার, রেসপন্সিবিলিটিস, লিভ রুলস এন্ড টাইম ম্যানেজমেন্ট " শীর্ষক কর্মশালার উদ্বোধন করেন। আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. মাছুমা হাবিবের সভাপতিত্বে এবং আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মুরাদ আহমেদ ফারুখ এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন



বাকৃবি শিক্ষক সমিতির সভাপতি ও ডীন, মাৎস্য বিজ্ঞান অনুষদ প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সরদার। সভাপতির বক্তব্যে প্রফেসর ড. মাছুমা হাবিব উপস্থিত শিক্ষকদের এই প্রশিক্ষণের মাধ্যমে নিজেকে ইতিবাচক ধ্যানধারণার দিকে ধাবিত হওয়ার ওপর গুরুত্বারোপ করেন। প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া কোয়ালিটি এসুরেন্স সেলের কর্মকান্ডের প্রশংসা করেন এবং বলেন- কোয়ালিটি ডেভেলপমেন্টের মাধ্যমেই এই সমাজ তথা দেশ সারভাইভ করতে পারবে। তিনি বলেন, শেখার কোন শেষ নেই, প্রতিটি প্রশিক্ষণে আমরা নতুন নতুন কিছু শিখি এবং পুরনো শেখা বিষয়গুলো নতুন করে চর্চিত হয়। তিনি সকলকে সমাজের নেতিবাচক বিষয়গুলো এড়িয়ে চলে ইতিবাচক ভাবধারায় চলতে আহবান জানান। তিনি এই বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি রক্ষার্থে শিক্ষার্থীদের প্রতি আরো মনোযোগী হওয়ার পাশাপাশি সমাজ পরিবর্তনের 'চেঞ্জ মেকার ' হিসেবে দায়িত্ব পালনের জন্য উপস্থিত শিক্ষকদের প্রতি আহবান জানান। আইকিউএসি এর অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ শাহেদ রেজা কর্মশালায় উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ৪০ জন শিক্ষক এতে অংশগ্রহণ করেন ।

## কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদীয় শিক্ষার্থীদের ইন্টার্নশিপ ওরিয়েন্টেশন প্রোগ্রাম-২০২৪ অনুষ্ঠিত




বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদের গ্যালারিতে মঙ্গলবার (২৬/১১/২৪) সকাল ১১ঃ০০ টায় অনুষদের ২০১৯-২০২০ (সম্মান) সেশনের শিক্ষার্থীদের ইন্টার্নশিপ ওরিয়েন্টেশন অনুষ্ঠিত। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ তাজ উদ্দিনের সভাপতিত্বে এবং ইন্টার্নশিপ প্রোগ্রাম বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও কো-অর্ডিনেটর প্রফেসর ড. মোহাম্মদ ইসমাইল হোসেন এর সার্বিক তত্ত্বাবধানে উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক। এছাড়াও অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, কো-অর্ডিনেটর প্রফেসর ড. সামছুল আলম, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ড. মোঃ হেলাল উদ্দিন, ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. হুমায়ুন কবির, প্রক্টর প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, অনুষদের সকল ডিপার্টমেন্টের প্রধানবৃন্দ, জনসংযোগ ও প্রকাশনা দফতরের ভারপ্রাপ্ত পরিচালক মোহাম্মদ তৌফিকুল ইসলাম, আমন্ত্রিত অন্যান্য শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীবৃন্দসহ অনুষদীয় ছাত্র-ছাত্রীবৃন্দ। প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া ইন্টার্নশীপভূক্ত সকল শিক্ষার্থীদের গভীর মনোযোগ এবং দায়িত্বশীলতার সাথে কাজ করার আহবান জানান। তিনি বলেন, প্রতিটা ইন্টার্ন বিশ্ববিদ্যালয়ের বাহিরে আমাদের বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিত্ব করবে কাজেই তাদের কর্মকান্ডের মাধ্যমে এই বিশ্ববিদ্যালয়ের সুনাম যেন অক্ষুণ্ন থাকে সেই আশাবাদ ব্যক্ত করেন। তিনি এই প্রোগ্রামের সফলতা কামনা করে এর শুভ উদ্বোধন ঘোষণা করেন। উল্লেখ্য যে, কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদে এবারই প্রথম ১১১ জন শিক্ষার্থী নিয়ে ইন্টার্নশীপ ওরিয়েন্টেশন চালু হলো।

## "ডাইমেনশন অব এগ্রোমেটেরলজি এন্ড ক্রপ মডেলিং এন্ড দেয়ার ইনক্রিজিং ইন্টারেস্ট ইন কারেন্ট এগ্রিকালচার" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত




বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের কনফারেন্স রুমে এগ্রোমেটেরলজি ডিপার্টমেন্টের আয়োজনে ২৬ নভেম্বর ২০২৪ সকাল ১১ঃ৩০ টায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষকদের নিয়ে "ডাইমেনশন অব মেটেরলজি এন্ড ক্রপ মডেলিং এন্ড দেয়ার ইনক্রিজিং ইন্টারেস্ট ইন কারেন্ট এগ্রিকালচার" শীর্ষক সেমিনার

অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। এগ্রোমেটেরোলজি বিভাগের প্রধান প্রফেসর ড. আহমদ খায়রুল হাসান এর সভাপতিত্বে এবং লেকচারার উম্মে সুমাইয়া শাম্মী'র সঞ্চালনায় উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিন কৃষি অনুষদ প্রফেসর ড. জি.এম. মুজিবর রহমান, এএমআইএসডিপি, ডিএই ঢাকা'র প্রজেক্ট ডিরেক্টর ড. মোঃ শাহ কামাল খান। সেমিনারে কি-নোট স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন ড. মঈন-উস সালাম কনসালটেন্ট পার্টনার প্রজেক্ট বি.এ.আর.সি, ঢাকা, কি-ডিসকাসেন্ট ড. নুর আহমেদ খন্দকার ইন্সটিটিউশনাল নেগোসিয়েশন এক্সপার্ট এডিবি, ডিসকাসেন্ট স্পিকার ড. বিদ্যুৎ কুমার মহালদার দি চীফ অব পার্টি অব দি ইউএনডিএ ফুড ফর প্রোগ্রাম, বাংলাদেশ ক্লাইমেট স্মার্ট লাইভস্টক প্রজেক্ট ঢাকা। উল্লেখ্য যে, এগ্রোমেটেরলজিক্যাল ইনফরমেশন সিস্টেম ডেভেলপমেন্ট প্রজেক্ট, ডিএই এর অর্থায়নে অত্র বিশ্ববিদ্যালয়ের ১০০ জন শিক্ষক এই সেমিনারে অংশগ্রহণ করেছেন।

## বৈষম্য বিরোধী গণঅভ্যুত্থানে আহত ও শহীদদের স্মরণে স্মরণ সভা অনুষ্ঠিত



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) বৈষম্য বিরোধী গণঅভ্যুত্থানের শহীদ ও আহত ছাত্রজনতার স্মরণে স্মরণসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। মঙ্গলবার (২৬ নভেম্বর) বিকালে শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে ওই অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ছাত্র বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মোঃ শহীদুল হক। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাকৃবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ রফিকুল ইসলাম সরদার এবং ময়মনসিংহের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মাহফুজুল আলম মাসুম। বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা এবং কর্মচারীগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন । সভায় জুলাই বিপ্লবে আহত বাকৃবি কৃষি অনুষদের চতুর্থ বর্ষের ছাত্র মাহমুদুল হাসান এই ঐতিহাসিক বিপ্লবের উপর স্মৃতিচারণ করেন। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া বলেন জুলাই বিপ্লবের চেতনা যুগে যুগে টিকে থাকবে, অন্যায়-অত্যাচার নিপীড়ন এবং জুলুমের বিরুদ্ধে আমাদের রুখে দাঁড়াতে সাহায্য করবে।

অনুষ্ঠানে জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার গণআন্দোলনে যারা শহীদ হয়েছেন এবং যারা আহত হয়ে পঙ্গুত্ব বরণ করেছেন এবং এখনো যারা হাসপাতালে চিকিৎসাধীন আছেন তাদের জন্য দোয়া পরিচালনা করা হয় এবং উত্তাল সেই দিনগুলোর উপর নির্মিত ভিডিও ক্লিপস প্রদর্শন করা হয়।

## বিশ্ব মৃত্তিকা দিবস-২০২৪ পালিত




বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা বিজ্ঞান বিভাগের আয়োজনে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে ০৫ ডিসেম্বর ২০২৪ বৃহস্পতিবার বাকৃবি ক্যাম্পাসে বিশ্ব মৃত্তিকা দিবস ২০২৪ পালিত হয়েছে। কর্মসূচির অংশ হিসাবে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবন সংলগ্ন করিডোর হতে একটি বর্ণাঢ্য র‍্যালি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে কৃষি অনুষদের সম্মুখে এসে শেষ হয়। র‍্যালি উদ্বোধন করেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। দিবসটির এবারের প্রতিপাদ্য- 'মাটির পরিচর্যা : পরিমাপ, পরীক্ষণ, পরিচালন'। দিবসটি পালনে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের কনফারেন্স রুমে সকাল ১০:০০ টায় মৃত্তিকা বিজ্ঞান বিভাগের প্রধান সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ গোলাম কিবরিয়া এর সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক। সহকারী অধ্যাপক ইমরান আহাম্মদ সিদ্দিকী এর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি অনুষদের ডিন প্রফেসর ড. জি. এম. মুজিবর রহমান এবং সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন মৃত্তিকা বিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম। সেমিনারে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী,কর্মকর্তা,কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ২০১৪ সালের ৫ ডিসেম্বর প্রথমবারের মতো জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার মাধ্যমে আনুষ্ঠানিকভাবে পৃথিবীতে 'বিশ্ব মৃত্তিকা দিবস' পালিত হয়। বিশ্বের সব দেশে সুস্থ মৃত্তিকার সুফল লাভে উৎসাহিত করতেই প্রতি বছর ৫ ডিসেম্বর বিশ্বব্যাপী দিবসটি পালিত হয়ে আসছে এবং এরই অংশ হিসাবে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় প্রতি বছর দিবসটি পালন করছে।

# ইতিবাচক সমাজ বিনির্মাণে সাংবাদিকদের সাহসী ও অগ্রণী ভূমিকা রাখার আহবান বাকৃবি ভিসির



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট ট্রেনিং ইন্সটিটিউট এর আয়োজনে বৃহস্পতিবার (০৫ ডিসেম্বর ২০২৪) সকাল ১০:০০টায় "এগ্রিবিজনেস মার্কেটিং, ইনভেস্টিগেটিভ এন্ড ডিজিটাল মিডিয়া জার্নালিজম" শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধন করেছেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া।

জিটিআই পরিচালক প্রফেসর ড. বেনতুল মাওয়ার সভাপতিত্বে, কোর্স কো-অর্ডিনেটর প্রফেসর ড. মোঃ মোজাম্মেল হকের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক, ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. হুমায়ুন কবির, প্রক্টর প্রফেসর ড. মোঃ আবদুল আলীম। এছাড়াও উপস্থিত ছিলেন বাকৃবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোঃ আসাদুজ্জামান সরকার, হাওর ও চর উন্নয়ন ইনস্টিটিউটের পরিচালক প্রফেসর ড. মোঃ আবুল কালাম আজাদ, ইন্টারন্যাশনাল ডেস্কের পরিচালক প্রফেসর ড. মোঃ শহিদুল ইসলাম, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী মোঃ মনিরুজ্জামান এবং জনসংযোগ ও প্রকাশনা দফতরের পরিচালক (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তৌফিকুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া সাংবাদিকদের জাতির দর্পন উল্লেখ করে সকল ক্ষেত্রে ইতিবাচক ধ্যান-ধারণাসম্পন্ন সাংবাদিকতার তাগিদ দেন। তিনি বলেন, আমাদের এমন সংবাদ পরিবেশন করতে হবে, যা মানুষকে অনুপ্রাণিত করবে, সচেতনতা বাড়াবে এবং দক্ষতা ও উন্নয়নে সহায়ক হবে।

তিনি জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানে নিহত এবং আহতদের প্রতি গভীর শোক ও শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং এই আন্দোলনের চেতনা আমরা যেন বিস্মৃত না হই সেজন্যে ওই ঐতিহাসিক ঘটনার মোটিভেটিং নিউজ করতে সাংবাদিকদের পরামর্শ দেন। তিনি প্রশিক্ষার্থী সাংবাদিকদের নীতি নৈতিকতা বজায় রেখে সাহসের সাথে নিউজ করতে আহবান জানান। "এগ্রিবিজনেস মার্কেটিং, ইনভেস্টিগেটিভ এবং ডিজিটাল মিডিয়া জার্নালিজম" শীর্ষক এ প্রশিক্ষণে বাকৃবিতে কর্মরত বিভিন্ন জাতীয় দৈনিক ও অনলাইন নিউজ পোর্টালের ১৭ জন সাংবাদিক ও ২ জন জনসংযোগ কর্মকর্তা অংশগ্রহণ করেন।

# বাংলাদেশ সোসাইটি অফ এগ্রোনমি এর দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত



"বাংলাদেশ সোসাইটি অফ এগ্রোনমি (বিএসএ) এর দ্বিতীয় আন্তর্জাতিক ও ২৩তম জাতীয় সম্মেলন ২০২৪" বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) এর সৈয়দ নজরুল ইসলাম কনফারেন্স হলে ০৭ ডিসেম্বর অনুষ্ঠিত হয়েছে।

বিএসএ এর সভাপতি ড. নুর আহমেদ খন্দকার এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া এবং সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাল্টিমোড গ্রুপের সিইও এবং বাকৃবি'র সিন্ডিকেট সদস্য জনাব আব্দুল আউয়াল মিন্টু।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. মঈনুল হক, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ শফিকুল ইসলাম সিকদার, আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট এর বাংলাদেশ প্রতিনিধি ড. হামনাথ ভান্ডারী, ভিয়েতনাম এফএও এর চিফ টেকনিক্যাল এডভাইজার জনাব সাসু মার্টিনোভ।

অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিমিট এর উর্ধতন বিজ্ঞানী ড. দেবাশীষ চক্রবর্তী, বিএসএ এর কার্য পরিধি সম্পর্কে আলোচনা করেন বিএসএ এর সহ সভাপতি প্রফেসর ড. এ কে এম রুহুল আমিন, স্বাগত বক্তব্য রাখেন কনফারেন্স আয়োজক কমিটির সদস্য সচিব ও সাধারণ সম্পাদক বিএসএ প্রফেসর ড. মোঃ আবদুল কাদের এবং অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য রাখেন বাকৃবি এগ্রোনোমি বিভাগের প্রধান প্রফেসর ড. মোঃ রমিজ উদ্দিন। এবারের সম্মেলনের প্রতিপাদ্য বিষয় 'দীর্ঘ মেয়াদী শস্য উৎপাদনে স্মার্ট এগ্রোনমি'।

প্রধান অতিথির বক্তব্য ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া বলেন, কৃষিতে বিজ্ঞান তখনই উৎপাদনশীল, লাভবান এবং দীর্ঘস্থায়ী হবে যখন রাষ্ট্র, সরকার, শিক্ষা, গবেষণা, কৃষক, উদ্যোক্তা এবং বহিঃপরিসেবা সংস্থা সমূহ সমন্বিতভাবে কাজ করবে।

তিনি আরও বলেন, এগ্রোনমি সেক্টরটি কৃষির সবচেয়ে পুরাতন সেক্টর। ১৯৭০ সনে বাংলাদেশের জনসংখ্যা সাড়ে ৭ কোটি ছিল এখন ১৭ কোটি। একইসাথে আবাদি জমিও কমেছে অনেকাংশে। কৃষির উৎপাদন বহুগুণ বেড়েছে বলেই ১৭ কোটি মানুষের আজ খাদ্যের যোগান হচ্ছে। এটা স্মার্ট কৃষির অবদান। স্মার্ট কৃষি বাস্তবায়নে বাংলাদেশের কৃষিবিদদের বিশাল অবদান রয়েছে।

এছাড়াও মাল্টিমোড গ্রুপের সিইও এবং বাকৃবি সিন্ডিকেট সদস্য আব্দুল আউয়াল মিন্টু বলেন, যদিও কৃষিতে উৎপাদনশীলতা বাড়ছে কিন্তু কৃষি ক্ষেত্রে মানুষের আগ্রহ কমে যাচ্ছে আর সেজন্যেই কৃষি রূপান্তরের সাথে শিল্পায়ন অত্যন্ত জরুরি হয়ে পড়েছে।

এ সময় অনুষ্ঠানে প্রায় ৬ শতাধিক কৃষিতত্ত্ববিদ সদস্য এবং মার্কিন যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, ভিয়েতনাম, নেদারল্যান্ডস, জাপান, ভারত, নেপাল থেকে আগত বিজ্ঞানীসহ দেশি-বিদেশি আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন। দুই দিনব্যাপী এ কর্মশালায় মোট ৮টি কারিগরি সেশন ও পোস্টার সেশন অনুষ্ঠিত হন। এর মধ্যে ১০০টি ওরাল এবং ১০৫টি পোস্টার প্রদর্শিত হয়েছে।

## যথাযোগ্য মর্যাদায় ‘ময়মনসিংহ মুক্ত দিবস’ উদযাপিত




জাতীয় দিবস উদযাপন কমিটির আয়োজনে ১০ ডিসেম্বর ২০২৪ ‘ময়মনসিংহ মুক্ত দিবস’ উদযাপন করেছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি)। জাতীয় দিবস উদযাপন কমিটির সভাপতি ও ছাত্র বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মোঃ শহীদুল হক এর সভাপতিত্বে সকাল ১০টায় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া দিবসটি উদযাপন উপলক্ষে জাতীয় পতাকা উত্তোলন করেন। দিবসটি উদযাপন উপলক্ষে প্রশাসনিক ভবনের সামনে জাতীয় সংগীত পরিবেশনসহ বিশ্ববিদ্যালয়ের পতাকাও উত্তোলন করা হয়। এরপর প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু করে মুক্তিযুদ্ধ স্মৃতিস্তম্ভ পর্যন্ত শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা- কর্মচারীদের অংশগ্রহণে বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। র‍্যালি শেষে বাকৃবি চত্বরে অবস্থিত মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ ও শহিদের প্রতি দোয়া ও মাগফেরাত কামনা করা হয়। বিশ্ববিদ্যালয়ের জাতীয় দিবস উদযাপন কমিটির সভাপতি ও ছাত্র বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মো. শহীদুল হকের সভাপতিত্বে এবং সহযোগী ছাত্র বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ সাইফুল্লাহ'র সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাকৃবি উপাচার্য অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া, বাকৃবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম সরদার ও সাধারণ সম্পাদক ড. মো. আসাদুজ্জামান সরকার, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ড. মো. হেলাল উদ্দীন, কোষাধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. হুমায়ুন কবির, প্রক্টর অধ্যাপক ড. মো. আব্দুল আলীমসহ বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

পুষ্পস্তবক অর্পণ শেষে ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া তাঁর বক্তব্যে বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ঘোষণায় বীর বাঙালি অস্ত্র ধরে নয় মাস যুদ্ধের মাধ্যমে দেশ স্বাধীন করেছিল। চূড়ান্ত বিজয়ের ঠিক পূর্ব মুহূর্তে আজকের এই দিনে ময়মনসিংহ পাক-হানাদার মুক্ত হয়েছে। এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীগণও সরাসরি মুক্তিযুদ্ধের এই আত্মত্যাগে সামিল হয়েছিল। রণাঙ্গনের মুক্তিযোদ্ধাসহ দেশের আপামর জনগণ যারা মুক্তিযোদ্ধাদের পাশে থেকে সর্বাত্মক সহযোগিতা করেছে তাঁদেরকে আমরা সশ্রদ্ধ চিত্তে স্মরণ করি। আমি শহীদদের আত্মার মাগফিরাত কামনা করছি। এছাড়াও অধুনা অতীতে জুলাই-আগস্টে গণ অভ্যুত্থানের মাধ্যমে বাকরুদ্ধ দেশকে বাক-স্বাধীনতা এনে দিতে যারা শহীদ হয়েছেন, পঙ্গুত্ব বরণ করেছেন এবং যারা এখনো হাসপাতালে অসুস্থ তাঁদের সশ্রদ্ধ স্মরণ করি ও দোয়া করি। এছাড়াও তিনি আরোও বলেন, বাংলাদেশ স্বাধীন হয়েছে কারো করতলগত হওয়ার জন্য নয়। এদেশের প্রতিটা ইঞ্চি মাটি স্বাধীন থাকবে, মানুষ স্বাধীনভাবে কথা বলতে পারবে, স্বাধীনতা উপভোগ করবে। এদেশে আর কোন জালিম দুঃশাসক আসবে না- আমি দৃঢ়ভাবে এ প্রত্যয় ব্যক্ত করি। বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে আমাদের সবার উপর যে দায়িত্ব আছে তা সঠিকভাবে পালন করব এবং দেশটাকে এগিয়ে নিয়ে যাব এটাই হবে আজকের দিনে আমার প্রত্যাশা ।

## কর্মকর্তাদের ২৪তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স সম্পন্ন

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের জ্ঞান ও পেশাগত দক্ষতা উন্নয়নের লক্ষ্যে জিটিআই এর ব্যবস্থাপনায় পরিচালিত ২৪তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী এবং সনদ বিতরণ গত ১১ডিসেম্বর ২০২৪ বুধবার কৃষি সম্প্রসারণ ভবনের জিটিআই শ্রেণীকক্ষে অনুষ্ঠিত হয়েছে। জিটিআই পরিচালক প্রফেসর ড. বেনতুল মাওয়া'র সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত) কৃষিবিদ ড. মোঃ হেলাল উদ্দীন এবং ট্রেজারার (অতিরক্ত দায়িত্ব)




প্রফেসর ড. হুমায়ুন কবির। এছাড়াও আইকিউএসি পরিচালক ও প্রশিক্ষণের সিনিয়র কোর্স কো-অর্ডিনেটর প্রফেসর ড. মাছুমা হাবীব, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. মোঃ আসাদুজ্জামান সরকার, বাউএক পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ নাছির উদ্দিন, প্রফেসর ড. মোঃ মোজাম্মেল হকসহ অন্যান্য আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন। লেকচারার তানিয়া আক্তার এবং লেকচারার মোঃ সবুজ রহমানের সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে শুভেচ্ছা বক্তব্য রাখেন উপ-পরিচালক মোঃ আজিজুল হক, ডেপুটি রেজিস্ট্রার কৃষিবিদ ড. মোঃ সাদেকুজ্জামান এবং ডেপুটি রেজিস্ট্রার ড. মোঃ মঞ্জুর হোসেন। সভাপতি প্রফেসর ড. বেনতুল মাওয়া বিশেষ ট্রেনিংয়ের ব্যবস্থা করার জন্যে ভাইস-চ্যান্সেলর মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। প্রধান অতিথি প্রফেসর ড. মোঃ শহীদুল হক তাঁর বক্তব্যের শুরুতে এই বিজয়ের মাসে ১৯৭১ সনে মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী সকলের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন এবং একই সাথে ২০২৪ সনে জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানে অংশগ্রহণকারী সকলের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বলেন- শেখার কোন শেষ নেই এবং তিনি তাদেরকে স্কিল বাড়ানোর প্রতি নজর দেয়ার উপদেশ দেন এবং এই প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত জ্ঞান পেশাগত জীবনে কাজে লাগানোর তাগিদ দেন। পরে তিনি প্রশিক্ষণার্থীদের মধ্যে সার্টিফিকেট ও ক্রেস্ট বিতরণ করেন। ২৪তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটি গত ১৭ নভেম্বর ২০২৪ রবিবার সকাল ১০.০০ টায় কৃষি সম্প্রসারণ ভবনের জিটিআই শ্রেণীকক্ষে প্রধান অতিথি হিসেবে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া শুভ উদ্বোধন করেন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রেজিস্ট্রার কৃষিবিদ ড. মোঃ হেলাল উদ্দীন এবং ট্রেজারার প্রফেসর ড. হুমায়ুন কবির। এছাড়াও আইকিউএসি পরিচালক ও ট্রেনিং এর সিনিয়র কোর্স কো-অর্ডিনেটর প্রফেসর ড. মাছুমা হাবিব, প্রফেসর ড. মোঃ মোজাম্মেল হক সহ অন্যান্য আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন। জিটিআই-পরিচালক প্রফেসর ড. বেনতুল মাওয়ার সভাপতিত্বে এবং লেকচারার তানিয়া আক্তার এবং লেকচারার মোঃ সবুজ রহমানের সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সিনিয়র কোর্স কো-অর্ডিনেটর ও আইকিউএসি পরিচালক প্রফেসর ড. মাছুমা হাবিব। উল্লেখ্য, ১৭ নভেম্বর হতে ১১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত ২৫ দিনের এই বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মোট ২৫ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন এবং পারফরম্যান্স বিবেচনায় ৭ জন কর্মকর্তা বিভিন্ন পুরস্কারে ভূষিত হন।

# শহীদ বুদ্ধিজীবী দিবস-২০২৪ উদযাপিত



যথাযথ মর্যাদা এবং ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২৪ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষ্যে শোক র‍্যালি, ক্যাম্পাসে অবস্থিত বধ্যভুমিতে পুষ্পাঞ্জলি অর্পণ এবং আলোচনা সভার আয়োজন করে বিশ্ববিদ্যালয় জাতীয় দিবস উদযাপন কমিটি ও বাকৃবি শিক্ষক সমিতি। শনিবার (১৪ ডিসেম্বর) সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত ও কালো পতাকা উত্তোলন করা হয়। এরপর সকাল সাড়ে ৭টায় বৈশাখী চত্বর হতে বধ্যভুমি পর্যন্ত শোক র‍্যালি এবং ৮টায় বধ্যভূমি ও গণকবর স্মৃতিফলকে বিশ্ববিদ্যালয়ের পক্ষে পুষ্পস্তবক অর্পণ করেন উপাচার্য অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। পরবর্তীতে জাতীয় দিবস উদযাপন কমিটির ব্যাবস্থাপনায় বিশ্ববিদ্যালয়ের মহিলা সংঘ, রোভার স্কাউটসহ বিভিন্ন সামাজিক, পেশাজীবী ও স্বেচ্ছাসেবী সংগঠনের পক্ষ থেকে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকতা, কর্মচারিগণ বধ্যভূমিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় মুক্তিযুদ্ধের সকল শহিদ ও বুদ্ধিজীবীর আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। বিশ্ববিদ্যালয়ের জাতীয় দিবস উদযাপন কমিটির সভাপতি ও ছাত্র বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মোঃ শহীদুল হক, বাকৃবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ রফিকুল ইসলাম সরদার ও সাধারণ সম্পাদক ড. মোঃ আসাদুজ্জামান সরকার, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ড. মোঃ হেলাল উদ্দীন, দায়িত্বপ্রাপ্ত কোষাধ্যক্ষ অধ্যাপক ড. হুমায়ুন কবির সহ অন্যান্য সিনিয়র শিক্ষক, কর্মকতা, কর্মচারিগণ এবং শিক্ষার্থী ও বিভিন্ন সামাজিক, পেশাজীবী ও স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধিগণ এসময় উপস্থিত ছিলেন। পরে সকাল সাড়ে ৯টায় বাকৃবি শিক্ষক সমিতির আয়োজনে কমিউনিটি সেন্টারে বাকৃবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ রফিকুল ইসলাম সরদারের সভাপতিত্বে 'শহীদ বুদ্ধিজীবী দিবসের তাৎপর্য' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে উপাচার্য অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ধর্মীয় উপাসণালয় গুলোতে শহিদদের আত্মার শান্তি কামনায় বিশেষ প্রার্থনা করা হয়।

# চিত্রাঙ্কন প্রতিযোগীতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে মহান বিজয় দিবস উপলক্ষে শিশু-কিশোর কাউন্সিল এর আয়োজনে রবিবার (১৫ ডিসেম্বর ২০২৪) দুপুর ২.৩০টায় প্রশাসন ভবন সংলগ্ন করিডোরে শিশু-কিশোরদের চিত্রাংকন প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে। চিত্রাঙ্কনে বিভিন্ন ক্যাটাগরিতে নির্বাচিত সেরা বিভিন্ন প্রতিযোগীদের মাঝে পুরস্কার বিতরণ করেন প্রধান অতিথি ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। বাকৃবি শিশু-কিশোর কাউন্সিলের সভাপতি প্রফেসর ড. মোঃ সামছুল আলম এর সভাপতিত্বে এবং সহযোগী ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল্লা'র সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ছাত্রবিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক। এছাড়াও অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন প্রফেসর ড. মোঃ মাসুম আহমাদ, প্রক্টর প্রফেসর ড. মোঃ আব্দুল আলীমসহ শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী এবং অভিবাবকবৃন্দ। প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া বলেন যে ১৯৭১ সালে পাকিস্তানি শাসক শ্রেণির অন্যায় অবিচারের প্রতিবাদে পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে আমরা যুদ্ধ করে দেশ স্বাধীন করেছি এবং সেই একাত্তরের চেতনাকে ধারণ করেই জুলাই-আগস্টে(২০২৪) ছাত্র জনতা ফ্যাসিস্ট সরকারের বিরুদ্ধে গনঅভ্যুত্থানের মাধ্যমে বিজয় অর্জন করেছে এবং এই প্রতিবাদী স্পৃহাই বাঙ্গালির আসল চরিত্র। তিনি উপস্থিত শিশু-কিশোরদের বলেন যে আমাদের এই দেশকে ভালোবাসতে হবে, অন্যায়ের প্রতিবাদ করতে হবে এবং সততার সাথে দায়িত্ব পালন করে দেশকে এগিয়ে নিতে হবে।

# বর্ণাঢ্য আয়োজনে বাকৃবিতে মহান বিজয় দিবস উদযাপিত

যথাযোগ্য মর্যাদা ও উৎসবমুখর পরিবেশে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ১৬ ডিসেম্বর ২০২৪, সোমবার মহান বিজয় দিবস উদযাপিত হয়েছে। বিশ্ববিদ্যালয় জাতীয় দিবস উদযাপন কমিটির আয়োজনে গৃহীত অনুষ্ঠানমালায় বিভিন্ন পেশাজীবী, সামাজিক ও স্বেচ্ছাসেবী সংগঠনসহ নানান শ্রেণি পেশার মানুষ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীগণ অংশগ্রহণ করেন।




মহান বিজয় দিবস উপলক্ষ্যে সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবন, আবাসিক হলসহ অন্যান্য অফিসে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। সকাল ৭টায় বিশ্ববিদ্যালয়ের স্টেডিয়ামে জাতীয় দিবস উদযাপন কমিটির আয়োজনে ছাত্রবিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হকের সভাপতিত্বে উপস্থিত ছিলেন প্রধান অতিথি ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। তিনি বলেন আজকের এই দিন বাংলাদেশিদের জন্যে এক ঐতিহাসিক দিন। আজ থেকে ৫৩ বছর আগে আমরা পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে যে বিজয় অর্জন করেছি সেই বিজয় আমাদের জন্যে আনন্দের, গর্বের, শ্রদ্ধার এবং অহংকারের"। তিনি ১৯৭১ সনের মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী সকল মুক্তিযোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। মুক্তিযুদ্ধের শহীদ এবং যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

এছাড়াও তিনি ২০২৪ সনে গণতন্ত্রের জন্য, বাকস্বাধীনতার জন্যে যে সমস্ত ছাত্র-জনতা নিজের জীবন অকাতরে বিসর্জন দিয়ে অভ্যুত্থানের মাধ্যমে দেশকে স্বৈরাচার মুক্ত করেছেন, আমাদের বাকস্বাধীনতা ফিরিয়ে দিয়েছেন তাদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। ভবিষ্যতে কোন স্বৈরাচার যেন রাষ্ট্রীয় ক্ষমতায় না আসতে পারে সে ব্যাপারে সবাইকে সজাগ থাকার আহবান জানান।

# অবসরপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারবর্গের সংবর্ধনা অনুষ্ঠিত

যথাযথ মর্যাদা, শ্রদ্ধা এবং ভালোবাসায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কমপ্লেক্সে গত ১৭ ডিসেম্বর ২০২৪, সন্ধ্যা ৭.০০টায় অত্র বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা এবং শহীদ পরিবারবর্গের সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয় জাতীয় দিবস উদযাপন কমিটির আয়োজনে গৃহীত এই সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড.শহিদুল হকের সভাপতিত্বে এবং সহযোগী ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল্লাহ'র সঞ্চালনায় বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সরদার, হাওর ও চর গবেষণা ইন্সটিটিউট এর পরিচালক প্রফেসর ড. মোঃ আবুল কালাম আজাদ



মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য প্রফেসর ড. মাহবুবা জামান, মুক্তিযোদ্ধা সন্তান প্রফেসর ড. আরিফুল ইসলাম প্রেসিডেন্ট সিকিউরিটি কাউন্সিল, মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য প্রফেসর ড. মোঃ মকবুল হোসেন, শহীদ মুক্তিযোদ্ধা সন্তান প্রফেসর ড. বাহানুর রহমান, ডীন ভেটেরিনারি অনুষদ, বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম (অবসরপ্রাপ্ত) এবং অত্র বিশ্ববিদ্যালয়ের একমাত্র শহীদ বুদ্ধিজীবী প্রফেসর এ.বি.এম. আশরাফ-উল ইসলাম ভূঁইয়ার বড় সন্তান এবং ভাইস-চ্যান্সেলর এর সহধর্মিণী দিলরুবা আশরাফ আবেগঘন বক্তব্য রাখেন। সভাপতির বক্তব্যে প্রফেসর ড. মোঃ শহিদুল হক বলেন যে মুক্তিযোদ্ধা তাদের জীবনের বিনিময়ে আমাদের একটা দেশ দিয়ে আমাদের ঋণী করেছেন। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া শুরুতে মহান মুক্তিযুদ্ধ এবং মুক্তি যোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা এবং কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি ১৯৭১ এর চেতনা আমাদের সবাইকে লালন করার পরামর্শ দেন। তিনি মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জাতির সামনে তুলে ধরতে সকলের প্রতি আহবান রাখেন এবং একইসাথে ২০২৪ সনের জুলাই-আগস্টের গণ অভ্যুত্থানের চেতনা ধরে রাখার জন্যে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার উপদেশ দেয় এছাড়াও ভবিষ্যতে এধরণের মহতী অনুষ্ঠান আরো বড় পরিসরে আয়োজনের পরামর্শ দেন। অনুষ্ঠান শেষে ভাইস-চ্যান্সেলর শহীদ বুদ্ধিজীবি পরিবারের সদস্য মিসেস রাজিয়া আশরাফ, মুক্তিযোদ্ধা নুরুল ইসলামসহ অন্যান্য পরিবারবর্গের মাঝে স্মারক উপহার প্রদান করেন। উল্লেখ্য, উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) কৃষিবিদ ড. মোঃ হেলাল উদ্দিন, ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. হুমায়ুন কবির, কো-অর্ডিনেটর প্রফেসর ড. মোঃ সামছুল আলম, বাউরেস পরিচালক প্রফেসর ড. মোঃ হাম্মাদুর রহমান, প্রফেসর ড. মোঃ আব্দুল বাতেন,পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক প্রফেসর ড. মোঃ মোশাররফ উদ্দীন ভূঞা , প্রক্টর প্রফেসর ড. মোঃ আবদুল আলীম, প্রফেসর ড. আহমদ খায়রুল হাসান অন্যান্য আমন্ত্রিত শিক্ষক-কর্মকর্তা, কর্মচারী এবং মুক্তিযুদ্ধে শহীদ পরিবারবর্গ উপস্থিত ছিলেন।

## কৃষক প্রশিক্ষণ-২০২৪




বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে প্রফেসর গোলাম আলী ফকির সীড প্যাথলজি সেন্টারে "শীতকালীন সবজী বীজ এর জীবাণু সনাক্তকরণ, দমন এবং সংরক্ষণ" বিষয়ক দিনব্যাপী কৃষক প্রশিক্ষণ কর্মসুচী ১৯ ডিসেম্বর ২০২৪ সম্পন্ন হয়েছে। পরিকল্পনা ও উন্নয়ন শাখার পরিচালক প্রফেসর ড. মোঃ মোশাররফ উদ্দীন ভূঞা প্রধান অতিথি হিসেবে সকাল ৯.৩০টায় উক্ত কর্মসুচীর উদ্বোধন ঘোষণা করেন।

প্রফেসর গোলাম আলী ফকির সীড প্যাথলজি সেন্টারের পরিচালক প্রফেসর ড. মোঃ আইয়ুব আলী'র সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের প্রফেসর ড. মোঃ আতিকুর রহমান খোকন। কৃষিবিদ ড. পুর্ণিমা দে'র সঞ্চালনায় এবং কৃষিবিদ ড. মোঃ মাহমুদুল হাসান চৌধুরীর কো-অর্ডিনেশনে আরও উপস্থিত ছিলেন প্রফেসর ড. মোহাম্মদ শাহজাহান মঞ্জিলসহ অন্যান্য আমন্ত্রিত কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। বিশেষ অতিথির বক্তব্যে প্রফেসর ড. মোঃ আতিকুর রহমান খোকন এই ট্রেনিংয়ের সফলতা কামনা করেন এবং ভবিষ্যতে বছরব্যাপী আরো অধিক পরিমানে ট্রেনিংয়ের আয়োজন করার পরামর্শ দেন। প্রফেসর ড. মোহাম্মদ শাহজাহান মঞ্জিল বীজের স্বাস্থ্যের ওপর গুরুত্বারোপ করে সীড প্যাথলজি সেন্টারের ভবিষ্যৎ কার্যক্রমের সফলতা কামনা করেন। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. মোঃ মোশাররফ উদ্দীন ভূঞা বলেন ভালো ফসল পেতে হলে ভালো বীজের বিকল্প নেই। তিনি মাঠপর্যায়ের কৃষকদের কঠোর পরিশ্রমের মাধ্যমে সবজী উৎপাদনের জন্যে বিশেষভাবে ধন্যবাদ জানান। উল্লেখ্য দিনব্যাপী এই ট্রেনিং এ সর্বমোট ২০ জন কৃষক-কৃষাণী অংশগ্রহণ করেছেন ।

## বাকৃবিতে সাংবাদিকদের প্রশিক্ষণের সনদপত্র ও ক্রেস্ট বিতরণী অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট ট্রেনিং ইন্সটিটিউট এর আয়োজনে গত ২১ ডিসেম্বর ২০২৪ সকাল ১১:০০টায় "এগ্রিবিজনেস মার্কেটিং, ইনভেস্টিগেটিভ এন্ড ডিজিটাল মিডিয়া জার্নালিজম" শীর্ষক প্রশিক্ষণের সার্টিফিকেট ও ক্রেস্ট বিতরণী অনুষ্ঠিত হয়। জিটিআই পরিচালক প্রফেসর ড. বেনতুল মাওয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন




বাংলাদেশ সংবাদ সংস্থা এর ব্যাবস্থাপনা পরিচালক জনাব মাহবুব মোরশেদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক এবং ড. অনুরাধা ভদ্র মহাপরিচালক, বাংলাদেশ ফিসারিজ রিসার্চ ইন্সটিটিউট। উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন সদস্য প্রফেসর ড. মাছুমা হাবিব। এছাড়াও উপস্থিত ছিলেন কোর্স কো-অর্ডিনেটর প্রফেসর ড. মোঃ মোজাম্মেল হক, প্রফেসর ড. মোঃ রুহুল আমীন, প্রফেসর ড. মোঃ আরিফুল ইসলাম, প্রফেসর ড. ফাতেমা হক শিখাসহ অন্যান্য আমন্ত্রিত শিক্ষক-কর্মকর্তা এবং বিভিন্ন পর্যায়ের সাংবাদিকবৃন্দ। স্বাগত বক্তব্য রাখেন দৈনিক বাংলার প্রতিনিধি আতিকুর রহমান এবং শুভেচ্ছা বক্তব্য রাখেন জনসংযোগ ও প্রকাশনা দফতরের পরিচালক (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তৌফিকুল ইসলাম। বক্তব্য রাখেন বাকৃবি সাংবাদিক সমিতির সভাপতিসহ অন্যান্য বিশেষ অতিথিবৃন্দ।

উল্লেখ্য যে, ৫ থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত ৬ দিনব্যাপী এই প্রশিক্ষণে বাকৃবিতে কর্মরত বাকৃবি সাংবাদিক সমিতির সদস্যদের মধ্যে বিভিন্ন জাতীয় দৈনিক ও অনলাইন নিউজ পোর্টালের ১৭ জন সাংবাদিক ও ২ জন জনসংযোগ কর্মকর্তা অংশ নেন।

## গাভীর প্রজনন স্বাস্থ্য ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণের সমাপনী ও সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠিত



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সিডিভিএফ এর আয়োজন এবং ব্র্যাক, বাংলাদেশ এর অর্থায়নে ৫দিন ব্যাপী গাভীর প্রজনন স্বাস্থ্য ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণের সমাপনী ও সার্টিফিকেট বিতরণী গত ২৫ ডিসেম্বর ২০২৪ বুধবার সার্জারি ও অবস্টেট্রিক্স বিভাগের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছে। সার্জারি ও অবস্টেট্রিক্স বিভাগের প্রধান ড. মোমেনা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ভেটেরিনারি অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ বাহানুর রহমান। অন্যান্যে মাঝে বক্তব্য রাখেন কোর্স কো-অডিনেটর ও চেয়ার সিডিভিএফ বাকৃবি প্রফেসর ড. মোঃ মোশাররফ উদ্দিন ভূঞা, ব্র্যাক প্রতিনিধি ড. রিপন মিয়া, প্রশিক্ষণার্থী ড. হোসনে আরা সম্পা, ড. মারুফ উদ্দিন। প্রধান অতিথি ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া বলেন ২০২৪ সনের জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার গণআন্দোলনে যারা শহীদ হয়েছেন এবং যারা আহত হয়ে পঙ্গুত্ব বরণ করেছেন এবং এখনো যারা হাসপাতালে চিকিৎসাধীন আছেন তিনি তাদের প্রতি গভীর শ্রদ্ধা ও সমবেদনা প্রকাশ করেন। এছাড়াও তিনি বিগত ১৫ বছরের দুঃশাসনে যারা ন্যায়বিচার থেকে বঞ্চিত এবং নির্যাতিত তাদের প্রতি সমবেদনা প্রকাশ করেন। তিনি এই প্রশিক্ষণের সাফল্য কামনা করেন। তিনি আরো বলেন প্রশিক্ষণের কোন বিকল্প নেই। প্রশিক্ষণের মাধ্যমে আপনারা হাতে কলমে যা শিখে গেলেন তা মাঠ পর্যায়ে প্রয়োগ করে খামারিদেরকে উপকৃত করতে হবে। ব্র্যাকের এ ধরনের কর্মসুচির জন্য তিনি ব্র্যাককে ধন্যবাদ জানান। এ ধরনের কর্মসুচি অব্যাহত থাকবে বলে তিনি আশা প্রকাশ করেন। প্রশিক্ষণে ৩০ জন ভেটেরিনারিয়ান অংশ গ্রহণ করেন। অনুষ্ঠান সঞ্চালনা করেছেন সার্জারি ও অবস্টেট্রিক্স বিভাগের শিক্ষক প্রফেসর ড. জয়ন্ত ভট্রাচার্য।

## বাকৃবি'র ২০২৫ সনের ডায়েরি ও ক্যালেন্ডার প্রকাশ



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ২০২৫ সনের ডায়েরি, দেয়াল ক্যালেন্ডার, ডেস্ক ক্যালেন্ডার ও টেবিল ক্যালেন্ডার প্রকাশিত হয়েছে। ২৬ ডিসেম্বর ২০২৪ (বৃহস্পতিবার) বিকাল ৫.০০টায় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া এর বিতরণ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন।

এ সময় ক্যালেন্ডার মুদ্রণ কমিটির সভাপতি ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক, ডায়েরি মুদ্রণ কমিটির সভাপতি

প্রফেসর ড. মোঃ আলী রেজা ফারুক, ডায়েরি মুদ্রণ কমিটির সদস্য প্রফেসর ড. মোঃ গোলাম মর্তুজা, ক্যালেন্ডার মুদ্রণ কমিটির সদস্য প্রফেসর ড. মোঃ আসাদুজ্জামান সরকার, প্রফেসর ড. এম. আরিফুল ইসলাম, উভয় কমিটির সদস্য রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) কৃষিবিদ ড. মোঃ হেলাল উদ্দীন, উভয় কমিটির সদস্য ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. হুমায়ুন কবির উভয় কমিটির সদস্য-সচিব জনসংযোগ ও প্রকাশনা দফতরের পরিচালক (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তৌফিকুল ইসলাম সহ জনসংযোগ ও প্রকাশনা দফতরের সকল কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া যথাসময়ে ২০২৫ সনের ডায়েরি ও ক্যালেন্ডার মুদ্রণ কাজ সম্পন্ন করায় সংশ্লিষ্ট কমিটির সদস্যবৃন্দসহ জনসংযোগ ও প্রকাশনা দফতরকে আন্তরিক ধন্যবাদ জানান এবং তিনি ডায়েরি ও ক্যালেন্ডারের গুণগতমান উন্নয়ন করায় সংশ্লিষ্টদের সাধুবাদ জানান এবং এই ধারা ভবিষ্যতেও অব্যাহত রাখতে নির্দেশনা দেন ।

## সিন্ডিকেটের ৩২৭তম অধিবেশন অনুষ্ঠিত



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের ৩২৭তম অধিবেশন ৩০ ডিসেম্বর ২০২৪, সোমবার বেলা ২.৩০টায় ভাইস-চ্যান্সেলরের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট অধিবেশনে সদস্যবৃন্দের মাঝে উপস্থিত ছিলেন ভেটেরিনারি অনুষদীয় ডিন প্রফেসর ড. মোঃ বাহানুর রহমান, কৃষি অনুষদীয় ডিন প্রফেসর ড. জি.এম. মুজিবর রহমান, চেয়ারম্যান ও সিইও, মাল্টিমোড গ্রুপ অব কোম্পানিজ আব্দুল আউয়াল মিন্টু, সাবেক সচিব শেখ এ কে মোতাহার হোসেন, মহাপরিচালক (বিনা) ড. মোঃ আবুল কালাম আজাদ; প্রফেসর (অব.) ড. মঈনুদ্দীন আহমদ, বাকৃবির অবসরপ্রাপ্ত ট্রেজারার মোঃ রাকিব উদ্দিন, প্রফেসর ড. মোঃ আনোয়ারুল হক এবং সিন্ডিকেট সচিব রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) কৃষিবিদ ড. মোঃ হেলাল উদ্দীন। সিন্ডিকেট সভায় বিগত সময়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসহ দেশের বিশিষ্ট ব্যক্তিবর্গের মৃত্যুতে শোক প্রকাশ করা হয় এবং তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয়। সিন্ডিকেট অধিবেশনে শিক্ষা, গবেষণা, আর্থিক বিষয় ও আপগ্রেডেশনসহ নানাবিধ গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

## কেন্দ্রীয় গবেষণাগারে ‘ফ্রিজিং ইউনিট’ এর উদ্বোধন




বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় মুহাম্মদ হোসেন কেন্দ্রীয় গবেষণাগারে ২টি মাইনাস ৮৬ ডিগ্রী সেন্টিগ্রেড ফ্রিজার (- 86°C Freezer) প্রতিস্থাপন করা হয়েছে। বাকৃবির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া ৩১ ডিসেম্বর ২০২৪, মঙ্গলবার দুপুর ১২.০০ টায় ফ্রিজার ইউনিটটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন। বাকৃবির মুহাম্মদ হোসেন কেন্দ্রীয় গবেষণাগারের পরিচালক প্রফেসর ড. মোঃ আমির হোসেনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক, বাউরেস পরিচালক প্রফেসর ড. মোঃ হাম্মাদুর রহমান, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সরদার, সোনালী দলের সভাপতি প্রফেসর ড. মোঃ আলী রেজা ফারুক, কেন্দ্রীয় গবেষণাগারের সহযোগী পরিচালক প্রফেসর ড. মোঃ মাহমুদুল আলম, প্রক্টর প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. হুমায়ুন কবির, বিভিন্ন হলের প্রভোস্ট, সহকারী প্রক্টর প্রফেসর ড. মোঃ মুনির হোসেন, প্রফেসর ড. মোঃ আনিছুর রহমান মজুমদার, টেকনোওয়ার্থ এর সেলস ম্যানেজার কৃষিবিদ লুৎফর রহমান। ফ্রিজিং পয়েন্ট উদ্বোধন শেষে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া তাঁর বক্তব্যে বলেন এই ফ্রিজারগুলো খুবই মূল্যবান বিধায় সঠিকভাবে ব্যাবহারের নিমিত্তে সংশ্লিষ্ট স্টাফদের যথাযথ ট্রেনিংয়ের পরামর্শ দেন এবং এখান থেকে বিশ্ববিদ্যালয়ের কিছুটা আয় সংস্থানের পরামর্শ দেন। তিনি আরও বলেন ছাত্র, শিক্ষক ও গবেষক এগুলো যেন সহজেই ব্যাবহার করতে পারে সেদিকে গুরুত্ব দিতে হবে এবং অত্র বিশ্ববিদ্যালয়ের অন্যান্য বিভাগের মূল্যবান সচল যন্ত্রপাতি অব্যবহৃত অবস্থায় থাকলে সেগুলো অগ্রাধিকার ভিত্তিতে কেন্দ্রীয় গবেষণাগারে প্রতিস্থাপন করা যেতে পারে বলে মত প্রকাশ করেন।

উল্লেখ্য যে, এই ফ্রিজার ইউনিট উদ্বোধনের মাধ্যমে বাকৃবির শিক্ষক, গবেষক ও ছাত্র-ছাত্রী তাদের প্রয়োজনীয় গবেষণা স্যাম্পল -৪০°C হতে -৮৬°C তাপমাত্রায় সংরক্ষণ করতে পারবে এবং এর জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সার্ভিস চার্জ প্রদান করতে হবে।

# স্নাতক ২০২৩-২৪ শিক্ষাবর্ষের নবাগত ছাত্র-ছাত্রীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের নবাগত ছাত্র-ছাত্রীদের কেন্দ্রীয় ওরিয়েন্টেশন ০৪ জানুয়ারি ২০২৫ (শনিবার) সকাল সাড়ে ১০টায় শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর ও সাবেক রাষ্ট্রদূত প্রফেসর ড. আনোয়ারউল্লাহ চৌধুরী এবং প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন বাকৃবি ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিন পরিষদের আহবায়ক প্রফেসর ড. মোঃ জয়নাল আবেদীন, প্রভোস্ট পরিষদের আহবায়ক প্রফেসর ড. মোঃ রুহুল আমিন, প্রক্টর প্রফেসর ড. মোঃ আবদুল আলীম এবং রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) কৃষিবিদ ড. মোঃ হেলাল উদ্দীন।

অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. আনোয়ারউল্লাহ চৌধুরী নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন- গ্রামের রাখাল বালক যার মেধা কম ছিল না কিন্তু স্কুল-কলেজের গন্ডি পেরিয়ে উচ্চ শিক্ষার জন্য সে আসতে পারেনি। কিন্তু তোমরা এ বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ পেয়েছ, তাই তোমরা সৌভাগ্যবান। শ্রেণীবিভক্ত এই সমাজ ব্যবস্থায় তোমরাই পারবে বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠা করতে, যেমনটি তোমরা ২৪ এর গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে স্বৈরাচারী সরকারের পতন ঘটিয়ে দেখিয়েছো। সেজন্য প্রথমে তোমাদের নিজেদেরকে সমৃদ্ধ করতে হবে জ্ঞান আহরণের মধ্য দিয়ে। শিক্ষার্থী হিসেবে বিশ্ববিদ্যালয় তোমার জন্য সুযোগ সৃষ্টি করে দিবে, তুমি সে সুযোগের সদ্ব্যবহার করে নিজেকে উত্তম মানুষ ও দেশপ্রেমে উদ্বুদ্ধ সুনাগরিক হিসেবে গড়ে তুলবে, দেশ ও জনগণের স্বার্থে আত্মনিয়োগ করবে। সুতরাং জ্ঞানচর্চাই হবে এখন থেকে তোমাদের প্রথম দায়িত্ব। প্রধান পৃষ্টপোষক ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া বক্তব্যের শুরুতে ১৯৫২ থেকে শুরু করে ৬৯, ৭১, ৯০ এবং সবশেষে ২০২৪ সালের ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে যাঁরা দেশের জন্য, ভাষার জন্য, রাষ্ট্রের অখন্ডতার জন্য জীবন উৎসর্গ করেছেন এবং পঙ্গুত্ববরণ করেছেন তাঁদের সকলকে সশ্রদ্ধচিত্তে স্মরণ করেন। তিনি আরও বলেন, বাকৃবি একটা গৌরবান্বিত নাম, একটি ব্র্যান্ড। এই বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটেরা খাদ্য উৎপাদন ও স্বয়ংসম্পূর্ণতার পেছনের কারিগর। ১৯৭১ সালের সাড়ে ০৭ কোটি মানুষ বেড়ে এখন ১৭ কোটি ছাড়িয়েছে, এই বিপুল জনগোষ্ঠীর পুষ্টি এবং খাদ্য নিরাপত্তার জন্য নিরলসভাবে শ্রম দিয়ে যাচ্ছে বাকৃবি'র গ্রাজুয়েটগণ। একসময় বাংলাদেশকে বলা হতো তলা বিহীন বাস্কেট, এখন সে অপবাদ মিউজিয়ামে চলে গিয়েছে। বাংলাদেশকে এখন আর কেউ তলা বিহীন বাস্কেট বলতে পারবে না, যদি না কোন স্বৈরশাসক বা শোষকগোষ্ঠী বাংলাদেশে আর ফিরে না আসে। এছাড়াও তিনি বলেন, এক সময় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে র‍্যাগিং নামে একটি বিষাক্ত শব্দ ছিল। ৫ আগস্ট এর পর এই বিশ্ববিদ্যালয়ে র‍্যাগিং নামক শব্দটি শূন্যের কোঠায় চলে এসেছে। ভয়হীন শিক্ষাবান্ধব পরিবেশে নবীন শিক্ষার্থীরা বাকৃবিকে আরো অনন্য উচ্চতায় নিয়ে যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সহযোগী ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল্লাহ'র সঞ্চালনায় নবীন ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে অভিব্যাক্তি প্রকাশ করেন ভেটেরিনারি অনুষদের ছাত্র মোঃ মুতাসসিমুল ইসলাম ও কৃষি অনুষদের নুসরাত তাহমিনা ভূইয়া। অনুষ্ঠানে সকল অনুষদীয় ডিন, বিভাগীয় প্রধান, শিক্ষক-শিক্ষার্থী, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালকগণ ও নবীন শিক্ষার্থীসহ কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।

# পাবলিক বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের ২৫তম ও ২৬তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স সম্পন্ন




বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের জ্ঞান ও পেশাগত দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অর্থায়নে এবং জিটিআই এর ব্যবস্থাপনায় বাংলাদেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের অংশগ্রহণে ২৫তম এবং ২৬তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স সম্পন্ন হয়েছে। গত ০৫ জানুয়ারি ২০২৫ সকাল ১০.০০ টায় কৃষি সম্প্রসারণ শিক্ষা ভবনের জিটিআই শ্রেণীকক্ষে প্রধান অতিথি ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া কোর্স দুটির শুভ উদ্বোধন করেছেন। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ছাত্রবিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) কৃষিবিদ ড. মোঃ হেলাল উদ্দীন এবং ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. হুমায়ুন কবির।

জিটিআই-পরিচালক প্রফেসর ড. বেনতুল মাওয়ার সভাপতিত্বে এবং লেকচারার তানিয়া আক্তার এবং লেকচারার মোঃ সবুজ রহমানের সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন

সিনিয়র কোর্স কো-অর্ডিনেটর প্রফেসর ড. মোঃ মোজাম্মেল হকসহ অন্যান্য বিশেষ অতিথিবৃন্দ। প্রধান অতিথি ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া তাঁর বক্তব্যের শুরুতে বাংলাদেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে আগত কর্মকর্তাদের শুভেচ্ছা জানিয়ে ১৯৫২ থেকে ২০২৪ সাল পর্যন্ত সকল ঐতিহাসিক গণআন্দোলনে জীবন উৎসর্গকারী শহীদদের প্রতি অশেষ শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি আরও বলেন প্রতিটি প্রশিক্ষণ থেকেই নতুন করে নিজেকে আপডেট করা যায় তাই সকল প্রশিক্ষণার্থীদের প্রতিযোগীতামূলক মনোভাব নিয়ে এই প্রশিক্ষণ সম্পন্ন করতে উপদেশ দেন । তিনি প্রশিক্ষণ সম্পন্ন করে পেশাগত ও সামাজিক জীবনে কর্মকর্তাদের অধিকতর স্মার্টনেস অর্জনের মধ্য দিয়ে সমাজ তথা দেশকে এগিয়ে নেয়ার তাগিদ দেন। উল্লেখ্য সারাদেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ শুধুমাত্র বাকৃবির জিটি আই তে নিয়মিতভাবে হয়ে আসছে। ০৫ জানুয়ারি হতে ২৯ জানুয়ারি ২০২৫ পর্যন্ত ২৫ দিনের এই দুটি বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে বাংলাদেশের ২২টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মোট ৫০ জন কর্মকর্তা অংশগ্রহণ করছেন ।

## পশুপালন অনুষদের ইন্টার্নশীপ প্রোগ্রামের সমাপনি ও সার্টিফিকেট বিতরণ



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের পশু পালন অনুষদের ২০তম ব্যাচ (জানুয়ারী-জুন, ২০২৩) এর বিএসসি. এ. এইচ (অনার্স) গ্রাজুয়েটদের ইন্টার্নশীপ প্রোগ্রামের সমাপনী এবং সার্টিফিকেট বিতরণী মঙ্গলবার (০৭/০১/২৫) সকাল ১০:৩০ টায় সৈয়দ নজরুল ইসলাম সম্মেলন ভবনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। পশু পালন অনুষদের ডিন এবং ইন্টানর্শীপ সমাপনী ও সার্টিফিকেট প্রদান কমিটির আহবায়ক প্রফেসর ড. মোঃ রুহুল আমিনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শাকিলা ফারুক, মহাপরিচালক (সা.দা.) বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট, সাভার, ঢাকা, কৃষিবিদ মোঃ তৌহিদুল ইসলাম, সিনিয়র জেনারেল ম্যানেজার (উৎপাদন ও পরিচালনা, নারিশ পোল্ট্রি এন্ড হ্যাচারী লিঃ উত্তরা, ঢাকা ও জনাব খবিবুর রহমান, টিম লিডার, ইউ এস সয়াবিন এক্সপোর্ট কাউন্সিল, বাংলাদেশ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইন্টার্শীপ সমাপনী ও সার্টিফিকেট প্রদান কমিটির সদস্য সচিব ও ইন্টার্নশীপ ম্যানেজমেন্ট সেলের কো-অর্ডিনেটর প্রফেসর ড. এম. এ. এম. ইয়াহিয়া খন্দকার এবং পোল্ট্রি বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. বাপন দে। অন্যান্যের মাঝে বক্তব্য রাখেন প্রফেসর ড. মোঃ আবুল হাসেম, এনিমেল সায়েন্স বিভাগ, প্রফেসর ড. রুহুল আমিন, পশু প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, সংশ্লিষ্ট প্রোগ্রামের তিনজন শিক্ষার্থীসহ বিশেষ অতিথিবৃন্দ। প্রধান অতিথির বক্তব্যে ২০২৪ সনের জুলাই-আগস্টে নিহত এবং আহতদের প্রতি গভীর শোক, শ্রদ্ধা এবং সমবেদনা প্রকাশ করেন। তিনি সফলভাবে ইন্টার্নশীপ সমাপ্ত করা সকল শিক্ষার্থীদের জন্যে শুভকামনা প্রকাশ করে তাদেরকে ভবিষ্যতে নিজ নিজ কর্মক্ষেত্রে গভীর মনোযোগ এবং দায়িত্বশীলতার সাথে কাজ করতে বিশেষত মাঠ পর্যায়ের কৃষক কিংবা বড় খামারিদের সাথে মিলেমিশে একাত্ম হয়ে নিজেদের কর্মদক্ষতা প্রমাণ করার পরামর্শ দেন। পরে তিনি ইন্টার্শীপ সমাপ্তকারী শিক্ষার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন। অনুষ্ঠানে সমাপনী বক্তব্য প্রদান করেন প্রফেসর ড. মোঃ রুহুল আমিন। উল্লেখ্য যে, ৬ মাসব্যাপি এই ইন্টার্নশীপ প্রোগ্রামে ২১জন শিক্ষার্থী বিদেশে এবং ১৫৮ জন শিক্ষার্থী দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে সফলভাবে ইন্টার্নশীপ সমাপ্ত করেন ।

## স্কোপাস র‍্যাংকিংয়ে বিশ্বসেরার তালিকায় বাকৃবির ১০ গবেষক



স্কোপাস র‍্যাংকিংয়ে বিশ্বসেরার তালিকায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) ১০ গবেষকের নাম অন্তর্ভুক্ত হয়েছে। ২০২৪ সালে মানসম্মত জার্নালে প্রকাশিত গবেষণাপত্রের সংখ্যার ভিত্তিতে তালিকায় স্থান পেয়েছেন বাকৃবির ৯ শিক্ষক ও এক সাবেক শিক্ষার্থী। এ তথ্য জানিয়েছেন মাইক্রোবায়োলজি ও হাইজিন বিভাগের অধ্যাপক ড. মোঃ গোলজার হোসেন। গবেষকদের গবেষণাপত্র মানসম্মত জার্নালে প্রকাশনার ওপর ভিত্তি করে প্রতিবছর র‍্যাংকিং প্রকাশ করে স্কোপাস ইনডেক্স জার্নাল। এ বছর জানুয়ারিতে প্রকাশিত স্কোপাসের তথ্যানুযায়ী বাকৃবির সেরা গবেষকের স্বীকৃতি পেয়েছেন মাইক্রোবায়োলজি ও হাইজিন বিভাগের অধ্যাপক ড. মোঃ তানভীর রহমান। তালিকায় দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছেন যথাক্রমে কৃষি ব্যবসা ও বিপণন বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম ও ফিশারিজ ম্যানেজমেন্ট বিভাগের অধ্যাপক ড. মোঃ শাহজাহান।

অন্য গবেষকেরা হলেন-একোয়াকালচার বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ মাহফুজুল হক, মাইক্রোবায়োলজি ও হাইজিন বিভাগের অধ্যাপক ড. মোঃ গোলজার হোসেন ও অধ্যাপক ড. মোহাম্মদ তোফাজ্জল হোসেন, কৃষি অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. ইসমত আরা বেগম, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন, কৃষি অর্থসংস্থান ও ব্যাংকিং বিভাগের বাকৃবির সাবেক ছাত্র ইমরান হোসাইন এবং অধ্যাপক ড. মোঃ আক্তারুজ্জামান খান। ভবিষতেও এমন অর্জন অব্যাহত থাকবে এমনটা প্রত্যাশা করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া।

## শিক্ষকদের জন্যে 'আইকিউএসি'র কর্মশালা




বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি) আয়োজিত ১৫ জানুয়ারি ২০২৫ বুধবার সকাল ১০.০০ টায় কৃষি অনুষদের কনফারেন্স রুমে শিক্ষকদের জন্যে "রাইটিং এএফটি সাব-প্রজেক্ট প্রপোজাল" শীর্ষক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড.জি.এম. মুজিবর রহমান, ডিন কৃষি অনুষদ, প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সরদার, ডিন মাৎস্যবিজ্ঞান অনুষদ, প্রফেসর ড. মোঃ বাহানুর রহমান, ডিন ভেটেরিনারি অনুষদ। রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. মোঃ মোজাহার আলী। আইকিউএসি এর পরিচালক প্রফেসর ড. মোঃ আসাদুজ্জামান সরকারের সভাপতিত্বে এবং অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মুরাদ আহমেদ ফারুখ অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, এছাড়াও বক্তব্য রাখেন নেত্রকোনা বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. আনিসা পারভিন এবং আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ শাহেদ রেজা। সভাপতির বক্তব্যে প্রফেসর ড. মোঃ আসাদুজ্জামান সরকার এই কর্মশালা আয়োজন করার জন্যে ভাইস-চ্যান্সেলর এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া উপস্থিত শিক্ষকদের অধিক মনোযোগী হয়ে এই কর্মশালাটি সম্পন্নকরণে পরামর্শ দেন যাতে করে ভবিষ্যতে বাকৃবির শিক্ষকবৃন্দ অধিক পরিমানে প্রজেক্ট নিয়ে আসতে পারেন। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রফেসর ড. মোঃ মোজাহার আলী।

উল্লেখ উক্ত কর্মশালায় ২টি সেশনে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের সর্বমোট ১০০ জন শিক্ষক অংশগ্রহণ করেন ।

## বাউএক এর আয়োজনে শীতকালীন সবজি চাষ প্রদর্শনী ও মাঠ দিবস




বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় সম্প্রসারণ কেন্দ্র (বাউএক) এর আয়োজনে একই কেন্দ্রের আওতাভূক্ত সমিতির সদস্য-সদস্যাদের মাধ্যমে বাস্তবায়িত শীতকালীন সবজি চাষ কর্মসূচী ২০২৪-২৫ প্রদর্শনী ও মাঠ দিবস কর্মসূচী ১৬ জানুয়ারী ২০২৫ সকাল ১১.০০টায় সুতিয়াখালী বড়বিলার পাড়ে অনুষ্ঠিত হয়েছে। বাউএক পরিচালক এবং সংশ্লিষ্ট প্রকল্পের পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ নাছির উদ্দিনের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. জি.এম. মুজিবর রহমান, সিন্ডিকেট সদস্য ও ডিন কৃষি অনুষদ, বাকৃবি, প্রফেসর ড. মোঃ হাম্মাদুর রহমান, পরিচালক বাউরেস, প্রফেসর ড. হুমায়ুন কবির, কোষাধ্যক্ষ এবং প্রফেসর ড. মোঃ আসাদুজ্জামান সরকার, পরিচালক আইকিউএসি, বাকৃবি, ময়মনসিংহ। অতিরিক্ত পরিচালক ড. এনামুল হক সরকারের সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন অতিরিক্ত পরিচালক কৃষিবিদ আফরোজা বেগম এবং কৃষক-কৃষাণীদের পক্ষে যথাক্রমে আসমা-উল হুসনা এবং সোহরাব উদ্দিন। প্রফেসর ড. মোঃ আসাদুজ্জামান সরকার কৃষি প্রযুক্তিগুলো বাউএকের মাধ্যমে মাঠ পর্যায়ে ছড়িয়ে দেয়ার পরামর্শ দেন এবং বাউএক কার্যক্রম অধিক মাত্রায় বিস্তৃত করার আহবান জানান। প্রফেসর ড. হুমায়ুন কবির কৃষিকাজে বিশেষত কৃষাণীদের এগিয়ে আসার জন্যে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে এ ধরণের প্রয়াসে ট্রেনিং এর জন্য আর্থিক সহায়তার আশ্বাস দেন। প্রফেসর ড. মোঃ হাম্মাদুর রহমান বলেন, 'নারী জাতি কৃষিকাজে এগিয়ে আসলে সে দেশ আর পিছিয়ে থাকবে না, তিনি বাউএক আওতাভুক্ত ১২০০ কৃষক-কৃষাণীকে ট্রেনিংয়ের মাধ্যমে মডেল ফার্মার হিসেবে গড়ে তোলার আশাবাদ ব্যক্ত করেন। প্রফেসর ড. জি.এম. মুজিবর রহমান কৃষিতে মহিলাদের অংশগ্রহণ ক্রমাগত বেড়ে যাওয়াকে আমাদের জন্যে অনুপ্রেরণাদায়ক বলে উল্লেখ করে বাউএকের এ ধরণের কর্মসূচী অব্যাহত রাখতে এবং কৃষি প্রযুক্তির সাথে কৃষকদের নিবিড়

যোগাযোগের মাধ্যমে আমাদের কৃষি চীনের মত উন্নত কৃষির পর্যায়ে এগিয়ে যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

উল্লেখ যে, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেম (বাউরেস) এর অর্থায়নে এবং বাউএকের ব্যবস্থাপনায় উক্ত মাঠ দিবস অনুষ্ঠানে বড়বিলার পাড় গ্রামের ১৫০ জন কৃষক-কৃষাণী এবং বাকৃবির এক্সটেনশন ডিপার্টমেন্টের মাস্টার্সের ১০ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন।

## শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান, বীর উত্তম-এর ৮৯তম জন্মবার্ষিকী উদযাপিত




বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এর ৮৯তম জন্মবার্ষিকী উপলক্ষে গত ১৯ জানুয়ারি ২০২৫ সকাল ৯.৩০টায় শিক্ষক কমপ্লেক্সে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সৈয়দ এমরান সালেহ প্রিন্স, যুগ্ম-মহাসচিব, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। জিয়াউর রহমান ফাউন্ডেশন, ময়মনসিংহ বিভাগ কর্তৃক আয়োজিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া, মনিটর, জিয়াউর রহমান ফাউন্ডেশন, ময়মনসিংহ বিভাগ। ফাউন্ডেশনের কো-অর্ডিনেটর কৃষিবিদ ড. আকিকুল ইসলাম আকিকের সঞ্চালনায় বক্তব্য রাখেন মোঃ আতিকুর রহমান আতিক, আহবায়ক ছাত্রদল বাকৃবি শাখা, কৃষিবিদ ড. এ কে এম মাহাবুবুর রশীদ গোলাপ, সন্মানিত সদস্য জেডআরএফ, কৃষিবিদ মনির উদ্দীন আহাম্মেদ, ময়মনসিংহ বিভাগীয় সমন্বয়ক, শিক্ষা বৃত্তি প্রকল্প উপ-কমিটি, জেডআরএফ, প্রফেসর ড. সামছুল আলম ভূঁইয়া, সন্মানিত সদস্য জেডআরএফ, প্রফেসর ড. আসাদুজ্জামান সরকার সাধারণ সম্পাদক শিক্ষক সমিতি ও সম্মানিত সদস্য জেডআরএফ, প্রফেসর ড. আহমেদ খায়রুল হাসান বাদল, সাধারণ সম্পাদক সোনালী দল ও সম্মানিত সদস্য জেডআরএফ, সহকারী অধ্যাপক শফিকুল ইসলাম শফিক মনিটর(শিক্ষক), ময়মনসিংহ বিভাগ। অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের আজীবন সদস্য প্রফেসর ড. মোঃ বাহানুর রহমান, ডিন ও সিন্ডিকেট সদস্য বাকৃবি, ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক, রেজিস্ট্রার কৃষিবিদ ড. মোঃ হেলাল উদ্দীন, ট্রেজারার প্রফেসর ড. হুমায়ুন কবির, প্রক্টর প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সরদার, সোনালী দলের সভাপতি প্রফেসর ড. আলী রেজা ফারুক সহ অন্যান্য আমন্ত্রিত জেডআরএফ সদস্য ও কৃষিবিদ শিক্ষক-কর্মকর্তাবৃন্দ, ছাত্রদল বাকৃবি শাখার নেতৃবৃন্দ, এগ্রিকালচারিস্ট এসোসিয়েশনের নেতৃবৃন্দ, জিয়া পরিষদ ও জিয়া মঞ্চের নেতৃবৃন্দ, কর্মচারীবৃন্দ এবং স্থানীয় জাতীয়তাবাদী দলের অন্যান্য নেতৃবৃন্দ। প্রধান অতিথির বক্তব্যে সৈয়দ এমরান সালেহ প্রিন্স বাংলাদেশ জাতীয়তাবাদ দলের অনুসারী সকলকে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শে উজ্জীবীত হয়ে সততা, দেশপ্রেম, কর্মনিষ্ঠার মাধ্যমে আগামীর পথচলার পরামর্শ দেন। তিনি শহীদ জিয়ার জীবনাদর্শের উদাহরণ টেনে বলেন, যুগে যুগে এগুলো আমাদের অনুপ্রেরণা দিবে এবং দেশগঠনে পাথেয় হয়ে থাকবে। তিনি উপস্থিত শিক্ষকদের জিয়াউর রহমানের কৃষিনীতির উপর অধিকতর গবেষণা-পর্যালোচনার আহবান জানান। প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া বলেন- শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ছিলেন একজন আদর্শবান মহান নেতা। তিনি উপস্থিত সকলকে জীবনের প্রতিটি ক্ষেত্রে আদর্শবান, দেশপ্রেমিক, সত্যবাদী এবং পরিশ্রমী মনোভাব নিয়ে দেশগঠনে এগিয়ে আসার পরামর্শ দিয়ে বলেন- এটাই হবে আমাদের জন্যে শহীদ রাষ্ট্রপতির প্রতি প্রকৃত শ্রদ্ধা নিবেদন। পরে ভাইস-চ্যান্সেলর প্রধান অতিথিকে নিয়ে শিক্ষক কমপ্লেক্সে নিমের চারা রোপণের মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করেন।

## আন্তঃহল ব্যাডমিন্টন, টেবিল-টেনিস, দাবা ও ক্যারাম প্রতিযোগিতা-২০২৫ অনুষ্ঠিত




বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ক্রীড়া প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত গত ২০-২৫ জানুয়ারি ২০২৫, ৬ দিনব্যাপী আন্তঃহল ব্যাডমিন্টন, টেবিল-টেনিস, দাবা ও ক্যারাম প্রতিযোগিতা-২০২৫ অনুষ্ঠিত হয়েছে। গত ২০/০১/২০২৫ বিকাল ৪.৩০টায় ক্রীড়া বিভাগের জিমনেসিয়ামে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। ছাত্র বিষয়ক উপদেষ্টা ও টুর্নামেন্ট কমিটির সভাপতি প্রফেসর ড. মোঃ শহীদুল হকের সভাপতিত্বে এবং ভারপ্রাপ্ত পরিচালক ক্রীড়া প্রশিক্ষণ বিভাগ কৃষিবিদ মোঃ আসাদুল হক সজলের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন

প্রফেসর ড. মোঃ রুহুল আমিন আহবায়ক, প্রভোস্ট কাউন্সিল, প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম প্রক্টর, বাকৃবি, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) কৃষিবিদ ড. মোঃ হেলাল উদ্দীন, ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. হুমায়ুন কবির। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. মোঃ আসাদুজ্জামান সরকার, সোনালী দলের সাধারণ সম্পাদক প্রফেসর ড. আহমদ খায়রুল হাসান, সহযোগী ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল্লাহ , বিভিন্ন হলের প্রভোস্টবৃন্দ, প্রক্টরিয়াল বডির সদস্যবৃন্দসহ অন্যান্য আমন্ত্রিত শিক্ষক-কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্র-ছাত্রীবৃন্দ। প্রধান অতিথি হিসেবে ভাইস-চ্যান্সেলর তার বক্তব্যের শুরুতেই উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি বলেন যে জুলাই-আগস্টের আন্দোলনে যারা আত্মাহুতি দিয়ে জীবনের বিনিময়ে একটা পরিবর্তন এনেছে সেই পরিবর্তনের সূত্র ধরে ছাত্র-ছাত্রীরা হলে উন্নততর পরিবেশ পাচ্ছে। লেখাপড়ার পাশাপাশি সুস্থ ক্রীড়া চর্চার মাধ্যমে ছাত্র-ছাত্রীরা যেন সঠিক ট্র্যাকে আসতে পারে জীবনকে সুন্দর করতে পারে সে বিষয়ে সবাইকে সচেতন হওয়ার আহবান জানান। তিনি আরও বলেন ক্রীড়াই হচ্ছে শক্তি যার মাধ্যমে শরীর ও মনের উৎকর্ষ সাধন হয় তাই সকল ছাত্র-ছাত্রীদের ক্রীড়া প্রতিযোগিতার মাধ্যমে জীবনের সফলতা অর্জনের তাগিদ দিয়ে ক্রীড়া প্রতিযোগিতার শুভ উদ্বোধন ঘোষণা করেন।

## আন্তঃহল ব্যাডমিন্টন,টেবিল-টেনিস, দাবা ও ক্যারাম প্রতিযোগিতা -২০২৫ এর সমাপনী ও পুরষ্কার বিতরণী



আন্তঃহল ব্যাডমিন্টন, টেবিল-টেনিস, দাবা ও ক্যারাম প্রতিযোগীতা-২০২৫ এর সমাপনী ও পুরষ্কার বিতরণী শনিবার (২৫/০১/২০২৫) বিকাল সাড়ে ৫টায় ক্রীড়া বিভাগের জিমনেসিয়ামে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। ছাত্র বিষয়ক উপদেষ্টা ও টুর্নামেন্ট কমিটির সভাপতি প্রফেসর ড. মোঃ শহীদুল হকের সভাপতিত্বে এবং ক্রীড়া প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক কৃষিবিদ মোঃ আসাদুল হক সজলের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রভোস্ট কাউন্সিল আহবায়ক প্রফেসর ড. মোঃ রুহুল আমিন, প্রক্টর প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) কৃষিবিদ ড. মোঃ হেলাল উদ্দীন, ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. হুমায়ুন কবির এবং পিএনডিসি এর সদস্য প্রফেসর ড. মোঃ বোরহান উদ্দিন।

টুর্নামেন্টের দাবা খেলায় চ্যাম্পিয়ন হয়েছে (ছাত্রী) বেগম রোকেয়া হল এবং রানার আপ সুলতানা রাজিয়া হল। চ্যাম্পিয়ন (ছাত্র) হোসেন শহীদ সোহরাওয়ার্দী হল এবং রানার আপ মাওলানা ভাসানী হল। কেরাম খেলায় চ্যাম্পিয়ন (ছাত্রী) তাপসী রাবেয়া হল এবং রানার আপ ৩৬ জুলাই হল। চ্যাম্পিয়ন (ছাত্র) ফজলুল হক হল এবং রানার আপ মাওলানা ভাসানী হল। টেবিল টেনিস খেলায় চ্যাম্পিয়ন (ছাত্রী) তাপসী রাবেয়া হল এবং রানার আপ বেগম রোকেয়া হল। চ্যাম্পিয়ন (ছাত্র) মাওলানা ভাসানী হল এবং রানার আপ শাহজালাল হল। ব্যাডমিন্টন খেলায় চ্যাম্পিয়ন (ছাত্রী) বেগম রোকেয়া হল এবং রানার আপ সুলতানা রাজিয়া হল। চ্যাম্পিয়ন (ছাত্র) মাওলানা ভাসানী হল এবং রানার আপ ঈশাখা হল। এছাড়াও ক্যারাম খেলায় সেরা খেলোয়াড় তাপসী রাবেয়া হলের ফাতেমাতুজ জোহরা এবং ফজলুল হক হলের কিরণ বিজয়ী হয়েছে। টেবিল টেনিস খেলায় সেরা খেলোয়ার তাপসী রাবেয়া হলের মিম এবং মাওলানা ভাসানী হলের মুয়ীদ। ব্যাডমিন্টন খেলায় সেরা খেলোয়াড় বেগম রোকেয়া হলের সিফাত এবং মাওলানা ভাসানী হলের মুয়ীদ। প্রধান অতিথি হিসেবে ভাইস-চ্যান্সেলর বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন একাডেমিক এর সাথে এক্সট্রা একাডেমিক বিশেষ করে স্পোর্টস এবং সাংস্কৃতিক, কালচারাল বিষয়গুলোকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বুস্ট আপ করার চেষ্টা করছে। আমরা দেখেছি বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা স্বতঃস্ফূর্তভাবে এই টুর্নামেন্ট অংশগ্রহণ করেছে যা তাদের মধ্যে প্রাণ সঞ্চার করেছে। প্রতিযোগিতায় বিজয়ী হওয়া বড় কথা নয় তোমরা খেলোয়াড়ী মনোভাব নিয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছো এটা বড় বিষয়। যারা বিজিত হয়েছো তোমরা আগামীতে বিজয়ী হয়ে আমাদের কাছ থেকে পুরস্কার নেবে এ অনুপ্রেরণা তোমাদেরকে দিতে চাই। আমাদের টেনিস কোর্ট পুনর্নির্মাণ এবং ওয়াটার পোলোও পুনরোজ্জীবিত করতে হবে। ভবিষ্যতে আমরা এ বিশ্ববিদ্যালয়ের খেলাধুলা এবং কালচারাল প্রোগ্রাম গুলোকে আরো গতিশীল করবো ইনশাআল্লাহ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন টুর্নামেন্ট পরিচালনা কমিটির সভাপতি প্রফেসর ড. মোঃ আসাদুজ্জামান সরকার, বিভিন্ন হলের প্রভোস্টবৃন্দ, প্রক্টরিয়াল বডির সদস্যবৃন্দসহ অন্যান্য আমন্ত্রিত শিক্ষক-কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্র-ছাত্রীবৃন্দ। উল্লেখ্য যে ২০-২৫ জানুয়ারী ৬দিন ব্যাপী এই ক্রীড়া প্রতিযোগিতায় বাকৃবির ১৪টি হলের ১৪টি গ্রুপের মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেছে।

## বেগম শিতাবজান মেমোরিয়াল ট্রাস্টের স্বর্ণ পদক ও বৃত্তি প্রদান

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদীয় কনফারেন্স হলে গত ২০/০১/২৫ সকাল ১১.০০টায় বেগম শিতাবজান মেমোরিয়াল ট্রাস্টের আয়োজনে স্বর্ণপদক ও বৃত্তি প্রদান অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। ট্রাস্টের চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ মোখলেছুর রহমান এর সভাপতিত্বে এবং



ট্রাস্টের সেক্রেটারি প্রফেসর ড. মোঃ ওবায়েদুল ইসলামের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. জি. এম. মুজিবর রহমান ডিন কৃষি অনুষদ, প্রফেসর (অবঃ) ড. সুলতান উদ্দিন ভুইয়া। এছাড়াও উপস্থিত ছিলেন ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক, প্রফেসর ড. মোঃ আব্দুল বাতেন, প্রফেসর ড. মাসুম আহমাদ, প্রফেসর ড. আবু জোফার মোঃ মোসলেহ উদ্দিন, প্রফেসর (অবঃ) মোহসীন আলী, প্রভোস্ট আশরাফুল হক হল, প্রফেসর ড. মোঃ আলম মিয়া , ট্রেজারার প্রফেসর ড. হুমায়ুন কবির, সোনালী দলের সাধারণ সম্পাদক প্রফেসর ড. আহমদ খায়রুল হাসান সহ অন্যান্য আমন্ত্রিত শিক্ষক এবং ছাত্র-ছাত্রীবৃন্দ। অনুষ্ঠানে কৃষি অনুষদের বিভিন্ন ডিপার্টমেন্টের ০৫ জন ছাত্রী এবং ফিসারিজ অনুষদের ০১ কৃতি ছাত্রীর মাঝে স্বর্ণপদক ও ০৯ জন ছাত্র-ছাত্রীর মাঝে সাধারণ বৃত্তি প্রদান করা হয়। পুরস্কার প্রাপ্তদের মধ্য থেকে দুইজন ছাত্র-ছাত্রী তাদের অভিব্যক্তি বর্ণনা করেন। উপস্থিত বিশেষ অতিথিবৃন্দ সহ অন্যান্য সিনিয়র শিক্ষকবৃন্দ মরহুম প্রফেসর ড. আশরাফুল হকের কর্মময় জীবন সম্পর্কে আবেগময় স্মৃতিচারণ করেন এবং এই ট্রাস্টের বৃত্তির প্রশংসা করেন। প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া মরহুম প্রফেসর ড. আশরাফুল হকের জীবন দর্শন থেকে আমাদের শিক্ষা নেয়ার প্রয়োজনীয়তা উল্লেখ করেন। তিনি সমাজের বিত্তশালীদের এধরণের মহতী বিষয়ে এগিয়ে আসার আহবান জানান এবং একই সাথে তিনি নিজেই অত্র বিশ্ববিদ্যালয়ে আর্থিকভাবে পিছিয়ে থাকা ছাত্র-ছাত্রীদের জন্যে একটি নতুন বৃত্তি চালু করার আশাবাদ ব্যক্ত করেন।

## কেবি হাইস্কুলের আয়োজনে "স্কুল সপ্তাহ ২০২৫"



কৃষি বিশ্ববিদ্যালয় হাই স্কুল, ময়মনসিংহে ২৬ জানুয়ারী, ২০২৫ রবিবার সকাল ০৯.০০টায় পায়রা ও বেলুন উড়িয়ে ৬ দিনব্যাপী (২৬ জানুয়ারী থেকে ৩১ জানুয়ারী) স্কুল সপ্তাহ ২০২৫ অনুষ্ঠানসূচীর শুভ উদ্বোধন করা হয়েছে। ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক উক্ত উদ্বোধনীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। স্কুলের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) মোঃ মাহবুবুল আলম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন উক্ত স্কুলের ম্যানেজিং কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ আসাদুজ্জামান সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাকৃবি প্রক্টর প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম। এছাড়াও উপস্থিত ছিলেন ম্যানেজিং কমিটির সদস্য প্রফেসর ড. মোহাম্মদ বদিউজ্জামান খান, কৃষিবিদ ড. ফারুক আহম্মদ, প্রফেসর ড. মারজিয়া রহমান, প্রফেসর ড. আনিসুর রহমান; প্রফেসর ড. মোহাম্মদ নাছির উদ্দিনসহ অন্যান্য আমন্ত্রিত শিক্ষক-কর্মকর্তা, ছাত্র-ছাত্রী, অভিবাবকবৃন্দ এবং কর্মচারীবৃন্দ।

উল্লেখ্য যে, ২৬-৩১ জানুয়ারী ২০২৫ ৬ দিন ব্যাপী এই অনুষ্ঠান সূচীর প্রথম দিনে মার্চপাস্ট, ২০২৪ সনের জুলাই-আগস্টের ঘটনাপ্রবাহ নিয়ে আকর্ষণীয় ডিসপ্লে আয়োজন করা হয়। এছাড়াও চিত্রাঙ্কন প্রদর্শনী ও বিজ্ঞান প্রজেক্ট প্রদর্শনী উদ্বোধন করা হয়। সপ্তাহব্যাপী অনুষ্ঠানে হামদ ও নাত, কবিতা, ছড়া, গান, গল্প বলা, লোকগীতি, নাটক ইত্যাদি নানাবিধ ইভেন্টের ব্যবস্থা রয়েছে। ৩১ জানুয়ারী বার্ষিক পুরস্কার বিতরণী এবং বিচিত্রানুষ্ঠানের মাধ্যমে "স্কুল সপ্তাহ ২০২৫" সমাপ্ত হয়েছে।

## কৃষক প্রশিক্ষণ ও মাঠ দিবস অনুষ্ঠিত




বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্যানতত্ত্ব ফার্মের গাজর মাঠে গত ২৭ জানুয়ারী ২০২৫, সোমবার সকাল ১০.৩০টা থেকে দুপুর ১২.০০ টা পর্যন্ত মাঠ দিবস এবং কৃষকদের গাজর ও টমেটো উৎপাদন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের অর্থায়নে এবং এস.সি.বি. প্রকল্পের আওতায় পরিচালিত উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। বাউরেস পরিচালক প্রফেসর ড. মোঃ হাম্মাদুর রহমান এর সভাপতিত্বে এবং

এস.সি.বি. প্রজেক্টের প্রিন্সিপাল ইনভেস্টিগেটর ও হর্টিকালচার ডিপার্টমেন্টের প্রধান প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশীদ এর সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিশেষ অতিথি প্রফেসর ড. মাসুম আহমাদ ডিন (ভারপ্রাপ্ত) কৃষি অনুষদ। কৃষক প্রতিনিধি হিসেবে বক্তব্য রাখেন আব্দুল কাদির জিলানী। এছাড়াও আরো বক্তব্য রাখেন প্রফেসর ড. মোঃ হাবীবুর রহমান, প্রফেসর ড. মোঃ আখতারুল ইসলাম কো-পিআই সংশ্লিষ্ট প্রকল্প, প্রফেসর ড. মোঃ রোস্তম আলী, ড. মোঃ সামছুল আলম ভুইয়া, প্রক্টর প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, বিশেষ অতিথি প্রফেসর ড. মোঃ শহীদুল হক ছাত্র বিষয়ক উপদেষ্টা, প্রফেসর ড. মোঃ জহির উদ্দিন সাবেক ডিন কৃষি অনুষদ, প্রফেসর ড. মোঃ গোলাম রব্বানী সাবেক ডীন কৃষি অনুষদ এবং সহযোগী প্রিন্সিপাল ইনভেস্টিগেটর এস.সি.বি. প্রজেক্ট। অনুষ্ঠানে আমন্ত্রিত শিক্ষক-কর্মকর্তা এবং কৃষক-কৃষাণী উপস্থিত ছিলেন। প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া গাজর এবং টমেটো সংশ্লিষ্ট এই প্রকল্পের গবেষণার বিষয়ে প্রশংসা করেন এবং কৃষি সেক্টরের উন্নয়ন তথা দেশের উন্নয়নের লক্ষ্যে গবেষণার উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করেন। বাংলাদেশের খাদ্য নিরাপত্তা এবং পুষ্টি নিরাপত্তায় বাকৃবির অবদান স্মরণ করেন। অনুষ্ঠানের সভাপতি প্রফেসর ড. মোঃ হাম্মাদুর রহমান অন্যান্য সবজির তুলনায় গাজর এবং টমেটোর বাজার মূল্য বিবেচনায় দীর্ঘমেয়াদে অধিক লাভজনক উল্লেখ করে এই দুটি সবজি চাষের উপর জোর দেন এবং উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন। কর্মশালায় অংশগ্রহণকারী ৩৫ জন কৃষক-কৃষাণী ছাড়াও বাকৃবির উদ্যানতত্ত্ব বিভাগের স্নাতকোত্তর পর্যায়ের ১০ জন ছাত্র-ছাত্রী ও আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

## ইন্টারডিসিপ্লিনারি পিএইচডি গবেষণার প্রোটোকল তৈরী বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের একোয়াকালচার বিভাগ আয়োজিত গত (২৮ জানুয়ারি ২০২৫) মঙ্গলবার সকাল ১০:০০ টায় মাৎস্য বিজ্ঞান অনুষদের কনফারেন্স হলে বাংলাদেশে কম বয়সী নারী ও বালিকাদের স্বাস্থ্যকর জীবনের জন্য জলবায়ু-সহনশীল জলজ খাদ্য ব্যবস্থা একোয়াফুড প্রকল্পের আওতায় ইন্টারডিসিপ্লিনারি পিএইচডি গবেষণার জন্য পরিকল্পনা এবং প্রোটোকল তৈরী বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া।

তিনি তাঁর বক্তব্যে বলেন আমরা বাংলাদেশের মৎস্য খাতকে অত্যন্ত গুরুত্বপূর্ণ খাত হিসেবে বিবেচনা করি। বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের কারণে উদ্ভূত উল্লেখযোগ্য চ্যালেঞ্জের কারণে, উপকূলীয় অঞ্চলের মানুষ, বিশেষ করে যারা দারিদ্র্যের মধ্যে বসবাস করে, তারা প্রাকৃতিক দুর্যোগের প্রতি অত্যন্ত সংবেদনশীল। তিনি বলেন ,জলজ খাবার বাংলাদেশের মানুষের খাদ্যাভ্যাস এবং অর্থনীতি উভয় ক্ষেত্রেই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে এবং মৎস্য চাষকে দ্রুত সম্প্রসারনের ভিত্তি হিসেবে কাজ করছে। প্রকল্পটি এসব বিষয়ে আরও কার্যকর ভূমিকা রাখবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. শহীদুল হক, প্রফেসর ড. জোয়ার্দার ফারুক আহমেদ, পরীক্ষা নিয়ন্ত্রক, বাকৃবি, প্রফেসর ড. মোঃ হাম্মাদুর রহমান, পরিচালক, বাউরেস, বাকৃবি এবং প্রফেসর ড. বাউকি ডি রুস, ইউনিভার্সিটি অফ অ্যাবারডিন, যুক্তরাজ্য ।

কর্মশালাটি উপস্থাপনা এবং হোস্টিং করেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের একোয়াকালচার বিভাগের শিক্ষক এবং একোয়াফুড প্রজেক্ট এর বাকৃবি পার্টের পিআই প্রফেসর ড. মুহাম্মদ মাহফুজুল হক। মাৎস্যবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সরদার এর সভাপতিত্ব কর্মশালা বিষয়ক মূল প্রবন্ধ উপস্থাপন করেন, প্রফেসর ড. নান্না রুস, একোয়াফুড প্রকল্পের প্রধান গবেষক এবং সমন্বয়কারী, ইউনিভার্সিটি অফ কোপেনহেগেন, ডেনমার্ক। একোয়াকালচার বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. শাহরিয়ার হাশেম কর্মশালায় স্বাগত বক্তব্য উপস্থাপন করেন এবং ধন্যবাদ জ্ঞাপন করেন একোয়াকালচার বিভাগের প্রফেসর ড. এম. এ. সালাম। কর্মশালায় আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. আব্দুল আলীম, প্রজেক্ট এর বাকৃবি পার্টের কো-পিআই প্রফেসর ড. এম. এ. সালাম, একোয়াকালচার বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পার্টের পিআই প্রফেসর ড. আব্দুল্লাহ-আল মামুন আইসিডিডিআরবি;বি পার্টের পিআই ড. গুলশান আরা, অ্যাসোসিয়েট সায়েন্টিস্ট এবং কর্মশালায় আরো উপস্থিত ছিলেন, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মাৎস্যবিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানবৃন্দ, অধ্যাপকবৃন্দ, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, আইসিডিডিআরবি এর গবেষকবৃন্দ, পিএইচডি এবং এমএসসি ছাত্রছাত্রী বৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

# আশরাফুল হক হলের আয়োজনে জুলাই বিপ্লব শীতকালীন টুর্নামেন্ট-২০২৪



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) আশরাফুল হক হলের আয়োজনে জুলাই বিপ্লব শীতকালীন টুর্নামেন্ট-২০২৪ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া।

আশরাফুল হক হলের প্রভোস্ট অধ্যাপক ড. মোহাম্মদ আলম মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন ছাত্র বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মোঃ শহীদুল হক, শিক্ষক সমিতির সভাপতি ও মাৎস্য বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ রফিকুল ইসলাম সরদার, প্রক্টর অধ্যাপক ড. মোঃ আবদুল আলীম, কোষাধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. হুমায়ূন কবির, এগ্রোমেটিওরোলজি বিভাগের প্রধান অধ্যাপক ড. আহমদ খাইরুল হাসান এবং সহযোগী ছাত্র বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ সাইফুল্লাহ। এসময় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া বলেন, যে কোন অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়ানো আমাদের নৈতিক দায়িত্ব । যতক্ষণ গায়ে শক্তি আছে, মস্তিষ্ক সচল আছে, ধমনীতে রক্ত আছে আমাদের অন্যায়ের প্রতিবাদ করতে হবে। পরে টুর্নামেন্টের বিজয়ীদের পুরস্কৃত করা হয়। ভলিবল খেলায় লেবেল-৩ এর ছাত্ররা চ্যাম্পিয়ন হয়েছে। এছাড়াও ব্যাডমিন্টনে পার্থ পাল ও ইরফান, টেবিল টেনিসে শামীম ও খালিদ বিন কাইয়ুম, ক্যারাম খেলায় মোহাম্মদ রকিবুজ্জামান ও হাবিবুল বাশার এবং দাবা খেলায় মোঃ শামীম মিয়া চ্যাম্পিয়ন হয়। বিগত সময়ে হলের সাধারণ ছাত্রদের উপর বিভিন্ন ধরনের নির্যাতন-নিপীড়ন বা অন্যায়-অবিচারের বিরুদ্ধে অবস্থান নিয়ে সাধারণ ছাত্রদের নিরাপদ রাখার ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য হলের তৎকালীন ডেপুটি রেজিস্ট্রার ও বর্তমান লাইব্রেরিয়ান (ভারপ্রাপ্ত) কৃষিবিদ মোঃ বোরহান উদ্দিনকে বিশেষ সম্মাননা স্মারক প্রদান করা হয়। অনুষ্ঠানে হলের হাউস টিউটর এবং কর্মকর্তা-কর্মচারী সহ শতাধিক ছাত্র উপস্থিত ছিলেন।

# ষষ্ঠ আন্তঃঅনুষদীয় বিতর্ক প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) বাকৃবি ডিবেটিং আয়োজিত ষষ্ঠ আন্তঃঅনুষদীয় বিতর্ক প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী গত (২৭ জানুয়ারি) সোমবার সন্ধ্যা ৬টায় বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদীন মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

প্রথমে সিনিয়র এবং নবীন ক্যাটাগরিতে ফাইনাল রাউন্ড অনুষ্ঠিত হয়। সিনিয়র ক্যাটাগরিতে কৃষি অনুষদ ও পশুপালন অনুষদ এবং নবীন ক্যাটাগরিতে ভেটেরিনারি অনুষদ ও পশুপালন অনুষদ ফাইনালে অংশগ্রহণের যোগ্যতা অর্জন করে। উভয় ক্যাটাগরিতেই চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে পশুপালন অনুষদ।

১৭ জানুয়ারি থেকে শুরু হওয়া এই প্রতিযোগিতায় প্রতি অনুষদ থেকে দুইটি করে মোট ১৪টি দল সিনিয়র ও নবীন ক্যাটাগরিতে অংশগ্রহণ করে।

সমাপনী অনুষ্ঠানে বাকৃবি ডিবেটিং সংঘের সভাপতি অধ্যাপক ড. আহমদ খায়রুল হাসানের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক সানজিদা হায়দারের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাকৃবি উপাচার্য অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ছাত্র বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. শহীদুল হক। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ডিবেটিং সংঘের সহ-সভাপতি অধ্যাপক ড. মুরাদ আহমেদ ফারুক।

প্রধান অতিথি বিতর্ক প্রতিযোগিতা আয়োজনের প্রশংসা করে বিজয়ীদের অভিনন্দন জানান। তিনি চূড়ান্ত পর্বের রানার্সআপ দলগুলোকে শুভেচ্ছা জানিয়ে ভবিষ্যতে আরও ভালো করার জন্য অনুপ্রাণিত করেন।

# বাকৃবিতে 'সীড কোয়ালিটি এন্ড হেলথ্ টেষ্টিং' বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত




বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে প্রফেসর গোলাম আলী ফকির সীড প্যাথলজি সেন্টারে বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর শিক্ষার্থীদের অংশগ্রহণে 'বীজের গুনগত মান এবং স্বাস্থ্য পরীক্ষা' বিষয়ক একটি দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচী গত ২৯ জানুয়ারি ২০২৫, বুধবার অনুষ্ঠিত হয়। উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি কার্যালয়ের কো-অর্ডিনেটর প্রফেসর ড. মোঃ সামসুল আলম অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. হুমায়ুন কবির, প্রফেসর ড. আহমদ খায়রুল হাসান, প্রফেসর ড. এ.কে.এম. গোলাম দস্তগীর এবং ড. মোঃ আতিক উস সাঈদ।

সীড প্যাথলজি সেন্টারের পরিচালক প্রফেসর ড. মোঃ আইয়ুব আলী'র সভাপতিত্বে এবং কৃষিবিদ ড. পুর্ণিমা দে'র সঞ্চালনায় প্রশিক্ষণের বিষয়ে সংক্ষিপ্ত ধারণা দেন সিনিয়র কোর্স কো-অর্ডিনেটর কৃষিবিদ ড. মোঃ মাহমুদুল হাসান চৌধুরী। অন্যান্যের মাঝে বক্তব্য রাখেন প্রফেসর ড. মোঃ শাহজাহান মঞ্জিল, প্রফেসর ড. মোহাম্মদ আলী হোসেন সহ অন্যান্য অতিথিবৃন্দ। উল্লেখ্য দিনব্যাপী এ প্রশিক্ষণে সর্বমোট ২০ জন স্নাতকোত্তর ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন।

# প্রথমবারের মতো বাকৃবিতে 'কৃষক দিবস-২০২৫' উদযাপিত

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহে ৩০ জানুয়ারি ২০২৫ (বৃহস্পতিবার) দেশে প্রথমবারের মত নানান আয়োজনের মাধ্যমে 'কৃষক দিবস-২০২৫' উদযাপিত হয়েছে। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় সম্প্রসারণ কেন্দ্র (বাউএক) এর উদ্যোগে প্রশাসনিক ভবন সংলগ্ন সমাবর্তন চত্ত্বর থেকে সকাল ১১.০০টায় বর্ণাঢ্য কৃষক শোভাযাত্রার মাধ্যমে দিনব্যাপী এই কর্মসূচীর উদ্বোধন করা হয় পরবর্তীতে শিল্পাচার্য জয়নুল আবেদীন মিলনায়তনে দিবসটির তাৎপর্য উল্লেখ করে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। 'কৃষকবান্ধব প্রযুক্তির সম্প্রসারণই হোক আমাদের অঙ্গীকার' এই প্রতিপাদ্যকে সামনে রেখে দিবসটি উদ্বোধন করেন প্রধান অতিথি




ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া।

বাউএক পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ নাছির উদ্দিনের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. মোঃ বাহানুর রহমান, সিন্ডিকেট সদস্য ও ডিন ভেটেরিনারি অনুষদ, প্রফেসর ড.মোঃ শহীদুল হক, ছাত্র বিষয়ক উপদেষ্টা বাকৃবি। অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) কৃষিবিদ ড. মোঃ হেলাল উদ্দীন, কোষাধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. হুমায়ুন কবির, পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. জোয়ার্দ্দার ফারুক আহমেদ, পরিচালক বাউরেস প্রফেসর ড. মোঃ হাম্মাদুর রহমান, প্রফেসর ড. মোঃ আসাদুজ্জামান সরকার, সাধারণ সম্পাদক শিক্ষক সমিতি, ড. সালমা লাইজু, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল, প্রফেসর ড. আবদুল মোমেন মিয়া, প্রফেসর ড. মোঃ জুলফিকার রহমান, ড. হোসেন আলী সি.এস.ও (বিনা), বাকৃবি'র শিক্ষক, কর্মকর্তাবৃন্দ এবং সর্বোপরি বাউএক সমিতির অন্তর্ভুক্ত ৩০০ জন কৃষক-কৃষাণী। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের সম্প্রসারণ বিভাগের স্নাতকোত্তর পর্যায়ের ছাত্র-ছাত্রীবৃন্দ। লেকচারার মোঃ আসিফুর রহমানের সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন আফরোজা বেগম, অতিরিক্ত পরিচালক বাউএক এসময় পরিচালক প্রফেসর ড. নাছির উদ্দিন বাউএক কার্যক্রমের উপর একটি সংক্ষিপ্ত প্রতিবেদন উপস্থাপন করেন। অনুষ্ঠানে ৬ জন কৃষক-কৃষাণীকে সনদ ও সন্মাননা প্রদান করা হয় এবং দুইজন কৃষক-কৃষাণী বক্তব্য পেশ করেন। প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া বলেন বাংলাদেশের খাদ্য নিরাপত্তায় বাকৃবির সকল শিক্ষক-কর্মকর্তা, ছাত্র-ছাত্রী এবং সর্বোপরি এদেশের প্রতিটি কৃষক-কৃষাণী অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছে। তিনি বলেন- জাতীয় পর্যায়ে দেশের কৃষকদের মর্যাদা অধিকতর গুরুত্বের সাথে তুলে ধরতে বাকৃবি প্রশাসন এখন থেকে প্রতিবছর কৃষকদিবস পালনের সিদ্ধান্ত নিয়েছে। উল্লেখ্য যে, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এখন থেকে প্রতিবছর জানুয়ারি মাসের শেষ বৃহস্পতিবার কৃষক দিবস পালনের সিদ্ধান্ত নিয়েছে।

# বিএসভিইআর এর ৩১তম বার্ষিক বৈজ্ঞানিক সম্মেলন




'বাংলাদেশ সোসাইটি ফর ভেটেরিনারি এডুকেশন অ্যান্ড রিসার্চ' (বিএসভিইআর)-এর আয়োজনে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) ৩১তম বার্ষিক বৈজ্ঞানিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। ১লা ফেব্রুয়ারি ২০২৫ শনিবার সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে দুই দিনব্যাপী ওই সম্মেলনের উদ্বোধন করা হয়। বিএসভিইআরের সভাপতি ও সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ আলিমুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাকৃবি উপাচার্য অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভেটেরিনারি অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ বাহানুর রহমান,প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক ড. মোঃ আবু সুফিয়ান, ফ্লেমিং ফান্ড কান্ট্রি গ্রান্ট টু বাংলাদেশের টিম লিডার অধ্যাপক ড. শাহ মনির হোসাইন এবং ইন্টার এগ্রো বিডির ব্যবস্থাপনা পরিচালক ড. এ কে এম খশরুজ্জামান। বিএসভিই আরের সাধারণ সম্পাদক অধ্যাপক ড. সুকুমার সাহা, ৩১তম বার্ষিক বৈজ্ঞানিক সম্মেলন আয়োজক কমিটির সভাপতি অধ্যাপক ড. মোঃ মোশাররফ উদ্দীন ভূঞা এবং সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোছা. মিনারা খাতুনসহ সম্মেলনে অংশগ্রহণকারী গবেষকগণ এসময় উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঘানায় নিযুক্ত জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) সিনিয়র অ্যানিমেল প্রোডাকশন অ্যান্ড হেলথ অফিসার অধ্যাপক ড. মোহাম্মদ শামছুদ্দিন। 'প্রাণীর স্বাস্থ্য ও খাদ্য নিরাপত্তার ওপর জলবায়ু পরিবর্তনের প্রভাব' প্রতিপাদ্যকে সামনে রেখে এবারের সম্মেলনে বাকৃবি ছাড়াও দেশের ১৩টি বিশ্ববিদ্যালয় ও ছয়টি প্রতিষ্ঠানসহ দেশি বিদেশি মোট ৫শ'র অধিক গবেষক, ভেটেরিনারিয়ান ও শিক্ষার্থী অংশগ্রহণ করেন। সম্মেলনের প্রথম দিন সেমিনার, প্লেনারি সেশনের পাশাপাশি সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত হয়। দ্বিতীয় দিন রবিবার (২ ফেব্রুয়ারি) ১২ টি টেকনিক্যাল সেশনে গবেষণামূলক ৯০টি মৌখিক এবং ১৬২টি পোস্টার উপস্থাপন করা হয়। এর মধ্য থেকে সেরা পোস্টার উপস্থাপনায় ছয়টি এবং সেরা মৌখিক উপস্থাপনায় ১২ টি পুরস্কার প্রদান করা হয়। এছাড়া বৈজ্ঞানিক সম্মেলনে প্রথিতযশা শিক্ষক ও ভেটেরিনারিয়ানদের হাতে সম্মাননা স্মারক তুলে দেন বাকৃবি উপাচার্য অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। ভেটেরিনারি পেশা ও গবেষণায় অসামান্য অবদানের জন্য বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) নয় জন প্রাক্তন শিক্ষকদের এ সম্মাননা প্রদান করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বাকৃবি উপাচার্য বলেন, গুণগত মানের দিকে নজর রেখে সবাইকে দায়িত্ব পালন করতে হবে। বিজ্ঞানের যে গবেষণালব্ধ জ্ঞান সরাসরি কৃষকের মাঠে প্রয়োগ করা যায়, সেগুলো যেন কেবল বইয়ের পাতায় বন্দী না থাকে। যত দ্রুত মাঠ পর্যায়ে খামারিদের কাছে পৌঁছে যাবে, তবেই গবেষণার সাফল্য অর্জিত হবে।

# BIMSTEC আয়োজিত কনফারেন্সে বাংলাদেশকে প্রতিনিধিত্ব করেছে বাকৃবি রোভার স্কাউট গ্রুপ সম্পাদক



বাংলাদেশ স্কাউটস থেকে ১৪ জনের একটি টিম ভারতের নয়াদিল্লিতে BIMSTEC আয়োজিত কনফারেন্সে বাংলাদেশকে প্রতিনিধিত্ব করেছে। BIMSTEC (Bay of Bengal Initiative for Multi-sectoral, Technical and Economic Cooperation) বাংলাদেশ টিমের টিম লিডার হিসেবে দায়িত্ব পালন করেছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ সম্পাদক ড. মোঃ জহিরুল আলম (এ.এল.টি) এবং কনফারেন্সে অংশগ্রহণ করেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের সিনিয়র মেটরোভার মোঃ মিলন হোসেন। BIMSTEC "Youth Led Action on Climate Change" SEWOCON এ বিষয়ে ২০-২৪ ফেব্রুয়ারি, ২০২৫খ্রি. পর্যন্ত নয়াদিল্লি, ভারতে অনুষ্ঠিত প্রোগ্রামে এশিয়ার ৭ (সাত) টি দেশ অংশগ্রহণ করে।

BIMSTEC একটি আঞ্চলিক সংস্থা, যা ১৯৯৭ সালে প্রতিষ্ঠিত হয়। এটি বঙ্গোপসাগর অঞ্চলের সাতটি দেশকে নিয়ে গঠিত একটি আন্তঃ সরকারি সহযোগিতা প্ল্যাটফর্ম। সদস্য দেশ সমূহ হচ্ছে বাংলাদেশ, ভারত, মিয়ানমার, শ্রীলঙ্কা, থাইল্যান্ড, নেপাল ও ভুটান।

# ১০ তলা বিশিষ্ট ছাত্র হলের নির্মাণ কাজের ভিত্তি প্রস্থর স্থাপন



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন প্রকল্পের আওতায় ছাত্রদের আবাসন সংকট নিরসনে শহীদ জামাল হোসেন হলের স্থানে ১২০০ ছাত্রের আবাসন সুবিধা এবং অন্যান্য আধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন একটি নতুন ১০তলা ভবন নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন হয়েছে। বুধবার ১২ ফেব্রুয়ারী,২০২৫ দুপুর ১২.০০টায় "শহীদ জামাল হোসেন" নামের ছাত্র হলটির পুণঃনির্মাণ কাজের ভিত্তি প্রস্থর স্থাপন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। তিনি পরে উক্ত হল এলাকার বিভিন্ন স্থান পরিদর্শন করেছেন । এসময়ে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন কৃষি অনুষদীয় ডিন প্রফেসর ড. জি.এম মুজিবর রহমান, ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সরদার , বাউরেস পরিচালক প্রফেসর ড. মোঃ হাম্মাদুর রহমান, রেজিস্ট্রার কৃষিবিদ ড. মোঃ হেলাল উদ্দীন, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. জোয়ার্দ্দার ফারুক আহমেদ, পরিকল্পনা ও উন্নয়ন শাখার পরিচালক প্রফেসর ড. মোঃ মোশাররফ উদ্দীন ভূঞা, প্রক্টর প্রফেসর ড. মোঃ আবদুল আলীম, ট্রেজারার প্রফেসর ড. হুমায়ুন কবির, আইসিটি সেল পরিচালক প্রফেসর ড. মোঃ রোস্তম আলী, জামাল হোসেন হলের প্রভোস্ট প্রফেসর ড. মোহাম্মদ শাহজাহান মঞ্জিল, পরিচালক পরিবহন প্রফেসর ড. মোহাম্মদ গোলজারুল আজিজ, প্রফেসর ড. মোঃ মোজাম্মেল হক, প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত) মোহাম্মদ আতিকুর রহমান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মুহঃ এনামুল হকসহ অন্যান্য আমন্ত্রিত শিক্ষক-কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দ।

উল্লেখ্য যে, ১৭১৮০ বর্গমিটার আয়তনের এই ভবনটির জন্যে প্রাক্কলিত ৮৬ কোটি ৯৪ লক্ষ টাকার বিপরীতে ৭৮ কোটি ২৪ লক্ষ ৬০ হাজার ৬৭৭টাকায় কার্যাদেশকৃত এই নির্মাণ কাজের ঠিকাদারি প্রতিষ্ঠান নুরানী কনস্ট্রাকশন লিমিটেড, ঢাকা এবং নির্মাণ কাজ বাস্তবায়নে প্রকৌশল শাখা, বাকৃবি, ময়মনসিংহ।

# কৃষি প্রকৌশলীদের আন্তর্জাতিক সম্মেলন উদ্বোধন



আধুনিক কৃষি প্রযুক্তির সঠিক প্রয়োগের মাধ্যমে কৃষির টেকসই উন্নয়ন এবং লাভজনক কৃষি নিশ্চিতকরণের লক্ষ্যে দেশে প্রথমবারের মতো কৃষি প্রকৌশলীদের অংশগ্রহণের মাধ্যমে 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অন এগ্রিকালচারাল মেশিনারি এ্যান্ড বায়োরিসোর্স ইঞ্জিনিয়ারিং' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সৈয়দ নজরুল ইসলাম কনফারেন্স হলে ১২ ফেব্রুয়ারী ২০২৫, বুধবার সকাল ৯.০০টায় দুইদিন ব্যাপী এই সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান এবং প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন বাকৃবির ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। বাংলাদেশ সোসাইটি অব এগ্রিকালচারাল মেশিনারি এন্ড বায়োরিসোর্স ইঞ্জিনিয়ারিং এবং বাকৃবির ফার্ম পাওয়ায় এন্ড মেশিনারি বিভাগের যৌথ উদ্যোগে অনুষ্ঠিত সম্মেলনে সভাপতিত্ব করেন সম্মেলন প্রস্তুতি কমিটির আহবায়ক প্রফেসর ড. মোঃ আব্দুল আওয়াল এবং গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন এফএও বাংলাদেশ প্রতিনিধি ড. জিয়াওকুন শি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর নির্বাহী চেয়ারম্যান ড. নাজনীন কাদির করিম, বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউট এর মহাপরিচালক ড. মোঃ আবদুল্লাহ ইউসুফ আকন্দ, এসিআই মটরস লিমিটেডের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর সুব্রত রঞ্জন দাস। এছাড়াও আরো উপস্থিত ছিলেন কৃষিসম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইন্সটিটিউট এর মহাপরিচালকসহ অন্যান্য আমন্ত্রিত দেশি-বিদেশি বিজ্ঞানী, শিক্ষক-কর্মকর্তাবৃন্দ, ছাত্র-ছাত্রীবৃন্দ, কৃষকবৃন্দ এবং ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ। সম্মেলনে স্বাগত বক্তব্য রাখেন আইসিএএমবিই-২০২৫ এর সদস্য সচিব প্রফেসর ড. মোহাম্মদ আশিক-ই-রব্বানী। প্রধান পৃষ্ঠপোষকের বক্তব্যে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া ১৯৫২ সন থেকে ২০২৪ সন পর্যন্ত যারা দেশের জন্য, সমাজে সত্য এবং ন্যায় প্রতিষ্ঠার জন্য জীবন উৎসর্গ করেছেন তাদের প্রতি গভীর শ্রদ্ধা এবং কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি চতুর্থ কৃষিবিপ্লব বাস্তবায়নের লক্ষ্যে কৃষি যান্ত্রিকীকরণের উপর জোর দেন এবং বাংলাদেশের কৃষকদের আর্থিক অবস্থা বিবেচনায় নিয়ে কৃষি যান্ত্রিকীকরণের উচ্চমুল্য সহনীয় পর্যায়ে

নামিয়ে আনতে বিএডিসি'র সমবায় সমিতির ন্যায় কার্যক্রমের মাধ্যমে বাস্তবায়নের পরামর্শ দেন। প্রধান অতিথির বক্তব্যে কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান বলেন আমাদের ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবিলায় কৃষি যান্ত্রিকীকরণের কোন বিকল্প নাই। তিনি এধরণের সম্মেলন আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন কৃষি মন্ত্রণালয় ইতিমধ্যেই এ বিষয়ে উল্লেখযোগ্য কিছু ব্যাবস্থা নিয়েছে এবং তিনি আশা প্রকাশ করেন ভবিষ্যতে বাংলাদেশ চতুর্থ কৃষি বিপ্লব অর্জনের লক্ষ্যে সরকার কৃষি যান্ত্রিকীকরণে অধিকতর মনোনিবেশ করবে। এর আগে সকালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান এবং ভাইস-চ্যান্সলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূইয়া ক্যাম্পাসে দুই দিনব্যাপী কৃষি যন্ত্রপাতি ও কৃষি প্রযুক্তি মেলার শুভ উদ্বোধন করেন এবং বিভিন্ন স্টল পরিদর্শন করেন ।

## পশুপালন অনুষদে গুণীজন সংবর্ধনা অনুষ্ঠিত




বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের পশু পালন অনুষদের আয়োজনে ৯ ফেব্রুয়ারি ২০২৫ সোমবার দুপুর ১২.০০টায় অনুষদীয় কনফারেন্স হলে একই অনুষদের তিনজন কীর্তিমান গ্রাজুয়েটকে সংবর্ধনা দেয়া হয়েছে। সংবর্ধিত গুণী ব্যক্তিবর্গ হলেন বাকৃবি'র ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া, ইউজিসি সদস্য প্রফেসর ড. মাছুমা হাবিব এবং বাংলাদেশ প্রাণী সম্পদ গবেষণা ইন্সটিটিউট এর মহাপরিচালক ড. শাকিলা ফারুক। পশুপালন অনুষদের ডিন ড. মোঃ রুহুল আমিনের সভাপতিত্বে এবং পোল্ট্রি বিজ্ঞান বিভাগের প্রধান প্রফেসর ড. বাপন দে'র সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন ডেয়ারি বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ সোহেল রানা সিদ্দিকী। তিনি খ্যাতিসম্পন্ন গুনী ব্যাক্তিবর্গের শিক্ষা এবং কর্মজীবনের উপর সংক্ষিপ্ত বিবরণী উপস্থাপনা করেন। বিশেষত ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া'র শিক্ষা জীবনের ঈর্ষণীয় রেজাল্ট, শিক্ষকতা জীবনের অসাধারণ সুনাম এবং গবেষণা কার্যক্রমে ব্যাপক সফলতা ও অর্জন মাল্টিমিডিয়ার মাধ্যমে উপস্থাপন করেন। পরবর্তীতে পশুপালন অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ রুহুল আমিন বাকৃবি ভাইস-চ্যান্সেলর এবং মহাপরিচালক বি.এল.আর. আই কে ফুলেল শুভেচ্ছা ও ক্রেস্ট প্রদান করেন। প্রফেসর ড. মাছুমা হাবিবের পক্ষে ফুল ও ক্রেস্ট গ্রহণ করেন একই অনুষদের শিক্ষক প্রফেসর ড. মোঃ শওকত আলী। পশু পালন অনুষদের বিভিন্ন বিভাগের পক্ষে প্রফেসর ড. মোঃ সামছুল আলম ভুইয়া, প্রফেসর ড. মোঃ রকিবুল ইসলাম খান, প্রফেসর ড. খান মোহাম্মদ সাইফুল ইসলাম, প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশীদ এবং প্রফেসর ড. মোঃ শওকত আলী এই তিন গুনীজনের শিক্ষা এবং কর্মজীবনের স্মৃতিচারণমূলক আলোচনা করেন এবং তাদের নিকট থেকে ভবিষ্যতে অধিকতর সহযোগীতা প্রত্যাশা করেন। পরবর্তীতে বাংলাদেশ এনিমেল হাজবেন্ড্রি এসোসিয়েশন এর সভাপতি প্রফেসর ড. মোঃ আবুল হাশেম, ইউজিসি প্রফেসর ড. সচ্চিদানন্দ দাশ চৌধুরী এবং ড.শাকিলা ফারুক বক্তব্য রাখেন। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া তার বক্তব্যে উপস্থিত সকলকে পেশাগত জীবন গঠনে অন্যের মুখাপেক্ষী না হয়ে স্বপ্রণোদিতভাবে নিজ নিজ কাজে নিষ্ঠার সঙ্গে মনোনিবেশের মাধ্যমে অনুষদের এবং বিশ্বাবিদ্যালয় তথা দেশের উন্নয়ন ও সমৃদ্ধির লক্ষ্যে এগিয়ে যাওয়ার আহবান জানান। তিনি ভবিষ্যতে বি.এল.আর.আই ও ইউজিসি থেকে সহযোগীতার আশাবাদ ব্যক্ত করেন।

## বাকৃবি ভিসির সাথে মালদ্বীপের হাইকমিশনারের সৌজন্য সাক্ষাৎ



বাংলাদেশে নিযুক্ত মালদ্বীপের হাইকমিশনার শেনিন রশীদ এর নেতৃত্বে তিন সদস্যের একটি প্রতিনিধি দল গত বুধবার (০৫/২/২৫ তারিখ) সকাল ১১.৩০ টায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়ার সাথে ভিসি সচিবালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন। ডেপুটি হাইকমিশনার আলি শাহ বাকৃবি ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক, সহকারী প্রক্টর প্রফেসর ড. কাজী ফরহাদ কাদির, মৎস্য খামারের ইন-চার্জ প্রফেসর ড. মোহাম্মদ মতিউর রহমান এসময় উপস্থিত ছিলেন। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া মালদ্বীপের হাইকমিশনারকে, বাকৃবিতে সাদর সম্ভাষণ জানান। হাই কমিশনার শেন রশীদ বাকৃবির একাডেমিক এবং গবেষণা কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন । তিনি বাকৃবিতে তার দেশের ছাত্র-ছাত্রীদের ভর্তির বিষয়ে আগ্রহ দেখান এবং শিক্ষা ও গবেষণা কার্যক্রম যৌথ ভাবে পরিচালনায় দুইদেশের ভবিষ্যৎ সম্ভাবনার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

উল্লেখ্য যে, উক্ত সংবর্ধনা অনুষ্ঠানে পশুপালন অনুষদের ৫ বিভাগের শিক্ষক-শিক্ষিকা কর্মকর্তা কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

## কৃষিকন্যা হল উদ্বোধন



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহে ছাত্রীদের চলমান আবাসন সংকট নিরসনে একটি নতুন ছাত্রী হল নির্মাণ সম্পন্ন হয়েছে। বুধবার ০৫ ফেব্রুয়ারী, ২০২৫ দুপুর ১২.০০টায় 'কৃষিকন্যা হল' নামের ছাত্রী হলটির শুভ উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। তিনি একই সাথে উক্ত হলের ৫তলা ছাত্রী ভবনের সম্প্রসারণ কাজেরও উদ্বোধন করেন। পরে তিনি উক্ত হল এলাকার বিভিন্ন স্থান পরিদর্শন করেছেন। এসময়ে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন কৃষি অনুষদীয় ডিন প্রফেসর ড. জি.এম মুজিবর রহমান, ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক, কো-অর্ডিনেটর প্রফেসর ড. মোঃ সামছুল আলম, শিক্ষক সমিতির সভাপতি এবং সাধারণ সম্পাদক প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সরদার এবং প্রফেসর ড. মোঃ আসাদুজ্জামান সরকার, বাউরেস পরিচালক প্রফেসর ড. মোঃ হাম্মাদুর রহমান, রেজিস্ট্রার কৃষিবিদ ড. মোঃ হেলাল উদ্দীন, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. জোয়ার্দ্দার ফারুক আহমেদ, ট্রেজারার প্রফেসর ড. হুমায়ুন কবির, প্রফেসর ড. মোঃ মোজাম্মেল হক, কৃষিকন্যা হলের প্রভোস্ট প্রফেসর ড. আনিসুজ্জামান, সোনালী দলের সভাপতি প্রফেসর ড.আলী রেজা ফারুক, সাধারণ সম্পাদক প্রফেসর ড.আহমদ খায়রুল হাসান, প্রধান প্রকৌশলী মোহাম্মদ আতিকুর রহমান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মুহাঃ এনামুল হক সহ অন্যান্য আমন্ত্রিত শিক্ষক-কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্রীবৃন্দ।

উল্লেখ্য, দশ কোটি অস্টাশি লক্ষ টাকার কার্যাদেশকৃত এই নির্মাণ কাজের ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স মাল্টিপ্লেক্স এন্টারপ্রাইজ-মেসার্স এস আলম কন্স্ট্রাকশন এবং এর তত্ত্বাবধানে রয়েছেন বাকৃবির অতিরিক্ত প্রধান প্রকৌশলী মুহাঃ এনামুল হক।

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্নাতক ২০২৪-২০২৫ শিক্ষা বর্ষের ভর্তি পরীক্ষা সম্পন্ন



ঢাকা বিশ্ববিদ্যালয় আন্ডার গ্র্যাজুয়েট প্রোগ্রামের আওতায় স্নাতক ২০২৪-২৫ শিক্ষাবর্ষের 'ব্যবসায় শিক্ষা' ইউনিটের ময়মনসিংহ কেন্দ্রের ভর্তি পরীক্ষা বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শনিবার(০৮/০২/২৫) সকাল ১১.০০ থেকে দুপুর ১২.০০টা পর্যন্ত সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। এবছর অত্র বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদ এবং পশুপালন অনুষদের আওতাধীন ৩ টি অঞ্চলে মোট ২২টি কক্ষে সর্বমোট ১২৯৬ জন পরীক্ষার্থীর আসন ব্যবস্থাপনার বিপরীতে ১১৪৬ জন পরীক্ষার্থী উপস্থিত ছিলেন, উপস্থিতির হার ৮৮.৪২%।

ভর্তি পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রের বিভিন্ন কক্ষ পরিদর্শন করেছেন বাকৃবির ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া। এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোঃ শহীদুল হক , রেজিস্ট্রার কৃষিবিদ ড. মোঃ হেলাল উদ্দীন, প্রক্টর প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, নিরাপত্তা কাউন্সিল পরিচালক প্রফেসর ড. মোঃ আরিফুল ইসলাম, সহযোগী ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল্লাহ, জনসংযোগ ও প্রকাশনা দফতরের পরিচালক মোহাম্মদ তৌফিকুল ইসলাম, প্রক্টরিয়াল বডির সদস্যবৃন্দসহ প্রশাসনিক বিভিন্ন দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তিবর্গ, আইনশৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্যবৃন্দ এবং গণমাধ্যমের প্রতিনিধিগণ। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ কে ফজলুল হক ভূঁইয়া সুষ্ঠ ও শান্তিপূর্ণভাবে ভর্তি পরীক্ষা সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

উল্লেখ্য যে, এবার বাকৃবি কেন্দ্রের ভর্তি পরীক্ষা অত্যন্ত সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে এবং পরীক্ষার্থীর উপস্থিতি প্রায় ৮৯ ভাগ। এখানে সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করছেন ডিন কাউন্সিলের আহবায়ক প্রফেসর ড. মোঃ জয়নাল আবেদীন ডিন, কৃষি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ বাকৃবি এবং ইউনিট সমন্বয়কারী হিসেবে ছিলেন প্রফেসর ড. মোঃ তাজ উদ্দীন, ডিন, কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদ, বাকৃবি। বাংলাদেশের মোট ৮ টি বিভাগে একযোগে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

# A Discussion Meeting with Foreign Students was held at BAU




A Discussion Meeting with Foreign Students, organised by Bangladesh Agricultural University (BAU) administration was held at the Syed Nazrul Islam Conference Hall of Bangladesh Agricultural University (BAU) in Mymensingh on Thursday at 7:00 P.M. (03 October 2024). Professor Dr. A. K. Fazlul Haque Bhuiyan, Vice-Chancellor, Bangladesh Agricultural University was present as the Chief Guest. Convenor Dean Council Professor Dr. K. M. Mostafizur Rahman; Dean, Faculty of Veterinary Science Professor Dr. Abdul Awal; Dean, Faculty of Agriculture Professor Md. Golam Rabbani; Student Affairs Adviser Professor Dr. Md. Shahidul Haque and Convener, Provost's Council Professor Dr. Md. Ruhul Amin were present as Special Guests. Senior Professor Dr.Md.Bahanur Rahman was also spoke on the occasion. Director of the International Desk, Bangladesh Agricultural University Professor Dr. Md. Shahidul Islam was chaired the program.

During the programme, the administration engaged in discussions with students from various countries, addressing their problems and potential solutions, aiming to foster a stronger mutual relationship.

At the event, two outstanding international students were awarded.

The faculty members, foreign students, administrative officers were present at the discussion meeting.

# Experts for public-private partnership for sustainable agriculture

Experts at a knowledge-sharing and dissemination event today stressed the need for government actions, support from private sectors and other agencies to ensure a sustainable agriculture in the country.

USAID's Strengthening Household Ability to Respond to




Development Opportunities (SHOUHARDO) III Plus Activity of CARE Bangladesh and Bangladesh Agricultural University (BAU) jointly organized the event titled 'Strengthening Agricultural Pathways: Agriculture Support System within SHOUHARDO III Plus' on BAU campus in Mymensingh, said a press release here.

Acting-Chief of Party of SHOUHARDO III Plus Abdul Mannan Mazumder inaugurated the programme while Professor of BAU Animal Science Department and Director of Haor and Char Development Institute Dr Md Abul Kalam Azad and Professor of Agronomy Department Dr Romij Uddin, and Deputy Director of Department of Agricultural Extension (DAE), Kishoreganj, Abul Kalam Azad spoke at the function, among others.

Head of BAU's Department of Agricultural Extension Education Associate Professor Dr Most Zannatun Nahar Mukta chaired the event while Acting-Senior Team Leader of CARE Bangladesh Dr. Faisal Kabir presented the keynote paper.

Dr Faisal Kabir in his keynote paper stressed the need for collaboration among the government and private sectors and programme-oriented Local Service Providers (LSPs) to enhance the Deep Haor and Remote Char areas' agricultural support systems as well as their productivity and access to markets.

He suggested that LSPs' recognition, public-private partnerships, and female LSP empowerment can sustain the agriculture.

Abul Kalam Azad, the deputy director of DAE Kishoreganj, said joint projects can be taken with the Department of Agriculture Extension for emergency disaster response, especially during flashflood in the haor regions.

A wide array of participants, including Agricultural University Academia, graduate students, high officials from the Department of Agricultural Extension and CARE Bangladesh officials, attended the event.

# UGC and BAU to work together for agro dev and research



The University Grants Commission (UGC) and Bangladesh Agricultural University (BAU) will jointly work on a project aimed at enhancing research and development in agriculture and food technology, climate management and strengthening higher education in agricultural fields.

The project, titled Strengthening Agricultural Tertiary Education Project (SATEP), is financed by the Asian Development Bank (ADB) and the Economic Development Cooperation Fund (EDCF) of the Export-Import Bank of Korea (KEXIM).

As part of this initiative, a memorandum of understanding (MoU) was signed between the BAU and several agricultural and industrial organizations.

Mohammad Toufiqul Islam, acting director of BAU Public Relations and Publications office, confirmed it on Sunday.

BAU Vice Chancellor Prof Dr. AK Fazlul Haque Bhuiyan attended the signing ceremony, as the chief guest.

Separate agreements were inked among the Bangladesh Agro-Processors' Association (BAPA), the Bangladesh Shrimp and Fish Foundation (BSFF) and Ispahani Agro Limited (IAL) at the event.

VC Fazlul Haque highlighted that over the past 63 years, the dedicated faculty and researchers at BAU have consistently shared knowledge with students, leading to significant advancements in the countrys agriculture.

He said that this project will play a crucial role in developing human resources and conducting modern agricultural research, thus contributing to Bangladesh food security.

The project will establish modern laboratories that will benefit nine public universities and relevant private institutions involved in agricultural research, the VC said.

He emphasized the need to align with global agricultural advancements, particularly in mechanization and technology, as the government strives to integrate these aspects into the agricultural sector in line with the fourth industrial revolution.

The meeting also featured key participants such as Ryotaro Hayashi, Senior Social Sector Economist at ADB and various representatives from BAU, agricultural associations and industries.

Notably, the project aims to create the "Bangladesh Instrumentation Center for Climate Change and Agricultural Research," which will focus on developing relevant curricula and providing necessary training for enhancing professional skills, while fostering connections among educators, students, farmers, and related industries.

# Professor Dr. Peter J. Matthews met BAU VC



Professor Dr. A. K. Fazlul Haque Bhuiyan, Vice-Chancellor of Bangladesh Agricultural University, met Professor Dr. Peter J. Matthews, Prehistory & Ethnobotany Division of the National Museum of Ethnology, Osaka, Japan on Sunday (10 November 2024) at the Vice-Chancellor’s Office of BAU in Mymensingh.

The Vice-Chancellor of BAU thanked the Professor Dr. Peter J. Matthews for visiting Bangladesh Agricultural University, Mymensingh .

Both the bodies exchanged warm greetings at the inception and discussed various matters on professional interests. Participants agreed to extend mutual collaboration for the development of the variety of Colocasia and its multipurpose utilization in Bangladesh. Professor Dr. Mohammad Anwar Hossain, Department of Genetics and Plant Breeding of the BAU was also present in the meeting.

# Professor Dr. Richard Bell & BAU research team Met BAU VC



Professor Dr. Richard Bell of Murdoc University, Australia and his collaborating BAU research team met Vice-Chancellor of Bangladesh Agricultural University, Mymensingh Professor Dr. A. K. Fazlul Haque Bhuiyan, on Thursday (12 November 2024) at the Vice-Chancellors office of BAU in Mymensingh. The Vice-Chancellor of BAU thanked Professor Dr. Richard Bell for visiting Bangladesh Agricultural University. Both the bodies discussed various issues on academic and research interests. In the meeting, Prof. Bhuiyan stressed the need for strengthening the existing bonds of cooperation between the BAU and Murdoc University. Professor Dr. M Hammadur Rahman, Director BAURES was also present in the meeting. Professor Dr. M. Mofizur Rahman Jahangir (PI- Soil Science), Professor Dr. Hasneen Jahan (PI- Agricultural Economics), Professor Dr. Md. Abdul Mojid, Prof. of Irrigation & Water Management (Co-PI), Professor Dr. Wakilur Rahman, Prof. of Rural Sociology (Co-PI), Professor Dr. Sabina Yeasmin, Prof. of Agronomy (Co-PI) and Professor Dr. Mahmuda Nasrin, Assoc. Prof. of Agricultural Economics (Co-PI) of BAU Research Team, also joined at the meeting. Murdoc University (MU) team Recognizes BAU as one of the most productive research collaborators of MU and they acknowledge the generous support of BAU for the research collaboration during the last decade. MU expresses their interests to continue their collaboration on agricultural research with BAU as a long-term research partnership. The Vice-Chancellor of BAU Professor Dr. A. K. Fazlul Haque Bhuiyan assured the guests that the BAU has been always generous and open to extend it supports for collaborative research with MU. He added that BAU will provide all kinds of support in any further endeavors. However, he stressed that the research should be farmers oriented so that they can directly benefit from such collaborations.

Murdock University and BAU has been working on the adoption of conservation agriculture (CA) practices in Bangladesh since 2011. The CA has appeared as a proven technology to mitigate climate change, reduce greenhouse gas emissions, reduce agricultural inputs (fuel, fertilizer and water), increase farmers profit and improve soil health & fertility.

# BAU VC pays courtesy call on UGC Chairman



Professor Dr. A. K. Fazlul Haque Bhuiyan, Vice-Chancellor of Bangladesh Agricultural University, Mymensingh today paid a courtesy visit to University Grants Commission (UGC) Chairman Professor Dr. SMA Faiz at 4.00 pm (14 November 2024) at UGC in Dhaka. During the meeting, both congratulated each other and also discussed future areas of cooperation, including academic, research and development issues of the University.

# AHFB hold AGM and Seminar in Dhaka




The annual general meeting (AGM) and scientific seminar of the Association of Humboldt Fellows Bangladesh (AHFB) was held on Saturday (16th November 2024 ) at the Centre for Advanced Research in Sciences (CARS) in the University of Dhaka . His Excellency Mr. Achim Tröster, Hon'ble Ambassador, Federal Republic of Germany in Bangladesh was present as the Chief Guest and Prof. Dr. A.K. Fazlul Haque Bhuiyan, Vice Chancellor, Bangladesh Agricultural University, Mymensingh; Prof. Dr. A.B.M Obaidul Islam,

Vice Chancellor, Bangladesh Open University; Prof. Dr. A.M. Sarwaruddin Chowdhury, Vice Chancellor, Shahjalal University of Science & Technology, Sylhet;

Professor Dr. Mamun Ahmed Pro Vice-Chancellor University of Dhaka were present as the Special Guests. Prof. Dr. Md. Samsul Alam General Secretary, AHFB was spoke on the seminar.

BAU VC pays courtesy call on UGC Chairman

Professor Dr. A. K. Fazlul Haque Bhuiyan, Vice-Chancellor of Bangladesh Agricultural University, Mymensingh today paid a courtesy visit to University Grants Commission (UGC) Chairman Professor Dr. SMA Faiz at 4.00 pm (14 November 2024) at UGC in Dhaka. During the meeting, both congratulated each other and also discussed future areas of cooperation, including academic, research and development issues of the University.

## JICA Team Meets BAU VC



Dr. Takehiro Kamiya, Chief JICA Advisor, Safe and Nutritious Rice (SANRICE) Project & Associate Professor, Lab. of Plant Nutrition and Fertilizers, The University of Tokyo, Japan and JICA team pays a courtesy call on the Vice-Chancellor of Bangladesh Agricultural University, Mymensingh Professor Dr. A. K. Fazlul Haque Bhuiyan, on Sunday (24 November 2024) at the Vice-Chancellors office of BAU in Mymensingh.

Mr. Ken Nakamura, Senior Scientist, National Agriculture and Food Research Organization (NAROO), Tsukuba, Japan and JICA Expert, SANRICE Projec; Dr. Kaori Matsuoka, Post-Doctoral Fellow, SANRICE Project, NARO, Tsukuba, Japan; Mr. Goro Nishimoto Coordinator, SANRICE Project, JICA, Bangladesh; Deputy Project Director, SANRICE Project & Professor, Dept. of Soil Science BAU, Mymensingh Dr. Mahmud Hossain Sumon and Project Director, SANRICE Project & Professor, Dept. of Soil Science BAU, Mymensingh Dr. Md. Rafiqul Islam, were also present at the meeting.

The BAU VC briefed the JICA team about the academic and research activities conducted by the university. He added BAU will provide all kinds of support in any further endeavors. In the meeting, they discussed on the implementation of the JICA funded Science and Technology Research Partnership for Sustainable Development (SATTEPS) project entitled Development of Breeding and Water Management Technologies for Safe and Nutritious Rice ProductionÓ in the Dept. of Soil Science, BAU.

## CUVAS VC Met BAU VC



Prof. Dr. M. Sajjad Khan Vice Chancellor of Cholistan University of Veterinary and Animal Sciences (CUVAS), BAHAWALPUR, Pakistan and BRAC Animal Breeding research team met Vice-Chancellor of Bangladesh Agricultural University, Mymensingh Professor Dr. A K Fazlul Haque Bhuiyan, on thursday (13 February 2025) at the Vice-Chancellor’s office of BAU in Mymensingh. General Manager of Artificial Insemination of BRAC Artificial Insemination Enterprise Farukul Islam PhD, AGM of Breed Development & Bull Station BRAC Artificial Insemination Enterpise Dr. Mohammad Abdul Latif and Mohammad Aftab Ahmad Khan were also present at the meeting. The animal breeding scientists team Recognize BAU as the most productive research collaborator and they acknowledged the generous support of BAU in last decades. BRAC Artificial Insemination Enterprise section expresses their interests to continue their efforts on animal breeding research with BAU as long-term research friendship.


সম্পাদনা পরিষদ

সভাপতি ■ জনাব মোহাম্মদ তৌফিকুল ইসলাম
পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দফতর

সদস্য ■ জনাব মোঃ মোখলেছুর রহমান খান
উপ-পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা দফতর

■ জনাব মাহমুদুর রহমান খান
সিনিয়র সহকারী রেজিস্ট্রার, জনসংযোগ ও প্রকাশনা দফতর

ফটোগ্রাফি ■ মোহাম্মদ আলমগীর
সিনিয়র সহকারী ফটোগ্রাফার, জনসংযোগ ও প্রকাশনা দফতর

জনসংযোগ ও প্রকাশনা দফতর
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ ২২০২
ফোন: +৮৮০২৯৯৬৬ ৬৭৪০১-৬, +৮৮০২৯৯৬৬ ৬৬০১৬-৮
ফ্যাক্স: +৮৮০২৯৯৬৬-৬১৫১০, ই-মেইল: director.prp@bau.edu.bd
ওয়েব : www.bau.edu.bd

মুদ্রণে: ফুলকুঁড়ি প্রিন্টিং প্রেস, ময়মনসিংহ # ০১৭২০-৩৪২৬৫৬